التمرين الكتابي

على الطريق إلى العربية

মাওলানা আবু তাহের মিছবাহ

শিক্ষক, আরবী ভাষা ও সাহিত্য

মাদরাসাতুল মাদীনাহ

প্রকাশনায়

দারুল কলম

আশ্‌রাফাবাদ (কুমিল্লাপাড়া), কামরাঙ্গীরচর, ঢাকা-১২১১

ফোন ঃ ৭৩২ ০২২০

التمرين الكتابي على الطريق إلى العربية

মাওলানা আবু তাহের মিছবাহ
শিক্ষক, আরবী ভাষা ও সাহিত্য
মাদরাসাতুল মাদীনাহ

প্রকাশক–
দারুল কলম
আশ্রাফাবাদ (কুমিল্লাপাড়া), কামরাঙ্গীরচর, ঢাকা-১২১১
ফোন : ৭৩২ ০২২০

প্রথম প্রকাশ–
শাওয়াল, ১৪১৬ হিজরী
ফেব্রুয়ারী ১৯৯৪ খৃষ্টাব্দ

কম্পিউটার কম্পোজ–
দারুল কলম কম্পিউটার
আশ্রাফাবাদ, লালবাগ, ঢাকা ১২১১
ফোন : ৭৩২ ০২২০

হাদিয়া : ৭০/০০ টাকা মাত্র

بسم الله الرحمن الرحيم

অষ্টম দিবস থেকে বিশতম দিবস পর্যন্ত

তামরীন — ১

(ক) বাংলায় বলো–

(١) اللّٰه رَحيم - القُرآن كِتابٌ - هذا المسجِد جَميل - رَاشِد رَجُل شَريف - هو مُعَلم مَشْهور - هذه مَدرسَة جَديدة - المدرسَةُ مَشهورة - هذا الوَلد تِلْميذ مُجتَهِد و تلك البِنتُ تِلميذَة مجتَهدة .

(٢) هذا الرجُل ماجِد وَ تلك المرأة خَديجَة - ماجِدٌ فَلّاح فَقير و خديجَةُ فَلاحة فَقيرة - يا خَديجة ! هل أنت امرأة فَقيرة ؟ نَعم .. أنا امرأة فَقيرة - هل هذه النافِذَة مَفْتوحة ؟ لا .. هي مُغلقة .

(٣) هل خالِد تِلميذٌ ؟ لا .. بَل هو مُعَلم - هو معلم ماهِر - مَنْ هذه المرأةَ ؟ هي عائِشة - هي امرأة شَريفة - كيفَ القَلم ؟ هو جَميل - كيفَ الساعَة ؟ هي جَميلة .

প্রশ্ন ঃ هذا المسجِدُ جميل এখানে هذا বাদ দিয়ে বাক্যটি বলো।

هو مُعلم مشهور এখানে هو এর পরিবর্তে নাম ব্যবহার করে বাক্যটি বলো।

هي عائشة এখানে هي এর পরিবর্তে শব্দ ব্যবহার করো।

هو جميل এবং هي جميلة এখানে যামীরের পরিবর্তে মূল শব্দ ব্যবহার করো।

(খ) ৩ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) খালেদ কে ? তিনি শিক্ষক। তিনি দক্ষ শিক্ষক। এই লোকটি কি বড় ব্যবসায়ী ? না, সে ছোট ব্যবসায়ী। হে বশির! তুমি কি ছাত্র ? হাঁ, আমি ছাত্র। আমি মেধাবী ছাত্র।

(২) হে ছেলে! এটি কি ভালো কলম ? হাঁ, এটি ভালো কলম। এই দরজাটি কি প্রশস্ত ? না, এই দরজাটি সংকীর্ণ। হে সাঈদ! তুমি কি দুর্বল লোক ? না, বরং আমি শক্তিশালী লোক।

(৩) এটি প্রশস্ত কামরা। এটি নতুন জামা এবং সেটি পরিচ্ছন্ন টুপি। জামাটি সুন্দর এবং টুপিটি পরিচ্ছন্ন। এটি তালা আর সেটি চাবি। তালাটি বড় আর চাবিটি ছোট।

(ঘ) ৩ এর বাক্যগুলো আরবীতে লেখো।

তামরীন – ২

(ক) বাংলায় বলো–

(١) هذه المرأة أُمِّي وَ أنا بِنتها - اِسمُها صالِحَةٌ - هذا عِقْد جَميل هذا عِقدي - عِقدي جَميل - ذلك الرجُل أَبِي وَ أنا بِنتُه اسْمه مَسْعود - أبي عالِم كبير - هذه غُرفَة - بابُها مَفتوح ·

(٢) أيها المعَلم ! أنت رجُل شريف - أنتَ معَلمي وَ أنا تلميذك هذه قلنسوتكَ و تلك عِمامَتك أيتُها المعَلمة ! مَن تِلميذَتك ؟ فرحانة تِلميذتي - كيفَ تلميذتكِ ؟ هي بِنت مُؤدَبة .

(٣) يا رجُل ! هل أنت تاجِر غَنِي ؟ نَعم .. أنا تَاجر غنِيٌّ كيفَ هذا اللِّباس ؟ هو جَديد و نَظيف - يا فَرحانة ! هل مِنديلك جميل - نَعم .. منديلي جَميل ·

(খ) هي بنت مؤدبة এখানে هي এর পরিবর্তে মূল শব্দ বসাও।

هو جديد و نظيف এখানে هو এর পরিবর্তে মূল শব্দ বসাও।
نعم.. منديلي جميل এখানে منديلي এর পরিবর্তে যামীর বসাও।

(খ) ৩ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) (ফাতেমা প্রশ্ন করছে) হে যায়নাব! তোমার শিক্ষিকা কে এবং তিনি কেমন ? তোমার খালা আমার শিক্ষিকা। তিনি বড় আলিমা। তিনি প্রসিদ্ধ শিক্ষিকা। হে খালেদ! তুমি কি ছোট ছেলে? এটা কি তোমার ব্যাগ ?

(২) হে ফাতেমা! এবং হে আমেনা! এবং হে আয়েশা! এই ঘরটি কি তোমাদের ঘর ? হ্যাঁ, এই ঘরটি আমাদের ঘর। তোমাদের ঘরটি কেমন ? আমাদের ঘরটি ছোট ও সুন্দর।

(৩) হে রাশেদ! আমার আম্মা তোমার খালা এবং তোমার আম্মা আমার খালা। এই মাদরাসাটি কি প্রাচীন ? হ্যাঁ, তা প্রাচীন। তার শিক্ষক কি প্রসিদ্ধ আলিম ? হ্যাঁ, তিনি প্রসিদ্ধ আলিম।

(ঘ) ৩ এর বাক্যগুলো আরবীতে লেখো।

তামরীন – ৩

(ক) বাংলায় বলো–

(١) أنت مُعَلم جَيد - كِتابك جديد - هذا الولَد تِلميذكَ تِلميذك وَلد مُجتهد - هذه غُرفَتك - هذه الغُرفة غرفتُكَ .

(٢) يا راشِد ! هل هذه نَظارتُك - هل نَظارتك جَمِيلَة - كَيفَ نَظارتُكَ ؟ مَن هذا الفَلاح ؟ هو شَاكِر - شَاكر فَلاح فَقير - بَيتُه صَغير - ذلك صُندوق كَبير - قُفله جَيِّد .

(٣) هذا القُرآن كِتابنا - هذه سَبُّورة - السبورَة نَظيفَة - ذلك فِراش نَظيف - الفِراش نَظيف - فِراشي نَظيف - ذلك فِراشِيٌّ وَ هذا فِراشك - هذه نَاقَة صَغيرة .

(খ) ৩ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) এটি নতুন ব্যাগ। ব্যাগটি সুন্দর। ব্যাগটি কি বড় ? হ্যাঁ, তা বড়। তোমার

বন্ধু কি পরিশ্রমী ছাত্র ? এই কামরাটি কি তোমার কামরা ?

(২) হে ব্যবসায়ী! তোমার ছেলে কি ব্যবসায়ী ? না, সে আলিম এবং শিক্ষক। এই কামরাটি কি তার কামরা ? হ্যাঁ, এটি তার কামরা। এর দরজাটি কি খোলা ? না, এর দরজাটি বন্ধ।

(৩) এটি সাইকেল। এটি তোমাদের সাইকেল। এই সাইকেলটি তোমাদের সাইকেল। হে বশির! তোমার দাদী কে এবং তার নাম কী ? ঐ মহিলা আমার দাদী, তার নাম খাদীজা। ঐ ছেলেটি আমাদের ছেলে। তার নাম সাঈদ।

(ঘ) ১ এর বাক্যগুলো আরবীতে লেখো।

তামরীন – ৪

(ক) বাংলায় বলো–

(١) هذا الفَلاح رجُل طيِّب – أختُه امْرَأة طيِّبة – راشِد طِفْل صَغير – ذلك الرجُل أبوه وَ تِلك المرأَة أمُّه – أبوه فَلاح و أمه فَلاحة ·

(٢) هذه سَيارة – السَّيارة جَديدة – بَابها مَفْتوح – ذلك قُفل جيِّدٌ – القفلُ كبير وَ جيد – مِفْتاحه صَغير – ذلك القُفل جيد و مِفتاحه جَيد – هذه مدرَسَة مَشْهورة – المدرَسة كبيرة – اِسْمها مَدرَسَة المدينَةِ ·

(٣) مَحمود رجُل شَريف – هو تاجِر غَنِي – بَيْته جَميل – فَرحانة بِنْت نَظيفة – تلك غُرفتها و ذلك فِراشُها و هذه ساعَتُها – غُرفتها واسِعة وَ فراشها نَظيف و سَاعتها جَميلة ·

প্রশ্ন ঃ السيارة جديدة এখানে السيارة এর পরিবর্তে যামীর ব্যবহার করো।
هو تاجر غني এখানে যামীরের পরিবর্তে নাম ব্যবহার করে বলো।

(খ) ৩ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) হে ছেলে! এটি সুন্দর ব্যাগ, আর সেটি নতুন কলম। ব্যাগটি বড় এবং কলমটি সুন্দর। এটি তোমার ব্যাগ, আর সেটি আমার কলম। তোমার ব্যাগটি বড়। এর তালাটি ছোট।

(২) আমি মাকছূদ, আর তুমি মাহবূব। আমি শিক্ষক, আর তুমি ব্যবসায়ী। আমি প্রসিদ্ধ আলিম, আর তুমি ধনী ব্যবসায়ী। আমার ছেলে পরিশ্রমী ছাত্র, এবং তোমার মেয়ে পরিশ্রমী ছাত্রী।

(৩) বাগানটি কেমন? বাগানটি কি পরিচ্ছন্ন ও সুন্দর? হ্যাঁ, তা পরিচ্ছন্ন ও সুন্দর। কামরাটি কি খোলা? না কামরাটি বন্ধ। তালাটি কি মজবুত? না তালাটি দুর্বল।

(ঘ) ১ এর বাক্যগুলো আরবীতে লেখো।

তামরীন – ৫

(ক) বাংলায় বলো–

(١) هذا بَيت ماجِد وَ ذلك بيتُ فاطِمَة - بَيت ماجِدٍ كَبير وَ بابه مَفتوح و بَيتُ فاطِمَة صغير وَ بابه مُغْلق - ذلك الرجُل عَمُّ ماجد و تلك المرأة عَمَّته - عم ماجِدٍ أخو فاطمَة و تلك المرأة أخت فاطِمَة - مَنْ فاطِمَةُ؟

(٢) هذه مِسطرة جَديدة - المسطرة جَديدة - هذه مِسطرة المعَلم - مِسْطرته جَديدة - هذه المسطَرة جديدة وَ جيِّدة - ذلك القَميص قَميص الإمام - قَميصُ الإمامِ نَظيف - سَيارة التاجِر جَميلة - عِقْد المرأَة جَميل .

(٣) هذا مِفتاح القفل - تلك مروحةُ الغرفَةِ - حديقَة المدرَسَة جَميلة - مِظَلَّة عائِشة جَديدة - كيفَ نظارة المعَلم ؟ هَل هذا القَميص قميصُ الإمامِ - ما اسمُ المدرَسَة ؟ هل حُجرَة سعيدٍ واسِعَة ؟ هل حُجرته نَظيفة .

প্রশ্ন ঃ مسطرته جديدة এখানে যামীরের পরিবর্তে মূল শব্দটি বসাও।
হذه المسطَرة جديدة এখানে اسمُ الإشارَةِ و مشارٌ إليه এর পরিবর্তে যামীর ব্যবহার করো।
هذا القَميصُ قَميصُك এখানে বাক্যটি সংক্ষিপ্ত করো।

(খ) ২ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) এটি গ্রামের মসজিদ, আর সেটি শহরের মসজিদ। গ্রামের মসজিদটি ছোট, আর শহরের মসজিদটি বড়। এই মসজিদটি খুব বড়, আর ঐ মসজিদটি খুব সুন্দর।

(২) এটি গ্রামের পথ। রাশেদের আব্বা গ্রামের ব্যবসায়ী। এই মহিলাটি ফাতেমার খালা। হে ছেলে? তোমার বোন কি মাদরাসার ছাত্রী ? না, তিনি মাদরাসার শিক্ষিকা। বিলালের দাদা মসজিদের ইমাম।

(৩) এই বাগানটি কি আয়েশার বাগান? তার বাগানটি কেমন ? এই ছেলেটি কে ? সে রাশেদের ভাই এবং আমেনার চাচা। এই গ্রামটি খুব পরিচ্ছন্ন। গ্রামের বাজারটি ছোট ও পরিচ্ছন্ন।

(ঘ) ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।

তামরীন – ৬

(ক) বাংলায় বলো–

(١) أيُّها المعَلم ! عِنْدَك خارطة – عندكَ خارطة جَديدة – هذه الخارطة جَديدة وَ جمِيلة – هذه خارطة المدينَة – خارِطةُ المدينَةِ عندكَ – هذا الولَد تِلميذ ذكيٌّ – أمامه سَبورة – السبُّورة أمامَه .

(٢) فاطمَة بِنت طيِّبةٌ – فَوْقها مِرْوَحة – المروَحة فوقها – عِندَ المعلم خارِطَة – الخارطَةُ عندَ المعلِم – أمامَ المسجِد حَديقة – هذه الحديقة أمام المسجدِ – تحْتَ الطاوِلَة حَقيبَةٌ .

(٣) هذه السبُّورة نَظيفة – مَسَّاحة السبورة جَديدة – راشِد أمامَ السبورَةِ – هذا مَنْظر المدينَة – منظرُ المدينةِ جميل جدا – أمامَ المسَافِر طريق – هذا المسافر فقير جِدًّا .

প্রশ্ন ঃ هذه خارطةُ المدينَةِ এখানে هذه এর পরিবর্তে আর কী শব্দ ব্যবহার করা যায় ?

المروحة فوقها এবং فوقَها مِروحة উভয় ক্ষেত্রে ها যামীরের পরিবর্তে নাম ব্যবহার করো।

هذا المسافر فَقير বাক্যটিকে সংক্ষেপে বলো।

(খ) ১ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) এটি শহর, আর সেটি গ্রাম। সেটি রাশেদের গ্রাম। রাশেদের গ্রামটি খুব সুন্দর। এটি প্রশস্ত রাস্তা। রাস্তার পাশে একটি মসজিদ আছে।

(২) কামরার দরজাটি খোলা। দরজার সামনে একজন লোক আছে। লোকটি খুব দরিদ্র। রাশেদের গাড়ীটি দরজার সামনে আছে। গ্রামের কৃষকটি উত্তম লোক। এই শহরে একটি বড় মসজিদ আছে।

(৩) এটি পরিচ্ছন্ন ব্লাকবোর্ড। বিছানার উপর একটি নতুন বালিশ আছে। এটি শিক্ষকের বিছানা। তার বিছানাটি সুন্দর ও পরিচ্ছন্ন। মাজেদের বন্ধু মাজেদের কাছে আছে।

(ঘ) ৩ এর বাক্যগুলো আরবীতে লেখো।

তামরীন – ৭

(ক) বাংলায় বলো–

(١) هذه دَراجة - الدراجة قديمَة - هذه دَراجة سَعيد - أين دراجَةُ سَعيدٍ؟ دَراجَته أمام البَيْت - تلك مِرْوَحة - فَوْق مَنِ المروحَةُ ؟ فوقَ منْ تِلك المروحَة ؟ هي فَوق المعَلم .

(٢) ماذا أمام الفَلاح ؟ أمامَه مِحْراث - أمامَ من المحراثُ - المحراث أمامَ الفَلاح - هل هذا الفلاح فَقير ؟ نَعم .. هو فقير - عِنْدَ من الخارطة ؟ هي عِندَ المعَلم - عِنْدَ من مِسْطَرَةُ خالدٍ - مِسْطرته عِندَ زينَب - هي عِند زينبَ .

(٣) هذا مِنديل مَرْيم - منديلُها نَظيف وَجمِيل - منديلها فَوْق الطاولَةِ - تلك البِنْت تِلميذة المدرَسَة - عندَها قَلَم و مِسْطَرة - ماذا بِجانب الطريق؟ بِجانبه مَسْجد صغير - أينَ المسجِد ؟ المسجدُ بجانب الطريق.

প্রশ্ন ঃ هي فوقَ المعلِم এখানে যামীরের পরিবর্তে মূল শব্দটি ব্যবহার করো।
منديلُها نظيف এখানে যামীরের পরিবর্তে নাম ব্যবহার করো।

(খ) ৩ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) মসজিদের পাশে কী আছে ? মসজিদের পাশে একটি ছোট হাউজ আছে। হে মারয়াম! তোমার কলমটি কোথায়? আমার কলমটি টেবিলের উপরে। তোমার ঘড়িটি কার কাছে? তা বশিরের কাছে।

(২) আমাদের শিক্ষক ব্লাকবোর্ডের সামনে আছেন। এই গ্রামটি কি প্রসিদ্ধ? গ্রামের মসজিদটি কেমন? হে মাজেদ! ঐ মেয়েটি কি তোমার বোন? হাঁ সে আমার বোন। তোমার বোন কি শিক্ষিকার কাছে? হাঁ, সে তার কাছে।

(৩) এই রুলারটি কি টেবিলের উপরে ? না, তা চেয়ারের উপরে। ব্লাকবোর্ডের মোছনীটি কি টেবিলের উপরে? হাঁ, তা টেবিলের উপরে। হে মেয়ে! তোমার আব্বা কি ধনী ব্যবসায়ী?

(ঘ) ১ এর বাক্যগুলো আরবীতে লেখো।

তামরীন – ৮

(ক) বাংলায় বলো–

(١) هذه الغُرفة واسِعَة - هذه غرفَة بشير - غرفتُه نَظيفة - في غرفته سَرير - فَوق السرير فِراش نَظيف - في مدرَسَةِ القريَة تِلميذ ذكيٌّ - عِقْد عائِشَة في صُندوقها - إمام المسجِد في المسجد .

(٢) هذا كِتاب اللّٰه - في كِتاب اللّٰه نور - مَنْ في هذا المسجِد ؟ وَالد مَحْمود في هذا المسجِدِ - أين ذلك التلميذُ ؟ هو في غُرفَة المعَلم - هل في غرفَة عائشَة مروَحَة ؟ نعم .. في غُرفتِها مروَحَة .

(٣) هو رجُل طيب - اسمُه مَسْعود - مَسْعود معَلم المدرَسَة - بَيْته بِجانِبِ المدرَسَة - هو في بَيْته - المعَلمة في غُرْفتها - هذا مِفْتاح القُفْل و ذلك مفتاحُ السيارةِ - مفتاح السَّيارة في السَّيارة .

প্রশ্ন ঃ في غرفتِهِ سرير এবং في غُرفتِها مروحة এখানে যমীরের পরিবর্তে নাম ব্যবহার করো।

مَسْعودٌ معلمُ المدرَسَةِ এখানে নামের পরিবর্তে যামীর ব্যবহার করো।

(খ) ২ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) মাহমূদের ব্যাগটি সুন্দর। তার ব্যাগে একটি সুন্দর রুমাল আছে। এই শিক্ষক বড় আলিম। তার নাম নূরুল ইসলাম। তার অন্তরে নূর আছে। এই গ্রামে কি কোন মসজিদ আছে? হাঁ, তাতে একটি বড় মসজিদ আছে।

(২) এটি খুব সুন্দর গল্প। এটি পুরোনো গল্প। গল্পটি ঐ কিতাবে আছে। হে মাজেদ! তোমার উপরে কি কোন পাখা আছে? হাঁ, আমার উপরে একটি পাখা আছে।

(৩) কৃষকের বাড়ীতে কি একটি লাঙ্গল আছে? হাঁ, তার বাড়ীতে একটি ভাঙ্গা লাঙ্গল আছে। হে মহিলা! আপনি কি মাজেদের খালা? না, বরং আমি তার ফুফু। আপনার কামরায় কি কোন পাখা আছে?

(ঘ) ১ এর বাক্যগুলো আরবীতে লেখো।

তামরীন – ৯

(ক) বাংলায় বলো–

(١) هذه سَيارة جَديدة - السَّيَّارة سَريعة جِدًّا - هذه سَيارة المعَلم - سَيارته أمَام المدرَسَة - مِفْتاح السيَّارَة عِند المعَلم - في عاصِمَتنا مَسْجِد جَميل - هذا المسجد قديم وَ مشهورٌ .

(٢) فَوْق الطاولَة نَظارة - هذه نَظارة المعَلمة - نَظارتها جَديدة و جَميلة - مِظَلَّة المعَلمة تَحْت الطاولَة - راشِدٌ صديق ماجِد و فاطِمَة صديقَة عائِشَة - صديقةُ عائِشةَ في غُرفة عائِشة و صديقُ ماجد في حديقَةِ ماجد .

(٣) هذا الرجُل إمام المسجِد و ذلك الرجُل معلمُ المدرَسَةِ - إمامُ المسجدِ رجُل طيب و مُعَلم المدرَسَة عالِم كبير - حُجْرة الإمام بجانب المسجِد - و بَيْت المعَلم وَراءَ المدرَسَة - أبي و أمِّي في بَيْت القرية .

প্রশ্ন ঃ أمامَ المدرَسَةِ سيارتُه এবং نظارتها جديدة এখানে যামীরের পরিবর্তে মূল শব্দটি বসাও।

هذه نظارةُ المعلم এখানে اسم الإشارة এর পরিবর্তে যামীর ব্যবহার করো।

(খ) ২ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) মাহমুদের ঘড়িটি তার হাতে আছে। মাজেদের রুমালটি কি পরিচ্ছন্ন? হাঁ, তার রুমালটি পরিচ্ছন্ন। তার রুমালটি কার কাছে আছে? তা মাসউদের কাছে আছে।

(২) গ্রামের বাজারটি ছোট। তাতে একটি দোকান আছে। এটি মাহমূদের দোকান। মাহমূদের দোকানে কী আছে? তাঁর দোকানে কিতাব ও কলম ও খাতা আছে।

(৩) সাঈদ খুব দক্ষ শিক্ষক। তিনি শহরের মাদরাসায় আছেন। তার চাচা মসজিদের ইমাম। তিনি গ্রামের মসজিদে আছেন। এই লোকটি ইসলামের শত্রু। তার কলবে অন্ধকার আছে।

(ঘ) ৩ এর বাক্যগুলো আরবীতে লেখো।

তামরীন – ১০

(ক) বাংলায় বলো–

١) هذا قُفل الباب - قُفل البَاب قَوِيٌّ - هذه قريَة فقيرة - في هذه القريَة فَلاح فَقير - بَيْت الفَلاح صَغير - في بَيْته مِحراث قديم - أيُّها التاجِر ! أين دكانُك ؟ دكانِي في سُوق القريَة .

(٢) هذا جَمَل صَغير و تلك ناقَة صغيرة - الناقَة وراء الجَمَل - مَنْظر القريَة جَمِيل جِدًّا - مَطار العاصِمَة كبير - في مَطارِ العاصمة طائِرة كبيرة - أنا في غُرفَة ماجد - في غُرفته مروَحَة جديدة .

(٣) دينُنا دينُ الرحمَة - اللّٰه ربُّ الأرض و ربُّ السمَاءِ - الإسلام دين اللّٰه - اسم الرجُل مُجاهِدُ الإسلام و هو عدُوُّ الإسلامِ - هذا أمر عجيبٌ - في بَيْت الله نور .

প্রশ্ন ঃ في هذه القريَةِ فلاح এখানে যামীর ব্যবহার করো।
في مطار العاصمة طائرة এখানে যামীর ব্যবহার করো।
الله رب الأرضِ و رب السماءِ এটি সংক্ষেপ করো।

(খ) ৩ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) হে খাদীজা! তুমি কি তোমার কামরায় আছো? না, আমি যায়নাবের কামরায় আছি। যায়নাবের কামরাটি বাগানের পাশে আছে।

(২) এটি নতুন চেয়ার। এটি শিক্ষকের চেয়ার, আর সেটি শিক্ষিকার চেয়ার। শিক্ষকের চেয়ারটি নতুন। শিক্ষকের চেয়ারটি ব্লাকবোর্ডের সামনে।

(৩) এটি তারিকের বল। তার বলটি তার হাতে আছে। তারিক ছোট শিশু। তারিকের বলটি ছোট ও সুন্দর। এই বাক্সে একটি নতুন হার আছে। এই পোশাকটি খুব সুন্দর। এটি শিক্ষকের পোশাক।

(ঘ) ৩ এর বাক্যগুলো আরবীতে লেখো।

আঠারোতম দিবস থেকে আটচল্লিশতম দিবস পর্যন্ত মোট ত্রিশ দিনের তামরীন

তামরীন – ১

(ক) বাংলায় বলো–

(١) اللّٰه ربنا و ربُّكم - ربنا و ربكم رَحيم .

(٢) هذه سَيارة - هذه سَيَّارة جَديدة - السيارة جَميلة جِدًّا - هذه سَيارة خالِد - هو في سَيارته - خَالِدٌ تاجِر مَشْهور - هو تاجِر المدينَة - بَيْته جَميل جِدا - بَيته في العاصِمَة - ماذا في حَقيبَتك يا عائِشَة ؟ في حَقيبتي مِنْديل - أينَ حقيبَتك ؟ هي فَوق الطاوِلَة - حَقِيبتي كبيرة و حَقيبة فاطِمَة صغيرة .

(٣) أنا أخو ماجِد - أنا إمام المسجد وَ ماجد مُعَلم المدرَسَة - فاطِمَة أختُنا - هي بِنْت نَظيفة - لِباسُها نَظيف - هذه الغرفَة غرفة المعَلم .

(٤) هذا طريق واسِع و ذلك طَريق ضَيِّق - هذا الطريق واسع وَ ذلك الطريق ضَيق - هذا طريق المَطار طريق المطار واسع وجميل .

(٥) القُرآن كِتاب اللّٰه - في كتاب اللّٰه نور الإسلام دين اللّٰه و هو طريق الجنة

প্রশ্ন ঃ في حَقيبتي مِنديل এখানে যমীর ব্যবহার করো।

هي بِنْتٌ نظيفة এখানে هي এর পরিবর্তে শব্দ ব্যবহার করো।

৩-এর শেষ বাক্যটি সংক্ষেপে বলো।

(খ) ৩ ও ৫-এর বাক্যগুলো বাংলায় লেখো।

(গ) আরবীতে বলো–

(১) এটি কী? এটি একটি গ্রাম। এটি নতুন গ্রাম। গ্রামটি কেমন? গ্রামটি সুন্দর। এই গ্রামটি কি পরিচ্ছন্ন? হাঁ, তা খুব পরিচ্ছন্ন। এই গ্রামে একটি বড় মসজিদ আছে। মসজিদের সামনে একটি সুন্দর বাগান আছে। মসজিদটির নাম বাইতুন্-নূর। বাইতুন্-নূর খুব বড় মসজিদ।

(২) রাশেদ কি ফাতেমার ভাই? হাঁ, রাশেদ ফাতেমার ভাই – হাঁ, রাশেদ তার ভাই – হাঁ, সে ফাতেমার ভাই। হাঁ, সে তার ভাই।[১]

খালেদ ভদ্র ছেলে, সে মেধাবী ছাত্র। ফাতেমা তার বোন। তার বোন মাদরাসার ছাত্রী। খালেদের কামরায় একটি খাট আছে। খাটের পাশে একটি ছোট তেপায়া আছে।

(৩) এটি ট্যাংক, আর সেটি একটি কামান। ট্যাংকের উপর একটি পতাকা আছে। এই কামানটি কি বড়? হাঁ, তা বড়। ট্যাংকটি কি পুরোনো? না, তা নতুন।

(৪) সেটি কী? সেটি বন্দুক। বন্দুকটি কেমন? তা খুব ভালো। এটি মাজেদের বন্দুক। বন্দুকটি মাজেদের হাতে আছে, মাজেদের বন্দুকটি তার হাতে আছে। (তার বন্দুকটি তার হাতে আছে)

(৫) এটি সুন্দর বিছানা – সেটি নতুন বালিশ। এটি উড়োজাহাজ – এটি নতুন উড়োজাহাজ – এটি বড় উড়োজাহাজ। এটি একটি বাগান – এটি সুন্দর বাগান – এটি প্রাচীন বাগান। সেটি কি মাদরাসা? না সেটি মসজিদ। সেটি সুন্দর মসজিদ। মসজিদটি নতুন। এটি বড় তালা, আর সেটি ছোট তালা।

(ঘ) **১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।** (২-এ প্রশ্নের উত্তরে দেখানো হয়েছে যে, নাম ও সর্বনাম দুটোই ব্যবহার করা যায়।)

(ঙ) উপরের অনুকরণে আরবীতে রচনা লেখো (অন্তত দশটি বাক্য)
(দেখো, 'ক'-এর দ্বিতীয় ভাগে গাড়ী ও তার মালিক সম্পর্কে কিছু কথা রয়েছে এবং তাতে বিভিন্ন পাঠের বিভিন্ন বাক্য এসেছে। তুমি এর অনুকরণে তোমার বন্ধু সম্পর্কে একটি রচনা লেখো, যাতে বিভিন্ন পাঠের বিভিন্ন বাক্য এসে যায়। যেমন তার নাম কি, সে কেমন? তার হৃদয়

---

১. প্রশ্নে তিনটি শব্দ আছে– রাশেদ, ফাতেমা ও ভাই।
প্রথম উত্তরে হুবহু ঐ শব্দগুলো ব্যবহার করা হয়েছে, কোন যমীর ব্যবহার করা হয়নি। দ্বিতীয় উত্তরে শুধু ফাতেমার পরিবর্তে যামীর ব্যবহার করা হয়েছে। তৃতীয় উত্তরে শুধু রাশেদের পরিবর্তে যমীর ব্যবহার করা হয়েছে। চতুর্থ উত্তরে রাশেদ ও ফাতেমার পরিবর্তে যমীর ব্যবহার করা হয়েছে। চারটি উত্তরই ঠিক আছে, তবে শেষ উত্তরটি সবচেয়ে সুন্দর।

তোমার ভাই কে? তার কামরা কোন্‌টি? সেটি কেমন? তাতে কি আছে? ইত্যাদি।
রচনাটি তুমি প্রশ্ন ও উত্তর আকারে লিখতে পারো, আবার শুধু বাক্য লিখতে পারো।)

তামরীন – ২

(ক) বাংলায় বলো–

(١) هل تلك نافِذة مَفْتوحة؟ لا .. تلك نافِذَة مُغْلقة – هل هذه مِلْحة ؟ لا .. هذه مِلْعَقة – هل الملعَقة صغيرة ؟ نَعَم .. هي صغيرة .

(٢) صالِحة امرَأة طيبَة – وَلدها تِلميذ مُجتَهد – أينَ بنتُك أيتها المرأة ؟ هي في غُرفتها – هل صَديقتها عِندها ؟ نَعم .. هي عِندها – عِنْدَ من مِفتاح الصُّندوق ؟ مِفتاحُ الصندوقِ عندَ زينَب – أينَ عِقْد زينَب – عقدُها في صُنْدوقها –

(٣) مُعَلِّمي عالِمٌ مشهور – في يَده خارطة وَ كراسَة – الخارطة و الكُراسة في يَده – هذه خارطة العَاصِمة – خارطَةُ العاصِمَةِ كبيرة .

(٤) ماذا في يَد مَحْمود ؟ في يَده بُندقِية ؟ أين البُنْدقِية ؟ هي في يَد مَحْمود – هل دُكَّان ماجِد في سُوق القَرْية ؟ لا .. دُكانه في سُوقِ المدينَةِ

(٥) في كتاب اللّٰه قِصَّة جَميلة – في قَلْب المُسْلِم نُور وَ في قَلْبِ الكافِرِ ظُلْمَة – في قَلْب المسلم نُور الإيمان و في قَلْب الكافِر ظلمةُ الكُفْر .

প্রশ্ন ঃ عند من مفتاح الصندوق এই বাক্যটি এবং তার বাংলা তরজমায় পার্থক্য কী ?

৪-এ في يده بندقية বাক্যে যামীরের পরিবর্তে নাম ব্যবহার করো।

(খ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) হে নবীন! তোমার মামা কোথায়? তিনি গ্রামের বাড়ীতে আছেন। এই রান্নাঘরে একটি বড় চুলা আছে। এটি ফাতেমার রান্নাঘর। তার রান্নাঘরটি খুব পরিচ্ছন্ন।

(২) আমাদের বিমান বন্দরে একটি বড় বিমান আছে। এই বিমানটি খুব দ্রুতগামী। এটি খুব দ্রুতগামী বিমান। বিমানটি খুব দ্রুতগামী। হে মেয়ে! তোমার রুমালটি কি তোমার ব্যাগে? না, তা টেবিলের উপরে।

(৩) আসমান আমাদের উপরে এবং যমীন আমাদের নীচে আছে। আমি আসমানের নীচে এবং যমীনের উপরে আছি। ঐ পতাকাটি ছাদের উপরে আছে। বাড়ীর ছাদটি কি পুরোনো ও দুর্বল? হাঁ, তা পুরোনো ও দুর্বল।

(৪) হে মাজেদ! তোমার কাছে একটি কলম আছে। হে ফাতেমা! তোমার সামনে একটি টেবিল আছে। টেবিলের নীচে একটি বল আছে। বলটি টেবিলের নীচে আছে। হে তারিক! তোমার খালা কি বিদ্যালয়ের শিক্ষিকা? হাঁ, তিনি বিদ্যালয়ের শিক্ষিকা।

(৫) সেটি (একটি) বড় জগ – সেটি সুন্দর জগ। এটি কী ? এটি একটি হার। এটি দামী হার। এটি নতুন হার। হারটি নতুন ও দামী। এটি কি শহর? হাঁ, এটি শহর। এটি বিখ্যাত শহর। এটি প্রাচীন শহর। এই শহরে একটি প্রাচীন দুর্গ আছে।

(ঘ) ২ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(ঙ) তোমার মাদরাসা সম্পর্কে অন্তত ১০ টি বাক্যের একটি রচনা লেখো
(যেমন, মাদরাসাটি কেমন? তার নাম কী? তা কোথায় অবস্থিত। তা নতুন না পুরোনো, বিখ্যাত না অখ্যাত। মাদরাসার শিক্ষক কে, তিনি কেমন– ইত্যাদি।)

তামরীন — ৩

(ক) বাংলায় বলো–

(١) هل تلك سَمَكة لَذيذة ؟ نَعم هي لذيذة -- هل السَّمكة طازجة ؟ نعم .. هي طازجَة – هذا لَحْم طازَجٌ – تلك بَيضة فاسِدة - هذه فاكِهة لَذيذة – الفاكِهة لَذيذة – هذه الفاكِهة كبيرة وَ لذيذة .

(٢) هذا طريق – الطريق واسِعٌ – تلك مِظَلة مَنْشورة (مفتوحة) – تلك المظلة جَميلة – تلك مِظَلة فَرْحانة – مِظَلَّتها جَميلة – بجانب السرير مِنْضَدة – فَوْقها ساعة – المنضدة بجانب السَّرير .

(٣) هذه البِنتُ أخت ماجِد - أختُ ماجدٍ بنت مجتَهِدةٌ هي تِلميذة فاطِمَة - أبو ماجِد في غُرفَته و أمُّه في المطبَخِ .

(٤) أينَ سيارة التاجِر ؟ سَيارته في الطريق (هي في الطريقِ) - عِنْدَ من كِتابك يا مَحْمودِ ؟ كتابي عِندَ بشيرٍ (هو عند بشير) - مَنْ هذه المرأة و مَا اسْمُها ؟ هي عَمة خالِد - اسمها فرحانَة .

(٥) الإسلام ديننا - هو دينُ الرحمة - الإسلام دين الرحمةِ و دينُ الجهاد .

প্রশ্ন ঃ مظلتها جميلة এখানে যামীরের পরিবর্তে নাম ব্যবহার করো।

أختُ ماجدٍ بنت مجتهدة এখানে أخت ماجد এর পরিবর্তে যামীর ব্যবহার করো।

في غرفته কে في المطبخ এর মত যামীরসহ ব্যবহার করো।

ব্যাখ্যা ঃ مظلة এর পর منشورة ব্যবহৃত হয়, مفتوحة ব্যবহৃত হয় না।

(খ) ৪ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) এই বিদ্যালয়টি কেমন এবং তার শিক্ষক কে? এই বিদ্যালয়টি খুবই বড়। বশির তার শিক্ষক। এই ছেলেটি মাজেদের বন্ধু। হে বশির! তোমার জামা কি খাটো? না, আমার জামা খুব লম্বা। ফাতেমা কৃষকের মেয়ে, আর রাশেদ ব্যবসায়ীর ছেলে।

(২) এটি খাঁটি মধু আর সেটি ভেজাল মধু। এই সিন্দুকটি বড়। সিন্দুকের তালাটি খুব মজবুত। এটি প্রসিদ্ধ শহর। শহরটির নাম দারুল ইসলাম। এই কামরাটি কি অপ্রশস্ত? হাঁ, তা অপ্রশস্ত। তার দরজা বন্ধ এবং তার জানালা খোলা।

(৩) মাহমুদের চাচা মসজিদের ইমাম। আর তোমার আব্বা মাদরাসার শিক্ষক। এই ছেলেটি কে এবং তার নাম কী? এই ছেলেটি আমার বন্ধু, তার নাম মাজেদ। সে খুব মেধাবী ছাত্র, তার আব্বা সচ্ছল কৃষক, তার আম্মা উত্তম মহিলা। তার নাম আয়েশা।

(৪) হে খালেদা! তুমি কি নতুন চিকিৎসিকা? না, আমি পুরোনো চিকিৎসিকা। আমি দক্ষ চিকিৎসিকা। এই নিমকদানিতে কি লবণ আছে? হাঁ, তাতে লবণ আছে। এই বইয়ে কি কোন গল্প আছে? হাঁ, তাতে এটি সুন্দর গল্প আছে।

(৫) তুমি [illegible]। তুমি কৃষাণী। তুমি দরিদ্র কৃষাণী। তুমি দুর্বল নারী। সেটি কি নতুন পাপোশ? হ্যাঁ, সেটি নতুন পাপোশ।

ব্যাখ্যা : ২ এ 'সিন্দুকের তালাটি'–এর পরিবর্তে যামীর ব্যবহার করা যায়। [illegible] 'শহরটির নাম'– এখানে শহরের স্থলে ইচ্ছা করলে তুমি যামীর ব্যবহার করতে পারো।

(খ) ২ ও ৩ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(গ) আলকুরআন সম্পর্কে পাঁচটি বাক্যের একটি রচনা লেখো। (سورة মানে সূরা)

তামরীন – ৪

(ক) বাংলায় বলো–

(١) هذه مَنارة قَديمة - المنارة جَميلة و عَالِية - هذه المنارة قَديمة و تلك المنارة جَديدة - هذه مَنارة المسجِد - مَنارة المسجِد بجانب المسجد ·

(٢) في هذه القَلْعة مُجاهِد مشهور - فوقَ القَلْعة علَم - العَلم فَوق القلعَةِ - أمامَ القلعةِ مدفَع كبير · هذا كِتاب ثالثٌ و هذه كراسَة ثالثة - ذلك الولَد رابع وَ تلك البِنْت خامِسَة ·

(٣) يا مَحْمود! هل قَريَتُك وَراء الجَبل ؟ نَعم .. قريَتُنا وراء الجبَل - أيُّها الولَد ! مَنْ مسعود ؟ هو زميلي - هل زَميلك تلميذ ذكيٌّ و مجتَهِد ؟ نعم هو ذكي و مجتَهد أين هو ؟ هو في مَدْرَسة العاصمَة ·

(٤) هذه كُرة مَحْمود و تِلك كرة فاطِمَة - كرتُه كبيرة و كرتها صَغيرة - كرةُ فاطمَةَ في يَدها و كرة مَحْمودٍ أمامه · هذه حَديقة جميلة - في هذه الحديقَة زهرة جَميلة · هذا كِتاب مفيدٌ - في هذا الكتاب قِصَّة مشهورة - القِصة مُفيدة - فيها نَصِيْحَة غالِيَة ·

(٥) مُحَمد رَسول اللّٰهِ (صلى الله عليه وسلم) - مَدينة الرسُول مَدينة

. النور – جَبَلِ الرحمَة جَبَل مشهور و جَبَلُ النورِ جَبَل مبارك .

ব্যাখ্যা ঃ في هذه الحديقة এর পরিবর্তে فيها বলা যায়, তদ্রূপ في هذا الكتاب এর পরিবর্তে فيه বলা যায় فيها ও فيه মানে 'তাতে'।

(খ) ৪ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) আয়েশার হাতে একটি কলম আছে। এটি তার কলম। তার কলমটি তার হাতে আছে। শিক্ষকের কামরাটি কোথায়? তার কামরাটি কি বাগানের পাশে? হাঁ, তার কামরাটি বাগানের পাশে। হে রাশেদ! তোমার সামনে কী (আছে)? আমার সামনে একটি বই (আছে)। এটি কার বই? এটি আমেনার বই। তার বইটি কেমন? তার বইটি খুব সুন্দর।

(২) রাশেদ ধনী লোক। সে প্রসিদ্ধ ব্যবসায়ী। বিলাল উত্তম লোক এবং ফাতেমা উত্তম মহিলা। এটি কি চশমা ? হাঁ, এটি চশমা। এটি কি সুন্দর চশমা? হাঁ, এটি সুন্দর চশমা। সেটি দ্রুতগামী সাইকেল। এটি একটি মজাদার ফল।

(৩) এটি কি ঠাণ্ডা খাবার ? না, এটি গরম খাবার। এটি মজাদার খাবার। এই বরতনে মজাদার খাবার আছে। কামরার বাতিটি নতুন ও সুন্দর। গ্রামের দৃশ্য কেমন? গ্রামের দৃশ্য খুব সুন্দর। এই গ্রামটি খুব পরিচ্ছন্ন। এটি খালেদের গ্রাম। তার গ্রামে একজন উত্তম লোক এবং একজন উত্তম স্ত্রীলোক আছে।

(৪) যয়নবের মেয়ে বুদ্ধিমতী, আর ফাতেমার মেয়ে নির্বোধ। বশিরের দাদা খুব বড় আলিম। তার কাছে একটি প্রসিদ্ধ কিতাব আছে।

(৫) এই শহরে একটি প্রাচীন মসজিদ এবং একটি প্রাচীন মাদরাসা আছে। এই পাত্রে কী আছে? তাতে খাঁটি দুধ আছে। এই নিমকদানিতে কী আছে? তাতে লবণ আছে।

(ঘ) ১ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(ঙ) তোমার শিক্ষক সম্পর্কে একটি রচনা লেখো, যাতে বিভিন্ন রকমের অন্তত দশটি বাক্য থাকবে। (তার নাম, তার গুণ, তার সাথে তোমার সম্পর্ক এবং তার কিতাব, কলম, পাগড়ী ইত্যাদি সম্পর্কে লিখতে পারো।)

তামরীন ৫

(ক) বাংলায় বলো–

(١) هذا لَبَن طازَج – هذا اللَّبَن طازج و خالِص – هذا مِلْح و ذلك سُكر –

الملح قَليل وَ السُّكَّر كثير - الملح في هذه المَمْلحة و السكر في ذلك الإناء - هل عِند سُعاد حَقيبة جديدة ؟ نعم .. عندها حقيبة جَديدة ·

(٢) هذا الولَد مَحْمود وَ تِلك البِنْتُ عائِشة - مَحْمود في بَيْته و عائشة في بَيْتِها - أيتها التلميذة ! هل معلمتك عالمة جيدة ؟ نعم .. هي عالمة جيدة - مَنْ معلمك أيها التلميذ ؟ خال سَعيدٍ مُعَلمي ·

(٣) هذه سَاعَة غالِيَة و ذلك عِقد غالٍ - هذه ساعَة محمود و ذلك عقدُ خديجَة - أين ساعةُ مسعودٍ و أين عقد خديجةَ ؟ ساعةُ مسعودٍ فَوق المنضَدة و عِقد خديجة في صُندوقها ·

(٤) في العاصِمَة جَريدة مشهورة - اِسْمُ الجريدَة الإنقلابُ - الإنقلاب جريدة العاصِمَة - في هذه الجريدة خَبَر جديد - هذا الرجُل صالِح -اِسْمُه صالِح - صَالِحٌ رجل صالح - هذه المرأة صالِحة - اسمُها صالحة - صالحةُ امْرأة صالحَةٌ ·

(٥) كِلمَة الإسلام عالِيَة - الإسلام دين اللّٰه و في دين الله رَحْمة - خالد سَيْف اللّٰه و سيفُ الإسلامِ ... هو مُجاهد الإسلام هو مجاهد عظيمٌ ·

ব্যাখ্যা ঃ صالح একটি গুণবাচক শব্দ, অর্থ– সৎ, তদ্রূপ তা একটি পুরুষ-নাম। আর নামের ক্ষেত্রে অর্থ উদ্দেশ্য হয় না, ব্যক্তিটি উদ্দেশ্য হয়।
صالحة হচ্ছে صالح এর مؤنث তখন তা গুণবাচক অর্থ প্রকাশ করে এবং তার শেষে তানবীন হয়। তদ্রূপ তা একটি স্ত্রী-নাম, তখন তার শেষে তানবীন হয় না।
লামযুক্ত শব্দের শুরুতে ال যুক্ত হলে লাম দুবার লিখতে হবে। যেমন– اللبن = لبن + ال যদি الَّبن লেখো তাহলে ভুল হবে।

প্রশ্ন ঃ أين عقدُ خديجةَ ও أين ساعةُ مسعودٍ উভয় প্রশ্নের উত্তরে নামের স্থানে সর্বনাম ব্যবহার করো।

(খ) ৪ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) এটি দ্রুতগামী স্টীমার, আর সেটি দ্রুতগামী রেলগাড়ী। স্টীমারটি নতুন ও দ্রুতগামী এবং রেলগাড়ীটি নতুন ও দ্রুতগামী। এই বিমানবন্দরে কি কোন বিমান আছে? হাঁ, তাতে একটি বড় বিমান আছে।

(২) সেটি কি টুপী? না, সেটি রুমাল। সেটি ছোট রুমাল। রুমালটি নতুন ও পরিচ্ছন্ন। সেটি কার রুমাল? সেটি শিক্ষকের রুমাল। শিক্ষকের রুমালটি তার হাতে এবং শিক্ষিকার রুমালটি তার হাতে (আছে)।

(৩) আমি মাজেদ, আর তুমি খালেদ। আমি দরিদ্র কৃষক, আর তুমি ধনী ব্যবসায়ী। আমি গ্রামের কৃষক, আর তুমি শহরের ব্যবসায়ী। আমার ছেলে মসজিদের ইমাম, আর তোমার ছেলে বিদ্যালয়ের শিক্ষক।

(৪) এই ছেলেটি কে? এই ছেলেটি মাহমুদের নাতি, আর তিনি তার দাদা। এই মহিলাটি আমেনার দাদী, আর সে তার নাতিন। মাহমুদের নাতী তার কাছে আছে।

(৫) হে বশীর! তুমি কি আমার ছাত্র? না আমি তোমার বন্ধু। হে মাসঊদ! তোমার বন্ধু আমার বন্ধু এবং তোমার শত্রু আমার শত্রু। এটি মসজিদের হাউজ। মসজিদের হাউজে প্রচুর পানি আছে। এটি বড় মাছ। মাছটি সুস্বাদু। এই মাছটি মসজিদের হাউজে আছে।

(ঘ) ২ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(ঙ) আমাদের রাজধানী ঢাকা সম্পর্কে দশটি বাক্যের একটি রচনা আরবীতে লেখো। (আমাদের রাজধানী কেমন এবং তার দৃশ্য কেমন, রাজধানীতে কি কি আছে এবং সেগুলো কেমন– ইত্যাদি লিখতে পারো)

তামরীন – ৬

(ক) বাংলায় বলো–

(١) هل راشِد طالب مجتَهد ؟ لا .. هو طالب كَسْلان · هل هذه الطالبة كسلانَةٌ ؟ لا .. بل هي مجتَهدة - صديق مَحْمود كاتِب كبير - زَينب كاتِبَة مشهورة - هذا الطبيبُ طبيب القريَة ·

(٢) هذا بَلَد صغير - البَلد صغير وَ فقير - في عاصمَة البَلد مَطار صغير - تِلك زهرة - الزهرة جَميلة - تِلْك الزهرَة جَميلة - تِلك

زَهرة جَميلة - هو فَلاح - في بَيْتِ الفَلاح مِحْراث قَديم - هو فَلاح فقير - مِحْراثه مَكْسور ٠

(٣) هذا الوَلَد تِلميذ ذكِيٌّ - هو تِلميذي و أنا مُعلمه - أبوه صَديقي - هو تاجِر سَخِيٌّ - هو رجُل طيب - في صَدْره قَلْب طيِّب ٠

(٤) السبورة جَديدة وَ مساحَتها جَديدة - أينَ المساحَةُ ؟ هي فَوق السبورة - في حَديقة المدرَسَة شجَرة كبيرة - تِلك غابَة مشهورة - اسم الغابَة سُنْدَرْبَنْ - في تلك الغابَة نَمرٌ ٠

(٥) الإسلام شَجَرة طيبَة - الدنيا سِجْنُ المؤمن و جَنة الكافر الجهاد رُوح الإسلام و حَياة الأمةِ - الجهاد بابُ الجنّة الجنة تحت السيفِ ٠

প্রশ্ন ঃ في بَيْتِ الفلاح مِحراث এখানে الفلاح এর স্থানে যামীর ব্যবহার করে বাক্যটি বলো।
মحراثه مَكسور এখানে যামীরের পরিবর্তে মূল শব্দটি বলো।
اسم الغابَةِ এখানে الغابة এর পরিবর্তে যামীর ব্যবহার করো।
রেখাযুক্ত বাক্যটি مؤنث করে বলো।

(খ) ৩ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো-

(১) হে ছেলে! তুমি আমার বন্ধু এবং আমি তোমার বন্ধু। তোমার চাচা আমার শিক্ষক। তিনি আমার শিক্ষক, [১] আমি তার ছাত্র। এটি তার কামরা। তার কামরাটি বড় ও পরিচ্ছন্ন। তার কামরায় একটি সুন্দর বাতি এবং একটি ভালো পাখা আছে। কামরার সামনে একটি ছোট বাগান আছে। তাতে একটি সুন্দর গাছ আছে।

(২) এটি একটি নতুন কাগজ। এই কাগজটি খুব দামী। এই কাগজে একটি উত্তম উপদেশ আছে। এটি একটি লম্বা পাতা। পাতাটি খুব সুন্দর। [২] এই গাছটি কি খুব প্রাচীন। হাঁ, এই গাছটি খুব প্রাচীন। [৩] এই পাত্রটি কেমন

এবং তাতে কী আছে? পাত্রটি সুন্দর, তাতে অল্প চিনি আছে।

(৩) হে রাশেদ! তুমি সৎ ছেলে। তোমার আব্বা সৎ লোক, তোমার আম্মা সৎ নারী। মাসঊদ উত্তম ছেলে এবং ফারহানা উত্তম মেয়ে।

(৪) এই ছেলেটি কে এবং ঐ মেয়েটি কে? এই ছেলেটি মাজেদের বন্ধু। তার নাম ছালেহ। তার বাড়ী এই গ্রামে। আর ঐ মেয়েটি যায়নাবের বান্ধবী, তার নাম ছালেহা, তার বাড়ী ঐ গ্রামে।

(৫) মুসলমানের হৃদয় প্রশস্ত, আর মুশরিকের হৃদয় সংকীর্ণ। হে আল্লাহ, আমি তোমার বান্দা এবং তুমি আমার রব। মানুষের স্রষ্টা কে এবং তার প্রতিপালক কে? আল্লাহ মানুষের স্রষ্টা এবং তিনিই তার প্রতিপালক।

১. 'তিনি আমার শিক্ষক, আমি তার ছাত্র' এখানে বাংলায় দু'টি বাক্যের মাঝে 'এবং' নেই। এটাই বাংলার নিয়ম, কিন্তু আরবীতে বাক্য দু'টির মাঝে و হবে। এটাই আরবীর নিয়ম।

তৃতীয় ভাগে এমন আরেকটি স্থান আছে তা চিহ্নিত করো।

২. একটি কাগজ এবং একটি পাতা – উভয়ের জন্য আরবীতে একই শব্দ ব্যবহৃত হয়।

৩. 'এই গাছটি'– এর পরিবর্তে যামীর ব্যবহার করো।

(ঘ) ১ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(ঙ) তোমার গ্রামের মসজিদটি সম্পর্কে অন্তত দশটি বাক্যের একটি রচনা লেখো। (মসজিদের ইমাম সম্পর্কে এবং মুআয্যিন সম্পর্কেও কিছু কথা থাকতে পারে।)

তামরীন – ৭

(ক) বাংলায় বলো–

(١) أيها الرجُل ! هل أنت كاتِب مُسْلِم ؟ نعم .. أنا كاتب مُسْلم - أيتُها المرأة ! هل في قَلبك نُور الإيمان ؟ نَعم .. في قَلبي نورُ الإيمانِ · ماذا في حَقيبتك يا زينَب ؟ فيها مِرْآة صَغيرة و مُشْط صغير - كيفَ هذه المرآة و كيفَ هذا المشط ؟ هي نَظيفة و هو وَسِخ ·

(٢) إمام المسجِد رجل مُتَواضِع، اسمُه طيِّب - طيب رجل طيب - هذه المرأة متواضِعَة، اسمها طيبَة - طيبَةُ امْرأة طيبَة - في يَد

شَاكِر بُندقِية جَديدة - بندقيتُه في يَده - هو صَيَّاد ماهِر .

(٣) أنت لاعِبٌ و أنت لاعبة - في هذه القريَة طبيبٌ وَ طبيبَة - عِنْد الطبيب مَريض و عندَ الطبيبةِ مريضَةٌ - سَعيد كاتِب مُسلم و زينبُ كاتبَةٌ مسلمة .

(٤) في مدرَستنا طبَّاخ ماهِر - عم راشِد طباخ المدرَسة - صديق راشِد ولَد صادق و صديقَةُ زينَب بِنْت كاذبة - كَلامه صادِق و كلامها كاذب - هذا قِطار سَريع - أخوكم سَائِق القطار - هو سَائق ماهِرٌ .

(٥) قَلْب الصادق حَيٌّ و قلبُ الكاذبِ مَيِّت - في قَلْب الصادِق نُور و في قَلب الكاذب ظلمَة - اللّٰه نور السماء وَ الأرضِ - ربنا رَحيم و رَحْمته واسِعة - المسلِم في رَحْمة اللّٰه و الكافر في غَضَب اللّٰهِ .

ব্যাখ্যা : طبيب পুরুষডাক্তার طبيبة অর্থ মহিলাডাক্তার। এখানে 'পুরুষ' ও 'মহিলা' শব্দটি শুধু মুযাক্কার ও মুআন্নাছ বোঝানোর জন্য এসেছে। সুতরাং আরবীতে এখানে رجل বা امرأة শব্দটি ব্যবহার করার প্রয়োজন নেই, কারণ গোলতামুক্ত ও গোলতাযুক্ত হওয়া দ্বারাই মুযাক্কার ও মুআন্নাছ বোঝা যায়। شاعرة (মহিলাকবি) এবং لاعبة (মহিলাখেলোয়াড়) সম্পর্কেও একই কথা।

(খ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো—

(১) রাজধানীর মসজিদটি কি নতুন ও সুন্দর? হাঁ, তা নতুন ও সুন্দর। এই পত্রিকাটি কেমন এবং তার নাম কী? এই পত্রিকাটি খুব প্রাচীন ও প্রসিদ্ধ। তার নাম ইত্তিফাক। তা রাজধানীর পত্রিকা। তাতে একটি সুন্দর ছবি আছে।

(২) তোমাদের শিক্ষক তার কামরায় আছেন। তার কামরায় একটি বড় মানচিত্র আছে। মানচিত্রটির পাশে একটি উপকারী গ্রন্থ আছে। তোমাদের শিক্ষক উত্তম লোক, তার কলবে ইলমের নূর আছে।

(৩) এই গ্রামে কি ঠাণ্ডা পানি আছে? ঐ পাহাড়টি কি খুব উঁচু? হে মেয়ে!

তোমার দাদা কি খুব বিশ্বস্ত লোক? এই থালায় খুব মজাদার খাবার আছে। এই খাবারে কি লবণ আছে?

(৪) আমেনার সহপাঠিনী কি অলস মেয়ে? না, সে খুব উদ্যমী মেয়ে। হে মাজেদ! তোমার সহপাঠী কে? রাশেদের ভাই আমার সহপাঠী। পাহাড়ের পিছনে একটি বস্তি আছে। আমাদের বাড়ীটি রাস্তার পাশে (অবস্থিত) [১]

(৫) এটি কি গল্পের বই? না, এটি হাদীছের কিতাব। কিতাবটি কেমন? তা খুবই উপকারী কিতাব। কিতাবটির লেখক কে? রাশেদের চাচা কিতাবটির লেখক। হাদীছের কিতাবে নূর আছে।

১. 'অবস্থিত' এ শব্দটির জন্য আরবীতে আলাদা কোন শব্দ ব্যবহার করা যাবে না।

(ঘ) ২ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(ঙ) ফাতেমার কলমটি সম্পর্কে দশটি বাক্যের একটি রচনা লেখো। (এটি কী এবং কেমন? এটি কার এবং তা কোথায় আছে ইত্যাদি লিখতে পারো। কলম যে লেখকের বন্ধু– এ কথাটিও রচনার শেষ দিকে লিখতে পারো)

(ছ) বানান দেখো– রাজধানী – প্রসিদ্ধ – মানচিত্র ('মান চিত্র' নয়) – উঁচু – বিশ্বস্ত – লবণ – সহপাঠী – সহপাঠিনী ('সহ পাঠী' নয়)

তামরীন – ৮

(ক) বাংলায় বলো–

(١) هذه قِصة طَيبة - في هذه القِصة نَصيحة غالِيَة - هذا كلام طَيب - يا ولَد ! كلامك غَيْر طيب - في هذه العُلبة عَسَل و هذا العَسل غَيْرُ خالِصٍ - هذا الرجُل كاتب مسلم و تلك المرأة كاتبَة غير مُسْلمة .

(٢) هذا قِطار سريع وَ تلك طائِرة سريعَة - في هذا الفِنْجان شايٌ حار - هذا الشاي لذيذ جدا - هل في هذا الشاي سُكر - نَعم .. فيه سُكر قَليل - هذا قَفَص صغير - في هذا القفَص طائر جميل - الطائر في قَفَصه .

(٣) هذا بَلد جَميل - هذا بَلدنا - بَلدُنا جَميل جِدا - في بَلَدنا

قَلعة قَديمة - كيفَ عَلم البَلد - عَلمه جَميل - هل هذا بَلد فَقير ؟ لا .. بل هذا بَلد غَنِيٌّ - بَلدنا غَني وَ بلدُكم فَقير ·

(٤) هذه دبابة جديدة - الدبَّابة كبيرة - هذه الدبابة سَريعة - سائِقها مُجاهد شُجاع - هل أنت جَبَان ؟ لا .. أنا شُجاع ·

(٥) المسلِم شُجاع وَ الكافِر جَبان - المسلِم أمين وَ الكافِر خائن - قَلب المؤمن عَرْش اللّٰه - " لا إله إلا الله " كلمَة طيبة وَ هي كلمَة الإسلام ·

ব্যাখ্যা ঃ كلمة অর্থ একটি শব্দ, আবার পুরো একটি বক্তব্যকেও كلمة বলে— لا إله إلا الله (আল্লাহ ছাড়া কোন মাবুদ নেই) এই বক্তব্যটিকে كلمة বলা হয়।

(খ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো—

(১) এই কাফের আমাদের শত্রু এবং আল্লাহর শত্রু। যায়নাবের বাগানে একটি বড় গোলাব আছে। গোলাবটি বড় ও সুন্দর। এই গোলাবটি কেমন? তা খুব সুন্দর। ফাতেমার আম্মা তার রান্নাঘরে আছেন। তার হাতে একটি বড় চামচ আছে।

(২) হে বশির! তোমার মামা কোথায়? তিনি গ্রামের বাড়ীতে আছেন। মাজেদের পকেটে একটি সুন্দর কলম আছে। হে ফাতেমা! তোমার বান্ধবী কি তোমার কামরায় আছে? আমাদের মাদরাসায় একজন ভালো আলিম আছেন। তার কাছে প্রচুর ইলম রয়েছে।

(৩) কার হৃদয়ে নূর আছে এবং কার হৃদয়ে অন্ধকার আছে? এই মহিলা সত্যবাদিনী, তার কথা সত্য। মাজেদের গ্রামটি খুব পরিচ্ছন্ন। তার গ্রামে একটি বড় মসজিদ এবং একটি বড় মাদরাসা আছে।

(৪) যমীনের নীচে কি পানি আছে? হাঁ, যামীনের নীচে পানি আছে। এটি খুব সুন্দর গল্প। গল্পটির নাম কী? তার নাম 'একজন সৎ লোক'। হে মাজেদ! তোমার বন্ধু কেমন? সে কি বিনয়ী? হাঁ, সে খুব বিনয়ী।

(৫) খালেদার আব্বা রেলগাড়ীর চালক, আর তার মামা সাইকেলের চালক। কার কামরায় একটি নতুন বাতি আছে? বাতিটি কার কামরায় আছে? কার সামনে একটি ছোট ব্লাকবোর্ড আছে? ব্লাকবোর্ডটি কার সামনে আছে?

(ঘ) ১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(ঙ) তোমার দেশের বন সম্পর্কে অন্তত সাতটি বাক্যের একটি আরবী রচনা লেখ। (বনটির নাম, তা কেমন, তাতে কী আছে ইত্যাদি লিখতে পারো)

(চ) বানান দেখো– রান্নাঘর ('রান্না ঘর' নয়) – শত্রু – বন্ধু – বান্ধবী – সত্যবাদী – সত্যবাদিনী – হৃদয়

তামরীন – ৯

(ক) বাংলায় বলো–

(١) في يَدِ المجاهد قَوْس و سَهْم – في يَدِ مَنِ القوْسُ وَ السهم ؟ هو رُجل صالِح – الرُجل صالِح و مُتَواضع – في كلامه نُور – هذا بَيْت الطبيب – الطبيبُ في بَيْته – في قَلب الطبيب رَحْمة .

(٢) هذه بِطِّيخَة و تلك تُفاحة – البِطيخَة كبيرة وَ التفاحَة صغيرة – البطيخة وَ التفاحة في تلك السَّلَّةِ – تلك سَلة كبيرة – هذه كرة جَديدة – الكرة جديدة وَ جميلة – الكرة أمام اللاعِب .

(٣) هذه كَلِمَة – الكلمة صَعْبة – هَلِ الكلمَة سَهْلَة ؟ لا .. بل هي صَعْبة – هذا درس رابِع – الدرس الرابع سَهْل – في الدرس الرابِعِ جُملة جَميلة – ماذا في الدرس الرابع ؟ فيه جملة جَميلة .

(٤) أنا رجُل ضَعيف و أنت رجل قوي – سُعاد خَيَّاطة ماهِرة و بِنْتها طَبَّاخة ماهرَة – هذا اللَّبَّان رجُل طيب وَ تلك اللبانة امرأة طيبة – هذا مَطار جديد - المطار كبير في هذا المطار طائِرة كبيرة –

(٥) الجهاد طريق النجاة و الشهادة طريقُ الجنةِ – عَذاب القَبْر حَقٌّ – في قَبْرِ الكافِر عَذاب و في قَبْر المؤمن رَحْمة .

(খ) ৩ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) এটি উট এবং সেটি উটনী। উটটি বড়, আর উটনীটি ছোট। এটি হারের কৌটা। এই কৌটায় একটি মূল্যবান হার আছে। এটি বড় মাদরাসা। এই মাদরাসায় একজন মেধাবী ছাত্র আছে। আমি পঞ্চম ছাত্র, আর তুমি সপ্তম ছাত্র, আর মেয়েটি ষষ্ঠ ছাত্রী।

(২) এটি জামা। এটি নতুন জামা। জামাটি কি লম্বা? না, বরং তা খাটো। হে যায়নাব! এই জামাটি কি তোমার জামা? এটি নতুন ঝুড়ি। ঝুড়িটি সুন্দর। তাতে ফল আছে। ম্যাপটি কোথায়? ম্যাপটি শিক্ষকের কাছে আছে। এটি রাজধানীর ম্যাপ।

(৩) এই ছেলেটি কি তোমার সহপাঠী? হাঁ, সে আমার সহপাঠী। সে কি নতুন সহপাঠী? এটি নতুন আয়না। আয়নাটি ফাতেমার সামনে আছে। এটি ফাতেমার আয়না। আয়নাটি খুব পরিচ্ছন্ন।

(৪) ছাত্রটি মেধাবী, আর তার ভাই মেধাহীন। এটি আশ্চর্য কথা। এই কথাটি খুবই আশ্চর্যজনক। এটি কি নতুন পাপোশ? পাপোশটি কি পরিচ্ছন্ন? পাপোশটি দরজার কাছে আছে।

(৫) শাকিরের হাতে একটি ছোট রুমাল আছে। এটি মাহমুদের রুমাল। এই রুমালটি শাকিরের হাতে আছে। ফাতেমার ভাই ভদ্র ছেলে, আর মাহমুদের বোন অভদ্র মেয়ে।

(ঘ) ২ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(ঙ) তোমাদের মাদরাসার একজন মেধাবী ছাত্র সম্পর্কে কিছু বাক্য লেখো।

(ছ) বানান দেখো– পঞ্চম – ষষ্ঠ – ঝুড়ি (‘ঝুরি’ নয়) – ম্যাপ – আশ্চর্য – আশ্চর্যজনক – (‘আশ্চর্য জনক’ নয়) – সহপাঠিনী – বিনয়িনী।

আমরীন – ১০

(ক) বাংলায় বলো–

(١) هـذا دَرس سـادس و ذلك درس سـابِع – الدرسُ الـسـادس سَـهْـل و الدرس الـسـابِع صَـعْـب – فـي هـذا الدرس جُـمـلـة سَـهـلة و في ذلك الدرس جملة صَعْبة – هـذا جَرَسٌ كبيـر – الجرس كـبيـر و جَـمـيـل – هـذا جـرس المدرَسَة

(٢) هـذا الـولَـد ثـالـث وَ أخـتـه خـامِـسَـة – هـذا بَـيْـتٌ ثـانٍ و تلك غـرفـة ثـانيـة – البَـيْـت الـثـاني بجـانـب المـسـجِـد – الغـرفَـة الـثـانيـة غـرفـة

نَظِيفة - في الغرفة الثانيةِ سرير جَديد - فوق السرير فِراش نَظِيف .

(٣) كيفَ المنارة ؟ المنارة عالِيَة و جَميلة - هذه مَنارة المسجِد - هل مَنارة المسجِد عاليَة - نَعم .. هي عالِيَة جدا - هذه المنارة عالِية و جَميلة - فَوق المنارة مِصْباح .

(٤) هل هذا الوَلد صالِح وَ صادق - نَعم .. هو صالح و صادق - زينَب طباخَة ماهرة - في مَطْبَخها مَوقد صغير و قِدْر كبيرة - القدرُ فَوق الموقد - القدر نَظيفة - في هذه القدر طعَام كثير .

(٥) كلام المنافِق حُلو و عَمله مُرٌّ - في قَلب المنافق حَسَد - عمَل المؤمن طيب و عمل المنافق غير طيب - (حاسِدٌ - حَسَدٌ)

ব্যাখ্যা ঃ ثان শব্দটি ال যোগে الثاني লেখা হয়। যেমন هذا درس ثان এটি দ্বিতীয় পাঠ। الدرس الثاني صعب দ্বিতীয় পাঠটি কঠিন।
قدر শব্দটি যে مؤنث তা কি তুমি বুঝতে পেরেছো?

(খ) ৪ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) রাস্তাটি বেশ প্রশস্ত। এটি বিমান বন্দরের রাস্তা। বিমানবন্দরের রাস্তায় একটি বড় ও দ্রুতগামী গাড়ী আছে। রাস্তাটির পাশে সুন্দর বাগান আছে।

(২) আমাদের মাদরাসায় একটি বড় বেল আছে। মাদরাসার বেলটি কোথায়? তা মাদরাসার প্রাঙ্গণে আছে। মাদরাসার প্রাঙ্গণে একটি উঁচু গাছ আছে।

(৩) এটি নতুন প্রশ্ন। প্রশ্নটি কি কঠিন? হাঁ, প্রশ্নটি বেশ কঠিন। দ্বিতীয় পাঠে একটি সহজ প্রশ্ন আছে। হে লোক! তোমার আমল অনুত্তম। হে স্ত্রীলোক! তোমার আমল উত্তম। এটি দুধের পাত্র। দুধের পাত্রে প্রচুর দুধ আছে। দুধটি খাঁটি। এই ঝুড়িতে একটি মিষ্টি ফল আছে। ফলটি খুব সুস্বাদু।

(৪) এটি কি গরম খাবার? হাঁ, এটি গরম খাবার। এই খাবারটি কেমন? এই খাবারটি খুব সুস্বাদু। খাবারটি কোথায় আছে। খাবারটি বাড়ীর রান্নাঘরে আছে।

(৫) ছাত্রটি মেধাবী ও পরিশ্রমী। মহিলাটি বিনয়িনী। ধনুকটি মজবুত এবং

তীরটি মজবুত। বন্দুকটি শিকারীর হাতে আছে। চামচটি ঐ ডেগে আছে। কলমটি লোকটির পকেটে আছে।

(ঘ) ক খ গ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(ঙ) তীর ধনুক ও তরবারি সম্পর্কে অন্তত দশটি বাক্য লেখো।

(চ) বানান দেখো– প্রাঙ্গণ – দ্বিতীয় – স্ত্রীলোক ('স্ত্রী লোক' নয়) – খাঁটি – মজবুত – তীর – তরবারি – শিকারী

তামরীন – ১১

(ক) বাংলায় বলো–

(١) هذا كِتاب مُفيد – الكِتاب مُفيد – تلك سَاعة غالِيَة – الساعة غالِيَة – خالِد رجُل صالح – هو رجل قَوي – الرجل شُجاع – فاطِمَة امرأة فَقيرة .

(٢) في سُوق القريَة دكان صغير – صاحِب الدكان تاجر فَقير – هذا إناء جديد – الإناء كبير – هذا إناء اللبَن – في هذا الإناء لَبن – هذا اللبن طازج وَ خالِص – سُؤالكم صَعْب وَ سؤالنا سَهْل .

(٣) هذا كُرْسِي جديد – الكرسِي جَيد – هذا كرسِي المعَلم – كرسِيُّ المعَلِم عال – كرسيُّه في غُرْفَته – هذا مَصْنع مشهور – المصنَع كبير وَ قديم – باب المصنَع مُغْلق – في هذا المصنَع عامل نَشيط – صاحِب المصنَع في مَصْنَعه .

(٤) هذه قِصة عرَبيَّة – القِصة عَجيبة – فيها دَرس مُفيد – هذا كتاب عَرَبي – فيه دَرس سهل – هو لاعِب جديد – اللاعِبُ ماهر جِدا – هو مجاهد شُجاع – المجاهد في قَلْعته – المجاهد أمام المدفَع .

(٥) بِلال مُؤذن الرسول – في أذان بلال نُور و بَركة – القَبْر سِجْن الكافر و جنة المؤمن – عَمَل المؤمن حَيٌّ و عَمَل المنافق ميت –

الموت أمامنا و ملك الموت وراءنا .

ব্যাখ্যা ঃ درس শব্দটি প্রথমে শিক্ষা অর্থে এবং পরে পাঠ অর্থে ব্যবহৃত হয়েছে

لاعب এর শুরুতে ال যুক্ত হলে কীভাবে লিখতে হবে, লিখে দেখাও। এ সম্পর্কে আলোচনা পিছনে দেখো

(খ) ৪ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো–

(১) সেটি বড় গোলাব। গোলাবটি কেমন? তা বড় ও সুন্দর। গোলাবটি কোথায়? তা আয়েশার হাতে আছে। এই গল্পে কি কোন উপদেশ আছে? হাঁ, তাতে মূল্যবান উপদেশ আছে। এটি একটি বাংলা গল্প। এটি অনারবী গল্প। গল্পটির নাম 'মৃত্যুর সামনে'।

(২) সেটি নতুন চাঁদ। সেটি ঈদের চাঁদ। ঈদের চাঁদ খুব সুন্দর। আয়েশার হাতে একটি সুন্দর কাপ আছে। দরজার সামনে কি কোন পাপোশ আছে? হাঁ, দরজার সামনে একটি নতুন পাপোশ আছে। পাপোশটি ময়লা।

(৩) এই মাদরাসা হলো ইসলামের দুর্গ, আর ঐ বিদ্যালয়টি হলো শয়তানের দুর্গ। আমি ইসলামের দুর্গে আছি, আর এই ছেলেটি শয়তানের দুর্গে আছে। এটি মুমিনের কাজ, আর সেটি শয়তানের কাজ।

(৪) এটি নতুন শব্দ, শব্দটি সহজ ও সুন্দর। এটি আরব দেশ। এই দেশটি সুন্দর। তার পতাকাটি খুব সুন্দর। সেটি প্রসিদ্ধ পাহাড়। পাহাড়টি খুব উঁচু। এটি কি বড় বন? এই বনে কি সিংহ আছে?

(৫) হে বশির! তোমার টুপিটি লম্বা, আর আমার টুপিটি লম্বা নয়। এই লোকটি কি ভীরু? না, সে খুব সাহসী। আমি বশিরের শিক্ষক, সে আমার ছাত্র।

প্রশ্ন ঃ উপরে এমন দু'টি বাংলা বাক্য আছে যাদের মাঝে 'এবং' নেই, কিন্তু ঐ দুটি আরবী বাক্যের মাঝে و আসবে।

(ঘ) ১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(ঙ) ঘড়ি সম্পর্কে একটি রচনা লেখো, যাতে সকল পাঠের বাক্য এসে যায়

(ছ) বানান দেখো– চাঁদ – সিংহ – ভীরু – সাহসী – দুর্গ

তামরীন -- ১২

(ক) বাংলায় বলো–

(١) هذا سؤال عجيب - هل السُّؤال سَهل ؟ لا .. السؤال صَعْب جِدًّا

- هذا متحَف قَديم - المتحف كبير - هذا مُتْحف العاصمَة في عاصمَتنا مُتحَف قديم - المتحف في العاصمة ٠

(٢) المسلِم صادق وَ أميـن - التمْر ثمَر لذيذ هذا فَرس و هذا حِمار - الفرَس كبير وَ الحمار صغير - الفرس حيوان سريع و الحمار حَيوان غبِي - هذه الحديقة جَميلة بابها مفتوح هذه سَلة - السلّة كبيرة وَ جَميلة ٠

(٣) العسَل مُفيد - في العسل شِفاء - كيفَ المسلم و كيف المُشْرك - المسلِم شُجاع وَ المشرك جَبان هذا عنب العنبُ فاكِهة لذيذَة - في هذه السلة عنبٌ ٠

(٤) هذا قَلم غال - القلَم جديد و جميل هذا قلم خديجة قَلمها في جَيْبها - القلم صديق الكاتِب هذه ساعة اليد و تلك ساعةُ الطاولةِ - ساعةُ اليَدِ صغيرة و ساعَة الطاولة كبيرة ٠

(٥) قلب المسلِم مرآة صافِيَة - المسلِم مرآة المسلِم - المدرسَة قلعة الإسلام - قَلب الذاكِرِ حي و قلب الغافل ميت ٠

ব্যাখ্যা ঃ الفرس ও الحمار দ্বারা প্রথমে নির্দিষ্ট ঘোড়া এবং নির্দিষ্ট গাধা বোঝানো হয়েছে। দ্বিতীয় ক্ষেত্রে ঘোড়া ও গাধার জিন্‌স বা জাতি বোঝানো হয়েছে।

ساعة اليد এর শাব্দিক অর্থ হাতের ঘড়ি, প্রচলিত বাংলা হচ্ছে 'হাতঘড়ি'। ساعة الطاولة এবং ساعة الجدار সম্পর্কেও একই কথা। আমাদেরকে তরজমা করতে হবে প্রচলিত বাংলায়।

(খ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(গ) আরবীতে বলো-

(১) চড়ুই খুব ছোট পাখী এবং হাতি খুব বড় প্রাণী। খেজুর উত্তম খাদ্য। মানুষের হৃদয় খুব দুর্বল। বইটি খুব উপকারী। এ বইটি তেপায়ার উপরে

আছে। বই মানুষের বন্ধু। এটি আরবী শব্দ এবং সেটি বাংলা শব্দ। তুমি আরব কবি, আর এই লোকটি বাঙ্গালী কবি।

(২) এই রান্নাঘরে কি কোন খাবার আছে? ফাতেমার আম্মা কোথায়? তিনি তার রান্নাঘরে আছেন। হে ফাতেমা! তোমার ছেলে ভীরু। আর আমার ছেলে খুব সাহসী। রাশেদ মুজাহিদের ছেলে। আর ফাতেমা আলিমের মেয়ে।

(৩) ফাতিমার আম্মা সৎ ও বিনয়ী মহিলা। তার নাম মাজিদা। ফাতেমার হাতে একটি বালা আছে। খালিদের মামা কি গ্রামের ডাক্তার? না, তিনি গ্রামের কৃষক। এটি মাদরাসার বেল। বেলটি নতুন।

(৪) তালাটি বড় এবং তার চাবিটি ছোট। দরজার পাপোশটি কেমন? তা খুব নোংরা। হাতির লেজ কি লম্বা? না, হাতির লেজ খাটো। হাতির সুঁড় কেমন? তার সুঁড় লম্বা।

(৫) মানুষের চেহারা কি সুন্দর। হাঁ, তার চেহারা খুব সুন্দর। রাস্তার পাশে একটি উঁচু গাছ আছে। এই গাছটি খুব প্রাচীন। মাজেদের সামনে একটি সুন্দর বল আছে। এই বলটি মাজিদের সামনে আছে।

(ঘ) ২ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(ঙ) তোমার আম্মা-আব্বা সম্পর্কে দশ বাক্যের একটি আরবী রচনা লেখো

(ছ) বানান দেখো– হাতঘড়ি ('হাত ঘড়ি' নয়), টেবিলঘড়ি ও দেয়ালঘড়ি সম্পর্কেও একই কথা। সৎ – নোংরা ('নোংড়া' নয়) – সুঁড় – প্রাচীন – খাটো (খাঁটো নয়) – বেঁটে (বেটে নয়)।

তামরীন – ১৩

(ক) বাংলায় বলো–

(١) أنت صَياد ماهر - بُندِقيَّتك جديدة - بندقيتُك في يَدك - هذا الرجُل صالِح - بَشير أخوه - أخوه عالِم كبير - هذه المرأة صالحة - وَلدها تلميذ مجتَهد و بِنتها تلميذة مجتَهدة .

(٢) هذه الفلاحَة امرأة طيِّبة - يا بشير! هل أنت عمها ؟ لا .. بل أنا أبوها وَ هي بنتي - هذه مِنضدة - فوقَها كِتاب و قلَم - الكِتاب و القَلم فَوق المنضَدة - يا ماجِد! هل هذا الولد صَديقك؟ يا زينَب! هل شَعْرك طويل .

(٣) هل هذه القريَة مشهورة ؟ هل سُوقها كبير ؟ هل في هذه القريَة مَسجد؟ هل فيها مُسلم ؟ في بَيْت المسلِم نور الإيمان .

(٤) هل سَاعة الطاولة جَميلة و غالِيَة - نَعم .. هي جَميلة و غالِية - ما في هذه العلبة ؟ فيها عِقْد و سِوَارٌ - ما في ذلك الإناء ؟ فيه لَبَن - مَنْ هذا الرجُل - هو معلم محمود و هو تلميذه - يا مَحْمود - هذا الرجل معلمُك و أنتَ تِلميذه .

(٥) القلم سَيْف العالِم و السيف قَلَم المجاهِد - حَياة الإنسان قَصيرة - طريق الحَياة طويل وَ صَعْب .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ৩ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) এটি আরবী পত্রিকা, আর সেটি বাংলা পত্রিকা। এই পত্রিকায় একটি নতুন খবর আছে, আর ঐ পত্রিকায় একটি সুন্দর ছবি আছে। এই দেশটি আরব দেশ আর ঐ দেশটি অনারব দেশ।

(২) হে নারী! তোমার রব কে এবং তোমার দ্বীন কী? হে ছেলে! তোমার সহপাঠী কি তার কামরায় আছে। এটি দ্রুতগামী সাইকেল, তার চালক কারখানার শ্রমিক।

(৩) এটি পরিচ্ছন্ন ব্ল্যাকবোর্ড, তার ডাস্টারটি নতুন। দুর্গটি প্রাচীন, তার দেয়াল খুব দুর্বল। দুর্গের সামনে একটি টেংক আছে, তার চালক খুব সাহসী লোক।

(৪) হে ফাতেমা! তোমার বাগানে একটি বড় গাছ আছে। তার নীচে একটি চেয়ার আছে। তোমাদের গ্রামে কি কোন পুরুষডাক্তার ও মহিলাডাক্তার আছে। হাঁ, আমাদের গ্রামে একজন দক্ষ পুরুষডাক্তার এবং একজন অদক্ষ মহিলাডাক্তার আছে।

(৫) এই কাপে অল্প চা আছে। এই জাদুঘরটি কি নতুন? খালিদের কারখানায় একজন কর্মঠ শ্রমিক আছে। তার নাম মাহবুব। এই লোকটি কি অলস কৃষক?

(ঙ) ৩ বা ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) যে কোন বিষয়ে বিভিন্ন প্রকার দশটি আরবী বাক্য লেখো।

(ছ) বানান দেখো– নারী – পুরুষ – দ্বীন – দিন – দীন – শ্রমিক – সাহস - সাহসী – সাহসিনী – ডাস্টার (ডাষ্টার নয়)।

তামরীন – ১৪

(ক) বাংলায় বলো–

(١) هذه المرأة حاسِدة، في قَلْبها حسد - في قلبِها نارُ الحسَد - هذا مَوقد - فيه نار - ماذا فَوق الموقِد ؟ فَوقه قدر صغيرة - عذاب النار حَق - المسلِم في الجنة وَ الكافر في النار .

(٢) الظبيُ حَيَوان جميل - الغراب طائِر قَبيح، صَوْته قَبيح جِدًّا - في هذه العلبَة عَسل خالِص - في عُلْبَة الخيَّاط خَيْط وَ إبرة - أينَ الخيط وَ الإبرة ؟ الخيطُ و الإبرة في عُلبَةِ الخياط .

(٣) أين قَلَم راشِد ؟ قلمُه في جَيْبه - أينَ عِقد زينَب ؟ عِقدها في عُنُقِها - ماذا أمام اللاعِب ؟ أمامه كُرة جديدة - الكرة أمام اللاعِب - هذا بَلدنا - بَلدنا جَميل جِدًّا - في بَلَدنا غابَة جَميلة .

(٤) ماذا في يَدك يا مَحْمود ؟ في يدي مِسطرة - هذه مِرْآة صافِيَة - جَميل وَلد جَميل و جَميلة بِنْت جميلة .

(٥) الوُضوء مِفتاح الصلاة وَ الصلاة مفتاح الجنَّة - عِنْدَنا سِلاح الإيمان و عندَهم سِلاح النار - عَمَل المؤمن باب الجنة و عَملُ المنافِق باب النار .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) একটি বড় গোলাপ, গোলাবটি বড় ও সুন্দর। গোলাবের রং খুব সুন্দর। শিক্ষকের মেয়ে মেধাবী ছাত্রী। তার নাম রায়হানা। সে বিনয়ী ও উত্তম মেয়ে, তার ওড়নাটি সুন্দর। এটি খুব সুন্দর ওড়না। ওড়নাটি বড় ও সুন্দর।

(২) আমাদের মাদরাসায় একটি বড় বেল আছে। বেলটির আওয়াজ খুব উচ্চ। এটি টেবিলঘড়ি। তা টেবিলের উপর আছে। ঈদের চাঁদ কি সুন্দর? হাঁ, ঈদের চাঁদ খুব সুন্দর। হে ছেলে! তোমার বন্ধু কেমন? সে কি বিনয়ী?

(৩) এই সুন্দর উপহার। হে খালেদ, তোমার উপহারটি খুব দামী। তা কি ঈদের উপহার? বুলবুলির স্বর মিষ্ট। মাহমূদের বিছানাটি কেমন? তার বিছানাটি কি পরিচ্ছন্ন ও সুন্দর। ইকবাল হলেন ইসলামের কবি। তিনি ইসলামের খাদেম এবং রাসূলের আশেক।

(৪) হে আমেনা, তোমার উপরে একটি পাখা আছে। তুমি পাখাটির নীচে আছো। হে মহিলা! তোমার পাশে একটি ছোট মেয়ে আছে। মেয়েটি তোমার পাশে আছে। তার ব্যাগে একটি কলম আছে।

(৫) এই চুলায় কি আগুন আছে? রান্নাঘরের চুলায় প্রচুর কয়লা আছে। এই শহরে কি কোন জাদুঘর আছে?

ব্যাখ্যা ঃ 'বিছানাটি'-এর আরবী হলো الفراش কিন্তু 'মাহমুদের 'বিছানাটি'-এর আরবী হবে فراشُ محمودٍ তদ্রূপ তার বিছানাটি এর আরবী হবে فراشه এখানে বাংলা 'টি'-এর বিপরীতে আরবীতে ال হবে না। কারণ مضاف এর শুরুতে ال আসে না। বাংলা 'টি'-এর ধোকায় পড়ে বাঙ্গালী তালিবে ইলম অনেক সময় مضاف এর শুরুতে ال দিয়ে দেয়। তুমি এ বিষয়ে সতর্ক থেকো।

(খ) ২ ও ৩ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(গ) তুমি তোমার মাদরাসার বাগান সম্পর্কে দশ বাক্যের একটি আরবী রচনা লেখো।

(ঘ) বানান দেখো– গলার স্বর – দুধের সর – শর নিক্ষেপ করা – চাঁদ – চাঁদা দামী – মিষ্ট – কবি (কবী নয়) – জাদুঘর (জাদু ঘর নয়)।

তামরীন – ১৫

(ক) বাংলায় বলো

(৩) এই মাদরাসায় কি একটি বড় বেল আছে? হাঁ, তাতে একটি বড় বেল আছে। মাদরাসার বেলটি কেমন? তা বড় ও ভালো। এই নতুন কারখানার মালিক কে? ঐ শহরের ব্যবসায়ী এই নতুন কারখানার মালিক।

(৪) এটি ঘড়ির কেস্ (কৌটা)। এই কেসে একটি দামী ঘড়ি আছে। সেটি মধুর কৌটা। মধুর কৌটায় খাঁটি মধু আছে। খাঁটি মধু খুব উপকারী।

(৫) এই ফুলের ঘ্রাণ অতি উত্তম। নদীর পানি মিষ্ট, আর সমুদ্রের পানি নোনা। সমুদ্রের মাছ নোনা। গাছের ছায়া খুব আরামদায়ক।

(ঙ) ১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) مصنع শব্দ দ্বারা অন্তত দশটি বিভিন্ন ধরনের বাক্য রচনা করো।

তামরীন – ৪

(ক) বাংলায় বলো–

(١) المرآة الصغيرة في يد آمنة و مشطها في حقيبتها - هذا الأمر سهل و ذلك الأمر صعب - هذا كتاب سادس و تلك كراسة سادسة - الكتاب السادس مفيد جدا - الكراسة السادسة عند عائشة .

(٢) عمل النجار بمنشاره - هذا النجار ماهر في عمله - المهارة في العمل ضرورية - الفيل حيوان ضخم - ذيل الفيل قصير و خرطومه طويل - خرطوم الفيل أنفه .

(٣) متواضع، تواضع - متكبر، تكبر - هو رجل متواضع - فيه تواضع - التواضع صفة طيبة - تواضع العبد محبوب عند الرب - ماذا في جيبك؟ أيها الولد! في جيبي قلم جديد - هل القلم غال ؟ نعم .. هو غال .

(٤) قرية بعيدة - القرية البعيدة - في قرية بعيدة - في القرية البعيدة - كتاب - في كتاب - الكتاب - في الكتاب من [illegible] - من البيت - من بيت صغير - من البيت الصغير [illegible]

- في الحديقة - في حديقة جميلة وردة جميلة - الوردة الجميلة في الحديقة الجميلة - من مسجد - في مسجد - في مسجد صغير ·

(٥) الذكر باللسان خير و الذكر بالقلب خير - الذكر بالقلب خير من الذكر باللسان - في عين العبد الصالح دمع و دمعه عند الله مقبول ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং চতুর্থ ও ষষ্ঠ বাক্যের তারকীব লেখো

প্রশ্ন ঃ في قرية এবং في القرية এর অর্থগত পার্থক্য লক্ষ্য করো।

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) মসজিদ হলো রহমানের কেল্লা, আর বাজার হলো শয়তানের কেল্লা। নেক বান্দা রহমানের কেল্লায় (থাকে) আর পাপাচারী বান্দা শয়তানের কেল্লায় (থাকে)। একটি বড় শহরে একটি প্রাচীন মসজিদ আছে। এই সুন্দর চিঠিটি এক পুরোনো বন্ধুর (কাছ) থেকে (এসেছে)।

(২) বড় কি এই গাভীটির ওলান, না ঐ গাভীটির (ওলান)। ঐ গাভীটির ওলান। এই গাভীটির ওলান বড় না ছোট? ছোট। ঐ বড় চুলার উপর একটি বড় ডেগ আছে। এই ডেগে প্রচুর খাবার আছে।

(৩) জাহান্নামের আযাব আগুন ও তার ধোঁয়া দ্বারা হবে। আমাদের রাস্তা জান্নাতের দিকে, আর তাদের রাস্তা জাহান্নামের দিকে। মুমিনের হৃদয়ে সাহসিকতা আর কাফিরের হৃদয়ে ভীরুতা রয়েছে।

(৪) হিংসা কৃপণতা থেকে নিকৃষ্ট। দারিদ্র্য সচ্ছলতা থেকে উত্তম। এটি ইসলামী পোশাক, আর সেটি অনৈসলামী পোশাক। এটি ইসলামী পত্রিকা, আর সেটি অনৈসলামী পত্রিকা। এই ইসলামী পত্রিকার মালিক দীর্ঘ জিহাদে রয়েছেন।

(৫) একটি দূরবর্তী গ্রামে একটি সুন্দর মসজিদ আছে। গ্রামটিতে একটি সুন্দর মসজিদ আছে। সুন্দর মসজিদটি দূরবর্তী গ্রামটিতে আছে।

(ঙ) ৩ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) একটি গ্রাম সম্পর্কে দশটি বাক্যের একটি রচনা লেখো (গ্রামের নাম, গ্রামটি কেমন, তাতে কী কী আছে ইত্যাদি লিখতে পারো)

(ছ) বানান দেখো– ধোঁয়া – দ্বারা – হৃদয় – নিকৃষ্ট – দূরবর্তী।

তামরীন – ৫

(ক) বাংলায় বলো–

(١) في كتاب قصة جميلة - في الكتاب قصة جميلة - في كتاب جديد قصة جميلة - في الكتاب الجديد قصة جميلة - القصة الجميلة في كتاب جديد - القصة الجميلة في الكتاب الجديد ·

(٢) هل وراء هذه القرية غابة ؟ نعم .. وراءها غابة كبيرة - بجانب الغابة الكبيرة جبل كبير - أين أخو ماجد ؟ أ في مكتبه هو ؟ لا .. بل هو في المسجد - فرعون عدو الله لعنة الله على فرعون ·

(٣) في حياة القرية راحة و في حياة المدينة مشقة - حياة القرية خير من حياة المدينة - ذكي، ذكاء - غبي، غباء - القرد حيوان ذكي و ذكاؤه مشهور - الحمار حيوان غبي و غباؤه مشهور ·

(٤) في عين هذه المرأة دمع - الدمع في عين الإنسان و الدم في جسم الإنسان - دمع، دمعة - في عين التائب دمع - أين منديلك يا عائشة ؟ أ في حقيبة تلك البنت هو أم في حقيبتك ؟ في حقيبتي ·

(٥) حياء المرأة المسلمة زينتها - زينة المرأة المسلمة حياؤها - جمال المرأة في حيائها - الحياء من الإيمان · صديق، صداقة - كاذب، كذب - المؤمن صادق و المنافق كاذب - الصدق طريق النجاة و الكذب طريق الهلاك ·

লেখার নিয়ম ঃ حياء، حياء المرأة – حياؤها – سخاء – سخاء الرجل – سخاؤنا
একই নিয়মে غباء ও ذكاء শব্দদু'টি লেখো।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং প্রথম বাক্যটির তারকীব লেখো

(গ) ১ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) এই দরজীর কৌটায় সুঁই ও সুতা আছে। সুঁই ও সুতা এই দরজীর কাছে আছে। একটি ছোট পাত্রে কিছু দুধ আছে। ছোট পাত্রটিতে কিছু দুধ আছে। দুধ একটি ছোট পাত্রে আছে। দুধ ছোট পাত্রটিতে আছে।

(২) রাশেদ কামরায় আছে। রাশেদ একটি কামরায় আছে। একটি ছোট কামরায় একজন লোক আছে। লোকটি কামরায় আছে। লোকটি একটি কামরায় আছে।

(৩) এই মেয়েটির চুল লম্বা। তার মাথায় লম্বা চুল। ইনি পুরুষকবি, আর ইনি মহিলাকবি। এই ছেলেটির মাঝে এবং ঐ ছেলেটির মাঝে গভীর বন্ধুত্ব আছে। বন্ধু। বন্ধুত্ব।

(৪) মাহমুদ। মাহমুদ একজন শিকারী। শিকারী মাহমুদ উত্তম লোক। শিকারী মাহমুদের হাতে একটি বন্দুক আছে। বশির লেখক। লেখক বশির শিক্ষক মাজেদের ভাই।

(৫) তাইয়েব উত্তম ছেলে, তাইয়েবা উত্তম মেয়ে। নতুন মসজিদে একটি দামী গালিচা আছে। একটি নতুন মসজিদে একটি দামী গালিচা আছে। দামী গালিচাটি নতুন মসজিদে আছে। দামী গালিচাটি কোথায় আছে? তা একটি নতুন মসজিদে আছে।

(ঙ) ৪ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তুমি ও তোমার বন্ধু একজন ব্যবসায়ী সম্পর্কে কথোপকথন লেখো

(ছ) বানান দেখো– পুরুষকবি – মহিলাকবি – সুন্দর – সুন্দরী – বন্ধুত্ব – গভীর – সুঁই – শিকারী – শিকার – স্বীকার।

তামরীন -- ৬

(ক) বাংলায় বলো–

(١) المجاهد خادم الإسلام – السيف سلاح المجاهد و القلم سلاح العالم – دبابة كبيرة – الدبابة الكبيرة سريعة – هذه دبابة

العدو - هذه دبابة عدوة - تلك طائرة العدو - تلك طائرة عدوة - هذا بلد عدو و ذلك بلد صديق .

(٢) بلدنا جميل - بلدنا صغير و بلدهم كبير - بلدنا فقير و بلدهم غني - في بلدنا نهر مشهور - يا زينب ! أ خالتك آمنة ؟ أ خالتك آمنة أم أمك ؟ خالتي - أ آمنة خالتك أم عائشة ؟ آمنة - كلام هذا الولد الجميل جميل - مصر بلد مسلم و أ فغانستان بلد إسلامي .

(٣) أ بلد مسلم أفغانستان أم بلد إسلامي ؟ بلد إسلامي - أ بلد مسلم مصر أم بلد إسلامي - بين البلد المسلم و بين البلد الإسلامي فرق عظيم - بلدنا بلد مسلم و لكن بلد غير إسلامي .

(٤) سؤال ماجد صعب جدا و سؤال آمنة سهل جدا - في جهاد أفغانستان درس جديد - هو درس الشهادة في سبيل الله - هذا سيف المجاهد و ذلك قلم العالم - في قلم العالم حبر و في سيف المجاهد دم - أ حبر القلم خير أم دم السيف ؟ أ حبر العالم خير أم دم الشهيد ؟ هذا خير و ذلك خير

(٥) العربية القديمة خير من العربية الجديدة - بين الإنسان و بين الشيطان عداوة قديمة - هلاك الإنسان بمعصيته و نجاته بتوبته .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং তৃতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ৩ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো-

(১) এই ছোট বইটির কভার (প্রচ্ছদ) কেমন? তার প্রচ্ছদ খুব সুন্দর। হে রমেশ, হে মুশরিক, তুমি শিরকের অন্ধকারে আছো, আর আমি ঈমানের আলোতে আছি। আমার কাছে ঈমানের অস্ত্র আছে, আর তোমার কাছে আগ্নেয়াস্ত্র (লোহার ও আগুনের অস্ত্র) আছে।

(২) এটা মাদরাসার দফতর। দফতরের সামনে কি কোন বেল আছে? হাঁ, দফতরের সামনে একটি বড় বেল আছে। মাদরাসার দফতরে কী আছে? মাদরাসার দফতরে একটি বড় বাক্স আছে।

(৩) একটি কৌটায় – কৌটায় (কৌটাটিতে)। একটি ছোট কৌটায় একটি দামী হার আছে। ছোট কৌটায় একটি দামী হার আছে। দামী হারটি একটি ছোট কৌটায় আছে। দামী হারটি ছোট কৌটায় আছে।

(৪) চিনির মিষ্টতা, মধুর মিষ্টতা, ঈমানের মিষ্টতা, তিলাওয়াতের মিষ্টতা। যিকিরের মিষ্টতা মধুর মিষ্টতা থেকে উত্তম। এই দেশে একটি বড় জাদুঘর আছে। তোমাদের গ্রামে কি কোন বাজার আছে?

(৫) এই হাতুড়িটি কি বড়? না, তা ছোট। ছোট হাতুড়িটি কামারের হাতে আছে। কামারের দোকানে লোহা আছে এবং আগুন ও ধোঁয়া আছে। এই ছাত্রের শিক্ষক উছমানের দাদা। ফেরআউনের স্ত্রী সত্যিকার মুমিন। ফেরআউনের স্ত্রী মুমিন নারী। ফেরআউনের ঘরে ঈমান (রয়েছে)। এটি খুব আশ্চর্য বিষয়।

(ঙ) ১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) একজন ব্যবসায়ী ও একজন কৃষকের আলোচনা লেখো।

(ছ) বানান দেখো– প্রচ্ছদ – অস্ত্র – আগ্নেয়াস্ত্র – দামী – স্ত্রী।

তামরীন – ৭

(ক) বাংলায় বলো–

(١) أيها الرجل ! هل في قلبك نور ؟ نعم .. أنا مؤمن و في قلبي نور الإيمان - هل هذا العسل خالص ؟ لا .. بل هو غير خالص - ماذا في يد ذلك الفلاح النشيط - في يده منجل حاد - أنا جندي مسلم - حياتي في طريق الجهاد .

(٢) في هذه المدينة سجن كبير - صديق راشد أمام الهاتف - و هذا الهاتف ميت - طباخ المدرسة في مطبخ المدرسة و

طباخة المنزل في مطبخ المنزل، في موقد المطبخ فحم كثير و رماد كثير ·

(৩) ماء الكوب بارد و ماء الإبريق حار - في صحن طعام لذيذ - في الصحن طعام لذيذ - الطعام اللذيذ في صحن - الطعام الذيذ في الصحن الكبير - نحن على الحق و هم على الباطل - قوة الحق من الله و قوة الباطل من الشيطان ·

(৪) بطن الإنسان و ظهره - بطن الفيل و ظهره - بطن الأرض و ظهرها - أيها الإنسان ! سخاؤك خير من بخلك - باب المسجد - باب المسجد الكبير - باب المسجد الكبير - باب المسجد الكبير مفتوح ·

(৫) قوة العمل بقوة الإيمان وضعف العمل بضعف الإيمان - في هذا الزمان بطن الأرض خير من ظهرها - طريقك أيها المسلم ! طريق الدم لا طريق الدمع ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং চতুর্থ বাক্যটির তারকীব লেখো

(গ) 8 ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) দরজার তালা। নতুন দরজার তালা। দরজার নতুন তালা। দরজার নতুন তালাটি ভালো। নতুন দরজার তালাটি ভালো। কৃষকের ছেলে। দরিদ্র কৃষকের ছেলে। দরিদ্র কৃষকের ছেলেটি মেধাবী ছাত্র। কৃষকের দরিদ্র ছেলে। কৃষকের দরিদ্র ছেলেটি গ্রামের বাড়ীতে আছে।

(২) মানুষের জীবন কি দীর্ঘ? না, তার জীবন খুবই সংক্ষিপ্ত। অযু হলো নামাযের চাবি, আর নামায হলো জান্নাতের চাবি। মুমিনের নিয়ত তার আমল থেকে উত্তম। মুমিনের হৃদয়ে ঈমানের মিষ্টতা আছে।

(৩) এটি কী? এটি একটি বড় তাঁবু। তাঁবুটি কেমন? তা বড় ও প্রশস্ত। এই বড় তাঁবুটি পাহাড়ের পাশে (রয়েছে)। এই বড় তাঁবুতে কে আছে? তাতে

একজন আরব পুরুষ এবং একজন আরব মহিলা এবং একটি আরব শিশু রয়েছে।

(৪) হে মেধাবী ছাত্র! তোমার মেধা আল্লাহর পক্ষ হতে বিরাট নেয়ামত। মেধার নেয়ামত বিরাট নেয়ামত। হাসীনা কৃপণ নারী। কৃপণ হাসীনা এই গ্রামের বাসিন্দা। মাজেদ কৃপণ। কৃপণ মাজেদ এই কৃপণ নারীর স্বামী।

(৫) একটি বাগানে একটি গোলাব আছে। একটি বড় মাদরাসায় একজন মেধাবী ছাত্র আছে। ঐ কামানটি এক ছোট দুর্গে আছে। এই কামানটি ছোট দুর্গে আছে। আলিমের ঘুম জাহিলের ইবাদত থেকে উত্তম।

(ঙ) ১ ও ৩ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) একজন মুশরিক ও একজন মুসলিমের আরবী কথোপকথন লেখো। (অন্তত দশটি বাক্য)

তামরীন – ৮

(ক) বাংলায় বলো–

(১) هذا الملك العادل ملك الرحمة في أرض الله – الجندي المسلم شجاع، غير جبان – هذا عسل خالص – العسل الخالص نافع – فيه شفاء من الله – أيها الإنسان ! الموت قريب منك و أنت غافل – أمرك عجيب جدا .

ব্যাখ্যা ঃ قريب অর্থ নিকটবর্তী, منك অর্থ তোমার থেকে, قريب منك অর্থ তোমার থেকে নিকটবর্তী। আরবীতে قريب এর পরে من অব্যয়টি ব্যবহৃত হয়। বাংলায় তরজমা হবে ইযাফতের। সুতরাং قريب منك অর্থ তোমার নিকটবর্তী। বাংলা ও আরবী উভয় ভাষার নিজস্ব তারকীব রয়েছে। তরজমা করার সময় তরজমার ভাষার নিজস্ব তারকীব অনুসরণ করতে হয়। এই নিয়ম অনুসারে, 'আমাদের বাড়ী মসজিদের নিকটবর্তী'-এর আরবী তরজমা বলো, আবার المؤمن قريب من الجنة و المشرك قريب من النار এর বাংলা তরজমা করো।

(২) هذا جبل عال الجبل مشهور جدا – هذا الجبل العالي بعيد من القرية – هذا أمر صعب – في هذا الأمر كلام – قرن الظبي جميل و جلده جميل . هل قرن البقر حاد ؟ نعم .. قرن البقر حاد جدا .

(٣) هذه الخيمة كبيرة و تلك الخيمة صغيرة - الخيمة الكبيرة بجوار الخيمة الصغيرة - لحم البقر لذيذ و لبن البقر مفيد- في غرفة امنة مرآة كبيرة - هذه بطاقة جميلة - البطاقة الجميلة في ظرف جميل .

(٤) في هذا المطعم رز و لحم و سمك و بيض - هذا مطعم عربي و ذلك مطعم بنغلاديشي - بنغلاديش بلد مسلم، داكا عاصمة بنغلاديش - في مكتبة هذه المدرسة كتاب قيم .

(٥) الصدق علامة الإيمان و الكذب علامة النفاق - راحة القلب في الذكر و قوته بكثرة الذكر - صفة المؤمن الصبر على المصيبة و الشكر علي النعمة .

(٦) عند الرجل - عند رجل - أمام البيت - أمام بيت فوق المنضدة - فوق منضدة - عند الفلاح - عند فلاح - باب البيت - باب بيت - تلميذ المدرسة - تلميذ مدرسة - كتاب الولد - كتاب ولد .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং তৃতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) এই পৃথিবী খুব সুন্দর। একটি গ্রামে একটি প্রাচীন মসজিদ আছে। সেই প্রাচীন মসজিদে একটি সুন্দর মিম্বর আছে। ঐ প্রাচীন মসজিদের খতীব বড় আলিম। ঐ মসজিদের নাম 'জান্নাতের মসজিদ'। মৃত্যু হলো আখেরাতের দিকে সফর।

(২) জান্নাতের চাবি কী এবং নামাজের চাবি কী? জান্নাতের চাবি নামায এবং নামাজের চাবি অযু। এটি কি সত্য কথা? হাঁ, এটি সত্য কথা। এই ছেলেটির চুল লম্বা। সে অভদ্র ছেলে। ঐ ছেলেটির চুল খাটো। সে ভদ্র ছেলে।

(৩) একটি ছোট পাত্রে কিছু দুধ আছে। এই অল্প দুধ একটি ছোট পাত্রে আছে। হাউজের পানি কি ঠাণ্ডা? হ্যাঁ, হাউজের পানি ঠাণ্ডা। এই কাপের চা কি গরম? না, তা ঠাণ্ডা। ব্যবসায়ী ইমরানের দফতরে কি ফোন আছে?

(৪) মক্কা একটি পবিত্র শহর। যমযমের পানি মক্কায় আছে। এই ছাইয়ের নীচে কি আগুন আছে? এটা কি নতুন খবর? ফাতেমার কামরায় সুঘ্রাণ আছে। এই ছেলেটির কাপড়ে দুর্গন্ধ আছে।

(৫) শিকারীর কাছে একটি বন্দুক আছে। একজন শিকারীর কাছে একটি বন্দুক আছে। বাড়ী (টি)র সামনে একটি বাগান আছে। একটি বাড়ীর সামনে একটি বাগান আছে। তেপায়া (টির) উপর একটি নতুন ঘড়ি আছে। নতুন ঘড়িটি একটি ছোট তেপায়ার উপর আছে।

(ঙ) ৩ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তুমি ও তোমার বোন মাদরাসা ও তার বাগান সম্পর্কে কিছু কথোপকথন লেখো।

(ছ) বানান দেখো– ঠাণ্ডা – সুঘ্রাণ – প্রাচীন – পৃথিবী।

তামরীন – ৯

(ক) বাংলায় বলো–

(١) هل صوت هذا الطائر عذب ؟ نعم .. صوته عذب – كيف لون الورد ؟ لون الورد جميل ؟ هذا هاتف و هذه سماعة الهاتف – هذه نافذة الحجرة، زجاجها مكسور .

(٢) هذا طعام لذيذ – لذة الطعام في الملح – في هذه القدر مرق – هذا مرق اللحم – مرق اللحم لذيذ جدا – ما (هو) نور العلم ؟ العمل نور العلم – ما (هي) حياة الإسلام – الجهاد حياة الإسلام – هل غلاف هذا الكتاب جميل ؟ نعم .. غلافه جميل .

(٣) عند رجل حقيبة جديدة و غالية ؟ الحقيبة الغالية عند رجل غني – بيتنا بجانب النهر – بيتنا بجانب نهر – هذا بيت الفلاح الفقير – هذا بيت فلاح فقير .

(٤) حجرة نظيفة – نظافة هذه الحجرة قليلة – نظافة اللباس

ضرورية - جيد، جودة - جودة القلم بجودة الريشة - هل القفل الجديد ضعيف ؟ لا .. بل هو قوي جدا و هذا مفتاحه ·

(৫) مصيبة الإنسان في لسانه - جمال الخالق في جمال الخلق - زينة العلم خير من زينة اللباس - الحياء زينة المرأة المسلمة ·

নিয়ম ঃ ما (هو) نور العلم এখানে বন্ধনীতে هو যোগ করে বোঝানো হয়েছে যে, এই যমীরটি ছাড়াও বাক্য তৈরী হতে পারে, যেমন ؛ ما نور العلم তবে যামীর সহ ما هو نور العلم বলা যায়। অবশ্য বাংলা তরজমায় যামীরটি আসবে না, উভয় ক্ষেত্রে তরজমা হবে এই- ইলমের নূর কী ?

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং চতুর্থ বাক্যটির তারকীব লেখো

(গ) ৩ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো-

(১) মুমিনের সৌন্দর্য তার আমলে, আর মুনাফিকের সৌন্দর্য তার কথায়। ইলম মাল থেকে উত্তম। প্রাচীন আরবী নতুন আরবী থেকে উত্তম। আমাদের কাছে ঈমানের অস্ত্র রয়েছে, আর তোমাদের কাছে আগ্নেয়াস্ত্র রয়েছে।

(২) হে মাজেদ! তোমার রুমালটি কি কোন ছাত্রের কাছে আছে? হাঁ, তা একজন নতুন ছাত্রের কাছে আছে। হে মাজেদা! তোমার বান্ধবী কি কোন গোয়ালিনীর মেয়ে ? না, সে এক দরিদ্র কৃষাণীর মেয়ে।

(৩) এটি খুব সুন্দর কার্ড। তাতে একটি গ্রামের ছবি আছে। আমার হৃদয় সিংহের হৃদয়। আমার হৃদয় এক সিংহের হৃদয়। এই লোকটির হৃদয়ে হাতিমের দানশীলতা রয়েছে।

(৪) তুমি কি কৃষক খালিদের ছেলে, না ব্যবসায়ী রাশেদের ছেলে? ব্যবসায়ী রাশেদের ছেলে। আহমদের পোশাক ইসলামী পোশাক। এই সুন্দর খামে কি কোন চিঠি আছে? হাঁ, তাতে একটি সুন্দর চিঠি আছে।

(৫) এই লোকটি শত্রুর কেল্লায় আছে। শত্রুর কেল্লায় একটি বড় কামান আছে। এটি ইসলামী পোশাক, আর সেটি অনৈসলামী পোশাক। বাগদাদ একটি আরব রাজধানী। এটি আরব রাজধানী। এটা আরবীয় খাবার।

(ঙ) ৩ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) ইলম ও তালিবুল ইলম সম্পর্কে কিছু বাক্য রচনা করো।

তামরীন – ১০

(ক) বাংলায় বলো–

(١) هذا بلد إسلامي - أنت في لباس إسلامي و هو في لباس غير إسلامي - في فم هذا الولد القذر رائحة كريهة - ما خبرك يا أخي! ما حال هذا المجتمع ؟ هذا المجتمع مجتمع صالح - هذا الرجل حارس المدرسة - هل هو حارس أمين ؟ ماذا في يد هذا الحارس ؟ في يده بندقية .

(٢) المجتمع الإسلامي مجتمع طاهر - ماء زمزم ماء مبارك - يا عمي ! هل في مكتبك هاتف ؟ نعم .. في مكتبي هاتف - ما في جيب هذا الولد؟ في جيبه قلم و ساعة يد - ساعة اليد - ساعة يد - مروحة الطاولة - مروحة طاولة .

(٣) خطيب هذا المسجد جد محمود - جد محمود خطيب هذ المسجد - هذا نهر عميق - ماء هذا النهر العميق نظيف - في قرية بعيدة رجل صالح و أمين .

(٤) هي بنت مشرك - في يدها دمية - أنت بنت مسلم في يدك لعبة - بنت المسلم خير من بنت المشرك - الخمر حرام في الإسلام - الخمر رأس الفساد - هل تمر المدينة لذيذ - نعم .. تمرها لذيذ .

(٥) المسلم حريص على العلم و المنافق حريص على المال - الولد الطيب حريص على نظافة اللباس - الموت جسر الآخرة .

ব্যাখ্যা ঃ ভালোর ক্ষেত্রে حريص শব্দের অর্থ হলো যত্নবান, অনুরাগী, আগ্রহী ইত্যাদি। আর মন্দের ক্ষেত্রে এর অর্থ হলো লোভী। على এর শাব্দিক অর্থ উপরে। কিন্তু এখানে তরজমা হবে 'প্রতি'।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) এটা কি অযুর পানি ? হাঁ, এটা অযুর পানি। এই পানি পবিত্র। এটা কি অযুর পানি, না গোসলের পানি? অযুর পানি কি এটি না সেটি? হে মুসলিম নারী! আমি আল্লাহর বান্দা, আর তুমি আল্লাহর বান্দী।

(২) আমাদের সমাজ অনৈসলামী সমাজ। আমরা একটি অনৈসলামী সমাজে আছি। এই সমাজের চেহারা খুব কুৎসিত। এটা কি খুব কঠিন বিষয়? হাঁ, এটা খুব কঠিন বিষয়। পঞ্চম বইটি কোথায়? তা একজন নতুন ছাত্রের কাছে আছে।

(৩) প্রথম মেয়েটি বুদ্ধিমতী, আর তৃতীয় মেয়েটি নির্বোধ। এই মেয়েটির মেধা ভালো, ঐ মেয়েটির মেধাহীনতা আশ্চর্যজনক। এটি দশম প্রশ্ন। দশম প্রশ্নটি কি সহজ? না, বরং তা খুব কঠিন।

(৪) এই লোকটির বন্ধু এক বড় কারখানার মালিক। এই নতুন বইটির প্রচ্ছদ কেমন? তার প্রচ্ছদ সুন্দর। মক্কা একটি প্রাচীন শহর। রাসূলের কবর কি মক্কায়? না, তাঁর কবর মাদীনায়। এই পাহাড়টি মক্কার কাছে।

(৫) কাশ্মীর হলো দুনিয়ার জান্নাত (পৃথিবীর স্বর্গ), এখন তা আগুনের ভূমি। ঐ দূরবর্তী শহরে কি কোন দুর্গ আছে ? হাঁ, সেখানে একটি প্রাচীন দুর্গ আছে। আব্দুল্লাহ হলো ইসলামী নাম, আর রমেশ হলো অনৈসলামী নাম। ফাতেমা খুব সুন্দর নাম। হে মুসলিম নারী! তোমার সন্তান তোমার কাছে আমানত।

(ঙ) ৩ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) নিজের পক্ষ হতে যে কোন দশটি বাক্য রচনা করো।

(ছ) বানান দেখো– বিষয় – পঞ্চম – ভূমি – দূরবর্তী – স্বর্গ – কাশ্মীর – কুৎসিত।

কোরবানীর পর

(১ থেকে ৬৮)

তামরীন – ১

(ক) বাংলায় বলো–

(١) كتب معلمنا على سبورة الفصل - كتب معلمنا - كتب معلمنا الجديد - رجع مدير هذه المدرسة من سفره - رجع من سفره - رجع من سفره الطويل - خرج عم ماجد من غرفته و ذهب إلى مسجد القرية - خرج من غرفته - خرج من غرفته الصغيرة .

(٢) قريتنا - قريتنا جميلة - قريتنا الجميلة بجانب نهر صغير - ساعة ماجد جديدة - ساعة ماجد الجديدة غالية - ساعته الغالية فوق الطاولة - عقد فاطمة الجديد غال - عقدها الغالي في عنقها .

(٣) لعبت هذه البنت الصغيرة بكرة جميلة في حديقة المنزل - كتبت أخت أحمد بقلمها الجيد على ورقة جيدة - هذه تمرة صغيرة - التمرة الصغيرة حلوة - ثمر هذه الشجرة حلو - عمران صديق أشرف - هو صديق أشرف القديم .

(٤) بيتنا قريب من المسجد - بيتنا الجديد قريب من المسجد و بيتنا القديم بعيد عن المسجد - هذه بقرة - لبن البقرة قليل - لبن البقر لذيذ .

(৫) هذه الأرض ذرة صغيرة في هذا العالم الكبير - موت عالم موت العالم - ذهب العلم بموت هذا العالم (موت عالم - موت العالم) .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ৩ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

ব্যাখ্যা ঃ رجع من سفره এর শাব্দিক অর্থ– তিনি তার সফর থেকে ফিরেছেন। আরবী ভাষা যামীরের ভাষা, আরবী ভাষায় যামীর প্রচুর ব্যবহার করা হয়। তাই আরবীতে رجع من السفر এর চেয়ে رجع من سفره বলা বেশী ভালো। কিন্তু বাংলাভাষা যামীরের ভাষা নয়। বাংলাভাষায় অপরিহার্য প্রয়োজন ছাড়া যামীর ব্যবহার করা হয় না। সুতরাং 'তিনি তার সফর থেকে ফিরেছেন' এর চেয়ে উত্তম হলো, 'তিনি সফর থেকে ফিরেছেন।' বাংলা তরজমার সময় من سفره এর যামীরটি ছেড়ে দেয়াই ভালো। কারণ তিনি যে তার সফর থেকে ফিরবেন, অন্যের সফর থেকে নয়, এটা তো জানা কথা। আরবীতে যামীরটি শুধু ভাষাসৌন্দর্যের কারণে এসেছে।

পক্ষান্তরে خرج راشد من غرفته এর তরজমায় যামীর থাকা ভালো, কারণ রাশেদ নিজের কামরা থেকে না বের হয়ে অন্যের কামরা থেকেও বের হতে পারে। সুতরাং এখানে যামীরটি সৌন্দর্যের জন্য নয়, বরং অর্থের প্রয়োজনে এসেছে। সুতরাং রাশেদ কামরা থেকে বের হয়েছে, না বলে বলতে হবে, রাশেদ তার কামরা থেকে বের হয়েছে।

(ঘ) আরবীতে বলো -

(১) মাজেদের বাবা গ্রামের বাড়ী থেকে ফিরেছে। এই ছেলেটির ভাই তার কামরায় পড়ছে ও লিখছে। ইসমাঈলের বন্ধু। ইসমাঈলের নতুন বন্ধু তার দোকানে বসেছে। ব্যবসায়ী মাহমূদ তার দোকান থেকে বের হলো এবং ছেলেদের সাথে রাজধানীর বাজারে গেলো।

(২) এই নতুন শিক্ষিকার ছাত্রীটি তার কলম দ্বারা তার খাতায় লিখেছে। ফাতেমার ভাই। ফাতেমার ছোট ভাই। ছোট ফাতেমার ভাই। ফাতেমার ছোট ভাই ফাতেমার পাশে বসেছে। ছোট ফাতেমার ভাই আমার সাথে একটি নতুন বল দ্বারা খেলেছে।

(৩) একটি ছোট পাখী ঐ গাছের ডালে বসলো। ঐ রোগী এক ডাক্তারের বাড়ীতে গেছে। এক দরিদ্র লোকের কাছে একটি পুরোনো ঘড়ি আছে। এই গ্রামের মসজিদটি নতুন ও সুন্দর।

(৪) এক দূরবর্তী শহরে একটি প্রসিদ্ধ জাদুঘর আছে। চাঁদ পৃথিবী থেকে অনেক দূরে। সূর্য পৃথিবী থেকে অনেক দূরে। রেলস্টেশনটি গ্রামের খুব নিকটে। হে রাশেদ! শত্রু তোমার নিকটে, অথচ তুমি উদাসীন!

(৫) ঈমানের অস্ত্র আগ্নেয়াস্ত্র থেকে উত্তম। দানশীলতা আল্লাহর পক্ষ হতে, আর কৃপণতা শয়তানের পক্ষ হতে। কৃপণ – কৃপণতা। দানশীল – দানশীলতা। ইউসুফ (আঃ)-এর ঘটনা খুব সুন্দর ঘটনা।

(ঙ) ২ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তোমার ভাই এবং তোমার বোন কোথায় গিয়েছে, কোথায় বসেছে এবং তুমি তোমার কলম দ্বারা কী করেছো ইত্যাদি সম্পর্কে কিছু কথা লেখো।

(ছ) বানান দেখো ঃ দ্বারা – রোগী – চাঁদ – দূর – সূর্য – রেলস্টেশন (একসাথে) – শত্রু – শুক্রবার – উদাসীন – অস্ত্র – আগ্নেয়াস্ত্র।

তামরীন – ২

(ক) বাংলায় বলো–

(١) سمكة كبيرة - السمكة كبيرة - السمكة الكبيرة لذيذة - السمك غذاء مفيد - سمك هذا النهر لذيذ - في حوض المسجد سمك - حوض المسجد الصغيرُ - حوض المسجد الصغيرِ - حوض المسجد الصغير أمام المسجد الصغير .

(٢) هذا العالم الكبير معلمنا - هو معلم قديم - معلمنا القديم ذهب إلى السبورة و كتب على السبورة، ثم رجع إلى مكانه و جلس على كرسيه - هو جلس على كرسيه العالي .

(٣) جلس أخو عائشة على مقعده / على مقعدها - قرأ و كتب أخو عائشة الذكيُّ - قرأ و كتب أخو عائشة الذكيةِ - إمام المسجد القديم - إمام المسجد القديم - خرج إمام المسجد القديم من المسجد و ذهب إلى حوض المسجد .

(٤) هذا درس عاشر - في الدرس العاشر جملة طويلة و صعبة - الجملة الصعبة في الدرس العاشر - باب البيت - باب البيت

مفتوح - باب البيت المفتوح واسع - البيت صغير - باب البيت الصغير مفتوح ·

(٥) خرج هذا الرجل الطيب من ظلام الشرك إلي نور الإسلام - خرجت روح الشهيد من جسده و ذهبت إلى ربها (روح طاهرة - الروح الطاهرة - روح الشهيد الطاهرة)

ব্যাখ্যা ঃ (ক) প্রথম ভাগে দেখো, الصغير শব্দটি المسجد এর ছিফাত হতে পারে, তখন الصغير এর শেষে كسرة হবে, আর মাওছূফ ও ছিফাত উভয়টি معرفة হবে ال দ্বারা।

আবার الصغير শব্দটি حوض এর ছিফাত হতে পারে, তখন الصغير এর শেষে ضمة হবে, আর ছিফাতটি معرفة হবে ال দ্বারা এবং মাওছূফটি معرفة হবে মারেফা শব্দের দিকে মুযাফ হওয়া দ্বারা।

(খ) على مقعده এবং على مقعدها আরবীতে যামীরের ব্যবহারে লিঙ্গগত কোন অস্পষ্টতা নেই। কিন্তু বাংলায় যদি বলি 'তার চেয়ারে' তাহলে যামীরের লিঙ্গগত উদ্দেশ্য অস্পষ্ট হবে। তাই على مقعده এর তরজমা করতে হবে, (আয়েশার ভাই) নিজের চেয়ারে বসেছে। আর على مقعدها এর তরজমা করতে হবে (আয়েশার ভাই) আয়েশার চেয়ারে বসেছে।

চতুর্থ ভাগে দেখো, المفتوح কার ছিফাত হয়েছে তা আগের বাক্যে চিন্তা করলেই বোঝা যায়, কিন্তু الصغير কার ছিফাত হয়েছে তা চিন্তা করে বোঝা যায় না।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং চতুর্থ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো-

(১) আমাদের ছোট গ্রাম থেকে একজন গরীব লোক বের হলো এবং এক দূরবর্তী দেশে গেলো। গরীব লোকটি গ্রামে ফিরে এলো। এই গরীব লোকটি এক ধনী লোকের চাচা। ধনী লোকটি খুব কৃপণ।

(২) এই টেবিলের উপরে একটি নতুন পাখা আছে। এটি টেবিলফ্যান। ফাতেমার খালা এই ফ্যানটির সামনে রয়েছেন। এই ক্লাসের শিক্ষিকা একটি নতুন ব্ল্যাকবোর্ডে লিখেছেন।

(৩) ছোট্ট মাজেদা তার বান্ধবীর সাথে একটি নতুন খেলনা দ্বারা খেলেছে। খালেদের বড় বোন নিজের কামরা থেকে বের হলো এবং খাবারকক্ষে গেলো। এই প্রসিদ্ধ মহিলাডাক্তার রাজধানীর হাসপাতাল থেকে বাড়ীতে ফিরেছেন।

(৪) এই মুজাহিদের ধনুক থেকে একটি তীর বের হয়েছে। হে মহান মুজাহিদ! আপনার তূণীরে কি কোন তীর আছে? এটা এক শহীদের কবর। শহীদের কবরটি মসজিদের পাশে আছে। এই মসজিদের পাশে একটি নতুন কবর আছে।

(৫) এই পত্রিকায় একজন প্রসিদ্ধ লেখক লিখেছেন। তোমার ছোট বোন মাগরিব থেকে এশা পর্যন্ত লিখেছে। মাজেদ মেধাবী। মেধাবী মাজেদ। হে মেধাবী মাজেদ! তোমার সহপাঠী কি তোমার পাশে বসেছে, না তোমার পিছনে (বসেছে)?

প্রশ্ন ঃ গরীব লোকটি 'গ্রামে' ফিরে এলো– এখানে 'তার গ্রামে' কেন বলা হয়নি? বাক্যটির আরবী তরজমা কী কী হতে পারে এবং কী হওয়া উত্তম এবং কেন? এ বিষয়গুলো চিন্তা করে উত্তর দাও।

তৃতীয় ভাগে দেখো– 'বাড়ীতে ফিরেছেন', 'তার বাড়ীতে ফিরেছেন', 'নিজের বাড়ীতে ফিরেছেন'। এখানে তিনটি বাক্যই শুদ্ধ। তুমি বিশুদ্ধতার দিক থেকে বাক্য তিনটির শ্রেণী নির্ধারণ করো।

আরবী তরজমায় إلى البيت লেখা শুদ্ধ হবে কি না? বিশুদ্ধ তরজমা কী হবে এবং কেন?

'খাবারকক্ষ'- এর মূলরূপ কী? আরবী তরজমায় কী তারকীব হবে?

(ঙ) **১ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।**

(চ) ফাতেমা ও খালেদ সম্পর্কে কিছু প্রশ্নোত্তর লেখো।

(ছ) বানান দেখো ঃ ধনুক – তীর (যুদ্ধের এবং নদীর) – তূণীর – সহপাঠী – সহপাঠিনী – শুদ্ধ (শুদ্ধ) – নির্ধারণ – মূলরূপ।

তামরীন – ৩

(ক) বাংলায় বলো (এবং বিশেষ প্রশ্নগুলোতে প্রশ্নের ক্ষেত্র নির্ধারণ করো)–

(١) إلى من ذهب ولد راشد ؟ إلى من ذهب ولد راشد المريض ؟ أ إلى الطبيب ذهب ؟ نعم .. ذهب إلى الطبيب – مع من لعب صديقكم

الجديد ؟ لعب مع هذا الولد الصغير - بماذا لعب ؟ أ بهذه الكرة الجديدة لعب ؟

(٢) أين جلست فاطمة الذكية ؟ جلست أمام المعلمة - أ أمام المعلمة جلست هي أم وراء المعلمة ؟ أمامها - كتب زميلنا في كراسته بقلمه - هو كتب بقلمه - هو كتب بقلمه الجديد - أ بقلمه كتب زميلكم أم بقلم ماجد ؟ بقلمه - أ بقلمه الجديد كتب زميلكم أم بقلمه القديم ؟ بقلمه الجديد .

(٣) هل هذا مجتمع إسلامي ؟ لا .. بل هذا مجتمع غير إسلامي - في هذه الجريدة الإسلامية قصة عجيبة - اسم هذه القصة الجندي الشجاع - رجع هذا المجاهد العظيم من الجهاد - في يده قوس و سهم .

(٤) ماذا فعل معلمك في غرفته ؟ أ قرأ هناك أم كتب ؟ كتب ؟ أ لعب هناك؟ لا.. بل كتب - أين كتبت فاطمة الذكية ؟ أ على سبورة الفصل كتبت ؟ نعم .. كتبت عليها ؟ أفي كراستها كتبت أم على سبورة الفصل؟ على سبورة الفصل .

(٥) خرج رسول الله صلى الله عليه وسلم من مكة و ذهب إلى المدينة المنورة - خرج نور الإسلام من قلب المنافق .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং প্রথম বাক্যটির তারকীব লেখো

(গ) ১ ও ২ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) এই সমাজ হলো অন্ধকারের সমাজ, মন্দের ও ফাসাদের সমাজ, আর ইসলামী সমাজ হলো আলোর সমাজ, কল্যাণের ও বরকতের সমাজ। এই ছোট ছেলেটির আব্বা কি কোন মাদরাসার শিক্ষক ? না, তার আব্বা এক কারখানার শ্রমিক।

(২) নতুন ছাত্রীটি তার খাতায় নিজের কলম দ্বারা লিখেছে। এই রান্নাঘর থেকে কে বের হয়েছেন ? সেখান থেকে কি রাশেদের ফুফু বের হয়েছেন, না তার খালা ? তার খালা। রাশেদের বন্ধু কোথায় খেলেছে ? সে কি বাড়ীর বাগানে খেলেছে ? না, বরং সে মাদরাসার বাগানে খেলেছে। সে খেলেছে কি বাড়ীর বাগানে, না মাদরাসার বাগানে ? মাদরাসার বাগানে।

(৩) এই মেধাবিনী মেয়েটি কার কলম দ্বারা লিখেছে ? সে কি নিজের কলম দ্বারা লিখেছে, না আহমদের কলম দ্বারা ? আহমদের কলম দ্বারা। হে রাশেদ! তোমার চাচা কি (তার) দোকান থেকে ফিরেছেন ? হাঁ, ফিরেছেন।

(৪) কৃষকের ছেলে। ধনী কৃষকের ছেলে। এক কৃষকের ছেলে। এক ধনী কৃষকের ছেলে। এক গরীব কৃষকের ছেলে এক ধনী ব্যবসায়ীর বাড়ীতে গেলো। অসুস্থ – অসুস্থতা। লোভী – লোভ।

(৫) পোশাকের সৌন্দর্য উত্তম না কি ইলমের সৌন্দর্য ? ইলমের সৌন্দর্য (পোশাকের সৌন্দর্যের চেয়ে উত্তম)। এক দরিদ্র মহিলার মেয়ে ঐ গাছের নীচে বসেছে। ঐ মুশরিক নারী কি এই ছোট মন্দির থেকে বের হয়েছে ? (শেষ প্রশ্নটিকে প্রথমে সাধারণ প্রশ্নরূপে পড়ো ও আরবী বলো, তারপর أم সহ বিশেষ প্রশ্নরূপে পড় ও আরবী বলো, এবং প্রশ্নের ক্ষেত্র পরিবর্তন করে করে বলো।)

ব্যাখ্যা ঃ প্রথম ভাগে 'তার আব্বা কারখানার শ্রমিক' এ উত্তরটি আর কীভাবে হতে পারে?

(ঙ) **১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।**

(চ) তোমার শিক্ষকের তার কামরা থেকে বের হওয়া এবং শ্রেণীকক্ষে যাওয়া এবং কামরায় ফিরে আসা সম্পর্কে কয়েকটি বাক্য রচনা করো, শ্রেণীকক্ষে তিনি কী কী করেছেন তাও লিখতে পারো।

(ছ) বানান দেখো ঃ কল্যাণ – বিশেষ – দ্বারা – সৌন্দর্য – সাধারণ।

তামরীন – ৪

(ক) বাংলায় বলো–

(١) هل لعب ولد هذا الرجل في حديقة المنزل ؟ ماجد مؤدب – ماجد المؤدب – جلس ماجد المؤدب أمام المعلم – راشد الذكي – يا راشد الذكي! ماذا فعلت في غرفتك ؟ قرأت و كتبت – فاطمة الذكية – يا

فاطمة الذكية ! ماذا كتبت في كراستك ؟

(٢) أيها الجندي الشجاع ! من أين خرجت و إلى أين ذهبت ؟ خرجت من قلعتنا و ذهبت إلى قلعة العدو - أين كتبت يا عائشة ! و بماذا كتبت ؟ كتبت على السبورة بقلم السبورة ·

(٣) ورقة صغيرة - الورقة صغيرة - الورقة الصغيرة جميلة - جمال الشجر في ورقه - فلاح القرية فقير - فلاح القرية الفقير - فلاح القرية الفقيرة - فلاح القرية الفقيرة جائع و عطشان ·

(٤) شاهد بخيل - شاهد البخيل - يا شاهد البخيل ! بخلك عجيب - فاطمة السخية - يا فاطمة السخية ! سخاؤك عجيب خرج ماجد المظلوم من هذه القرية الظالمة ·

(٥) عقل الإنسان نعمة من الله - لذة العلم خير من لذة المال - قلب العبد الصالح حي بذكر الله - رجع العبد إلى ربه بتوبته ·

ব্যাখ্যা ঃ راشد الذكي এটি মাওছূফ ও ছিফাত এবং উভয়টি মা'রিফাহ। তুমি উভয়ের মারিফাহ হওয়ার দিক নির্ধারণ করো।
উপরে راشد এর শেষে তানবীন আছে, কিন্তু يا راشد الذكي এখানে তানবীন নেই, পক্ষান্তরে فاطمة الذكية এবং يا فاطمة الذكية উভয় ক্ষেত্রে তানবীন নেই। বিষয়টি চিন্তায় রেখে পড়ো।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ৩ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) হে আয়েশা! হে ছোট্ট আয়েশা! হে বুদ্ধিমতী মেয়ে! তুমি তোমার কামরায় কি করেছো। আমি পড়েছি ও লিখেছি। তুমি কি সেখানে খেলেছো? না, আমি পড়েছি ও লিখেছি। তুমি কি সেখানে পড়েছো ও লিখেছো, না খেলেছো? পড়েছি ও লিখেছি।

(২) হে শিক্ষক! হে দক্ষ শিক্ষক! আপনি কী দ্বারা ব্ল্যাকবোর্ডে লিখেছেন?

আপনি কি এই নতুন কলমটি দ্বারা লিখেছেন? হাঁ, আমি এই নতুন কলম দ্বারা লিখেছি। হে মাজেদা! তুমি কার কলম দ্বারা তোমার খাতায় লিখেছো? তুমি কি মেধাবী আহমদের কলম দ্বারা লিখেছো?

(৩) আমি শিক্ষকের কামরা থেকে বের হলাম এবং শ্রেণীকক্ষে গেলাম। বশির ছাত্র। ছাত্র বশির। হে ছাত্র বশির! আমি তোমার কামরায় পড়েছি ও লিখেছি, আর তুমি আমার কামরায় খেলেছো।

(৪) ঐ গাছের ডালে একটি সুন্দর পাখী বসেছে। হে ফাতেমা! তুমি এই ছাত্রীটির সাথে তার বাড়ীতে গেছো এবং তার বাগানে খেলেছো, তারপর তুমি তার কামরায় বসেছো। তুমি পাখার নীচে একটি চেয়ারে বসেছো এবং এশা পর্যন্ত পড়েছো।

(৫) তার অন্তরে হিংসা আছে। সে ভালো লোক নয়। হিংসুক জান্নাত থেকে দূরে এবং জাহান্নামের নিকটবর্তী। এই লোকটির অন্তর থেকে কুফুরির অন্ধকার বের হয়ে গেছে।

(ঙ) ১ ও ৩ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) একটি নতুন ছাত্রীকে জিজ্ঞাসা করো, সে কোথেকে বের হয়েছে, কোথায় গেছে? কোথায় বসেছে? কোথায় লিখেছে, কার সাথে খেলেছে, কতক্ষণ লিখেছে, কার কলম দ্বারা লিখেছে ইত্যাদি أم সহ দু' একটি বিশেষ প্রশ্নও থাকতে পারে।

(ছ) বানান দেখো ঃ বুদ্ধিমতী – সুমতি – শ্রেণীকক্ষ – পর্যন্ত – হিংসা – ক্ষণ – কিছুক্ষণ।

তামরীন – ৫

(ক) বাংলায় বলো–

(١) عم محمود – يا عم محمود ! من خرج من غرفتك ؟ خرج ولدي – أ من غرفتك خرج ولدك أم من غرفته ؟ من غرفتي – بنت زينب – يا بنت زينب ! ماذا فعلت في غرفتك إلى العشاء ؟ قرأت و كتبت – إمام المسجد – يا إمام المسجد ! يا خالق الأرض و السماء – أخو ماجد – يا أخا ماجد! يا أبا فاطمة !

(٢) يا إمام المسجد ! أنت خرجت من حجرتك و ذهبت إلى المسجد و جلست أمام المحراب تحت المروحة – يا خالق الأرض و السماء !

قدرتك عجيبة - بقدرتك خرج الفرخ من البيض و خرج البيض من الدجاج ·

(٣) خرج آدم من الجنة و خرجت حواء مع آدم - ماجد الشجاع جلس على مقعد الدبابة - يا فاطمة الذكية ! أنت ذهبت إلي سبورة الفصل و كتبت عليها بقلم السبورة ·

(٤) يا رب هذا البيت ! أنت ربي و أنا عبدك - أنا عبدك الضعيف - أيها الرجل المسلم ! كيف خرج من فمك هذا الكلام ! أيتها المرأة المسلمة ! كيف خرجت من بيتك و ذهبت إلى السوق ! أين حياؤك ؟

(٥) جهادكم بالسيف و جهادنا بالقلم - فلاح الأمة في الدعوة إلى الله - الإنسان في الغفلة و الموت في طلبه - لذة العلم في العمل و لذة العمل في الإخلاص - أيها الرجل ! خرج الإيمان من قلبك و خرج الإسلام من بيتك، فما جوابك أمام الله ؟

প্রশ্ন ঃ حياء المرأة এবং حياؤها উভয় লেখার পার্থক্য দেখো।

'দুনিয়ার আসমান' এবং 'আমাদের আসমান' কথা দু'টি লেখো।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৪ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) কার কুদরতে ইবরাহীম আগুন থেকে বের হয়েছেন ? আল্লাহর কুদরতে বের হয়েছেন। হে খালেদের আম্মা! আপনার স্বামী কি মসজিদে গিয়েছেন? হ্যাঁ, গিয়েছেন। হে রাশেদের বোন! তুমি তোমার খাতায় লিখেছো, আর তোমার ভাই তার খাতায় লিখেছে।

(২) হে এই গ্রামের কৃষক! তোমার ছোট ঘরটি কোথায়? তা একটি উঁচু গাছের পিছনে আছে। হে মসজিদের খাদেম! আপনি খুব উত্তম লোক। হে মাসউদের সহপাঠী! তুমি কি খালেদের সাথে তার বাগানে খেলেছো?

(৩) এই গাভীর ওলানে প্রচুর দুধ আছে। এই গাভীর ওলান থেকে কী বের হয়েছে? তা থেকে কি মধু বের হয়েছে, না দুধ? দুধ। একটি বড় বানর এই বন থেকে বের হলো এবং নিকটবর্তী গ্রামে গেলো।

(৪) ইমরানের নতুন কলমটি তার পকেটে আছে। শিক্ষক মাহমূদের কাছে একটি মূল্যবান বই আছে। রাশেদের মাঝে কৃপণতা আছে, আর হাতিমের মাঝে দানশীলতা আছে। মুশরিকের কবরে আগুন ও আযাব আছে।

(৫) হে মাজেদের ভাই! তোমার নতুন চশমাটি কোথায়? তা আমার কামরায় তেপায়ার উপরে আছে। ঐ মুরগীর পেটে প্রচুর ডিম আছে। তার পেট থেকে একটি বড় ডিম বের হয়েছে।

(ঙ) ১ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) মাহমূদের ভাইকে এবং বোনকে সম্বোধন করে কিছু কথা লেখো।

(ছ) বানান দেখো ঃ আগুন – দোষগুণ – গুণীলোক – স্বামী – স্ত্রী – স্ত্রীলোকের স্বামী – বিচারদিনের স্বামী –

তামরীন – ৬

(ক) বাংলায় বলো–

(١) يجلس هذا الطالب الجديد الآن على مقعده و يقرأ و يكتب – تكتب الطالبة الجديدة على سبورة الفصل – يا أخت ماجد ! متى تلعبين اليوم ؟ ألعب بعد العصر

(٢) يا صديق خالد ! متى يرجع محمود الصياد من تلك الغابة البعيدة ؟ يرجع غدا · تجلس معلمة الفصل على كرسيها الجديد – رجعت أختنا الرابعة من بيت القرية – أيتها البنت الطيبة ! متى تخرج أمك من مطبخها و تذهب إلى الحمام ؟

(٣) أخو سعيد الصغير كتب بقلمه الجديد و أخته الصغيرة كتبت بقلمها القديم – بعد الأذان خرجت من بيتى و ذهبت إلى مسجد القرية الصغير للصلاة – بيتنا قريب من المسجد، بعيد عن السوق – مسجد القرية الصغير جميل جدا ·

(٤) في حقيبة تلميذ / التلميذ كتاب قيم - يا أبا ماجد ! هل عمك معلم هذه المدرسة الجديدة ؟ هذا الفلاح الفقير ساكن قرية بعيدة / القرية البعيدة - أ عند تلميذ كتابك يا ماجد أم عند المعلم ؟ عند المعلم ·

(٥) يلعب الشيطان بعقل الإنسان - حياة الإنسان قصيرة و طريق الحياة طويل و صعب - يخرج المسلم من الصلاة بالسلام ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) হে শ্রেণীকক্ষের শিক্ষক! আপনি এখন কী করছেন? আমি শ্রেণীকক্ষের ব্ল্যাকবোর্ডে লিখছি। আমার ছেলে ঐ বাগানে তার নতুন বন্ধুর সাথে খেলছে। রাশেদের শিক্ষক তার কামরা থেকে বের হয়েছেন। তিনি এখন শ্রেণীকক্ষে যাবেন এবং চেয়ারে বসবেন।

(২) হে ফাতেমার বান্ধবী! তুমি কোত্থেকে বের হয়েছো? তুমি কি ফাতেমার কামরা থেকে বের হয়েছো? এই বাজারের ব্যবসায়ী এখন বাড়ীতে ফিরবে। সে আগামীকাল সকালে তার দোকানে বসবে।

(৩) হে আমার ভাই! তোমার বন্ধু আছরের আগে ও পরে কী করে? সে আছরের আগে পড়ে ও লেখে এবং আছরের পরে খেলে। খেলোয়াড় তারিক কি নিজের বল দ্বারা খেলবে, না তার বন্ধুর বল দ্বারা? তার বন্ধুর বল দ্বারা।

(৪) হে লোক! হে সত্যবাদী! হে ঘরের মালিক! হে একটি ঘরের মালিক! হে নতুন ঘরের মালিক! হে এক নতুন ঘরের মালিক! হে এই ঘরের মালিক! হে এই নতুন ঘরের মালিক! কে এখন তোমার নতুন ঘর থেকে বের হচ্ছে?

(৫) সাহসী খালেদের হাতে একটি ধারালো তলোয়ার আছে। ফাতেমার দামী ঘড়িটি তার নতুন বাক্সে আছে। হে এই গ্রামের ছেলে! তুমি কি কোন কামারের ছেলে, না কোন ছুতারের ছেলে? এক কামারের ছেলে।

(ঙ) ২ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তোমার বন্ধু সম্পর্কে এবং তার সঙ্গে জাদুঘরে যাওয়া ও ফিরে আসা সম্পর্কে কিছু লেখো।

(ছ) বানান দেখো ঃ কোথেকে (ত + থ = থ) – আগামী – আগামীকাল (আলাদা নয়)।

তামরীন – ৭

(ক) বাংলায় বলো–

(١) رسول الله - مسجد رسول الله - باب البيت - باب بيت راشد - غرفة الإمام - غرفة إمام المسجد - مدرسة المدينة - خادم مدرسة المدينة - بيت فلاح القرية - جمال القرية - جمال منظر القرية .

(٢) مسجد رسول الله في المدينة المنورة - باب بيت راشد مفتوح - غرفة الإمام نظيفة - غرفة إمام المسجد نظيفة - منظر القرية جميل - منظر قرية خالد جميل - بيت الفلاح صغير - بيت فلاح القرية صغير - قلم صديق راشد - كتبت بقلم صديق راشد .

(٣) في مسجد رسول الله علم و نور - في غرفة إمام المسجد مروحة جيدة - أمام غرفته شجرة عالية - أجلس مع صديق خالد في ظل هذه الشجرة - يا راشد التاجر! هل تذهب اليوم إلي بيت صديقك ؟ متى يرجع راشد التاجر من بيت صديقه .

(٤) يا أخت فاطمة الذكية ! متى تذهبين إلى بيت قريتك و متى ترجعين؟ أبو صديق ماجد معلم أخي أمنة - جلس راشد بجانبي و أنا جلست بجانبه - أ تلعب يا ماجد و أمامك عمل كثير! يا عائشة الكسلانة ! ماذا تفعلين في غرفتك و في المطبخ عمل كثير !

(٥) أيها الإنسان ! متى تخرج من طاعة الشيطان إلى طاعة الرحمن ؟ متى ترجع من طاعة النفس إلى طاعة الله ؟ يا عبد الله ! حياتك أمانة في يدك، فلا تلعب بحياتك .

প্রশ্ন ঃ يا أخت فاطمة الذكية এখানে الذكية কে প্রথমে أخت এর صفة রূপে পড়ো, তারপর فاطمة এর صفة রূপে পড়ো।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো—

(১) হে বশির! হে বশিরের শিক্ষক! হে মাদরাসার শিক্ষক! হে এই মাদরাসার শিক্ষক! হে এই মাদরাসার নতুন শিক্ষক! হে এই নতুন মাদরাসার শিক্ষক! হে একটি মাদরাসার শিক্ষক! হে একটি নতুন মাদরাসার শিক্ষক!

(২) মানুষের জীবন ও মৃত্যু আল্লাহর হাতে। আমরা আল্লাহর কুদরতের নীচে আছি। বেলাল হলেন আল্লাহর রাসূলের মুআয্‌যিন। হে মাহমূদের ছেলে! তোমার শিক্ষকের আব্বা কি হজ্জ থেকে ফিরেছেন? হে চতুর্থ শ্রেণীর ছাত্র! তুমি খেলবে কি বাড়ীর বাগানে, না মাদরাসার বাগানে?

(৩) এটি ঐ মাদরাসার শিক্ষকের বাড়ী। সিন্দুকের তালার চাবিটি কোথায়? তা ফাতেমার ব্যাগে আছে। রাশেদের আম্মার কাছে একটি দামী ঘড়ি আছে। আমাদের গ্রামের পাশে একটি বড় নদী আছে।

(৪) হে আমার বন্ধু! তুমি কি আমার সাথে বসবে? হাঁ (তোমার সাথে) বসবো। হে দ্বিতীয় মেয়ে! তুমি কোথায় লিখছো এবং কী দ্বারা লিখছো? আমি এই শ্রেণীকক্ষের ব্ল্যাকবোর্ডে একটি চক দ্বারা লিখছি।

(৫) বেলালের বোন তার সুন্দর খেলনাটি দ্বারা খেলছে। হে ছোট্ট ছেলে! তোমার আম্মা একটি পাখার নীচে বসেছেন, তুমি কি তার সাথে বসবে? হে ফাতেমা! আমি এই গাছের ছায়ায় বসেছি, তুমি কি আমার সাথে বসবে?

(ঙ) ২ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) একটি গাছের ছায়ায় বসা এবং সেখানে তোমার বন্ধুর সাথে খেলা সম্পর্কে একটি রচনা লেখো (তোমার বন্ধুটি কেমন এবং সে কার ছেলে এ প্রসঙ্গও আসতে পারে, গাছটি কোথায় আছে এবং তা কেমন সে প্রসঙ্গও আসতে পারে)।

(ছ) বানান দেখো ঃ বশির – শিক্ষক (ক + ষ = ক্ষ) – মানুষ – জীবন – মৃত্যু – নদী – দ্বিতীয় – প্রসঙ্গ (ঙ + গ = ঙ্গ)

তামরীন – ৮

(ক) বাংলায় বলো–

(١) يا خالد الطيب ! اخرج من غرفتك و اذهب مع أبيك إلي المسجد للصلاة – يا تلميذة المعلمة الجديدة! لا تكتبي على غلاف الكراسة – اجلسي أمام مروحة الطاولة و لا تجلسي وراءها . للنوم – للدرس – لماجد – لصديق ماجد .

(٢) يا طالب الصف الثاني ! لماذا تكتب بشمالك ؟ اكتب بيمينك و لا تكتب بشمالك – أيها الولد الطيب ! العب في ملعب القرية و لا تلعب في طريق القرية .

(٣) كتابك مفيد – كتابك هذا مفيد – كراستك جديدة – كراستك هذه جديدة – منديل راشد جميل – منديل راشد هذا جميل – قريتنا هذه قديمة – مسجد القرية ذلك قديم – بندقية ماجد الصياد جديدة – بلدكم هذا فقير جدا .

(٤) مسجد هذه المدينة واسع – مسجد المدينة هذا واسع – ساعة هذا الولد جميلة – ساعة الولد هذه جميلة – صديقنا هذا نشيط و صديقنا ذلك كسلان – يا بنت ! لا تقرئي بعد العصر في غرفتك، بل اخرجي إلى حديقة المنزل و العبي هناك .

(٥) متى يخرج الإنسان من قبره ؟ يخرج يوم القيامة – نحن في مجتمع غير إسلامي المؤمن الشجاع القوي خير عند الله من المؤمن الجبان الضعيف – (ضعف – قوة – شجاعة – جبن)

ব্যাখ্যা ঃ من قبره আরবীতে যামীর দেয়া হয়েছে, কারণ আরবী ভাষা হলো

যামীরের ভাষা, বাংলা তরজমায় যমীরটি আসবে না, কারণ বাংলা ভাষা যামীরের ভাষা নয়।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) এই ছেলেটি সর্বদা রাস্তায় খেলে, তুমি তার সাথে রাস্তায় খেলো না। হে ছাত্রী লায়লা! তুমি সর্বদা দুর্বল আলোতে পড়ো; কখনো দুর্বল আলোতে পড়ো না। হে মুসলিম নারী! তুমি কখনো তোমার ঘর থেকে বের হয়ো না।

(২) তোমার বন্ধু – হে খালেদ! তোমার এই বন্ধু কি আল্লাহর রাস্তায় জেহাদে বের হবে? হাঁ, সে (আল্লাহর রাস্তায় জেহাদে) বের হবে। হে মাসউদ! আমি কী করেছি? তুমি ক্লাসের এই ব্লাকবোর্ডের কাছে গেছো এবং একটি নতুন কলম দ্বারা তাতে লিখেছো।

(৩) হে মাজেদ! হে উত্তম মাজেদ! তোমার এ কাজ অনুত্তম। হে ফাতেমা! তোমার এই কথাটি অনুত্তম। হে খালেদের উত্তম বোন! তোমার এ ভাইটি ভীরু। হে নতুন ছাত্র! তুমি তোমার এই খাতায় লেখো, তোমার ঐ খাতায় লেখো না।

(৪) রাজধানীর ধনী ব্যবসায়ী দোকান থেকে বের হলো এবং বাড়ীতে ফিরে গেলো। হে সাঈদের ভাই! তুমি তোমার ভাইয়ের সামনে বসো, তার পিছনে বসো না।

(৫) হে যায়নাব! তুমি কার সাথে গ্রামের বাড়ী থেকে ফিরেছো? তুমি কি তোমার বোনের সাথে ফিরেছো, না তোমার ফুফুর সাথে? হে আমার বন্ধু! তুমি আমার চোখ থেকে দূরে, কিন্তু আমার হৃদয়ের কাছে। আল্লাহ তাঁর বান্দার নিকটবর্তী।

ব্যাখ্যা ঃ চতুর্থ ভাগের প্রথম বাক্যটি দেখো, ব্যবসায়ী কার দোকান থেকে বের হয়েছে; নিশ্চয় তার নিজের দোকান থেকে, কার বাড়ীতে ফিরে গেছে? নিশ্চয় তার নিজের বাড়ীতে, কিন্তু বাংলা বাক্যে যামীর ব্যবহার করা হয়নি, এখানে যামীর ব্যবহার করা অসুন্দর হতো। কিন্তু বাক্যটির আরবী তরজমায় যামীর ব্যবহার করাটা সুন্দর হবে, অর্থাৎ من دكانه এবং إلى بيته!

যদি তুমি তরজমা করো من الدكان এবং إلى البيت তাহলে তরজমা ভুল না হলেও অসুন্দর হবে।

ফিরলো এবং ফিরে গেলো, উভয়েরই আরবী হলো رجع 'গেলো'-এ শব্দটির জন্য আলাদাভাবে ذهب বলা যাবে না। তদ্রূপ লেখো এবং লিখে ফেলো, উভয়েরই আরবী হলো اكتب। তদ্রূপ বসো এবং বসে পড়ো, এর আরবী হলো اجلس তরজমার ক্ষেত্রে এ বিষয়টি মনে রাখা দরকার।

'সামনে বসো, পিছনে বসো না' এখানে বাংলা ভাষার নিয়মে দুই বাক্যের মাঝে 'এবং' আসেনি, কিন্তু এর তরজমায় আরবী ভাষার নিয়মে و আসবে।

(ঙ) ২ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) আগামীকাল তুমি এবং তোমার বন্ধু কী কী করবে এ সম্পর্কে একটি রচনা লেখো (যেমন, রাজধানীর জাদুঘরে যাবে, কখন যাবে? কার সাথে যাবে? কী ভাবে যাবে, কখন ফিরবে ইত্যাদি। তোমার বাড়ী কোথায়, তোমার বন্ধুর বাড়ী কোথায়, তোমার আব্বার পরিচয়, তোমার বন্ধুর আব্বার পরিচয়– এগুলোও থাকতে পারে।)

(ছ) বানান দেখো ঃ সর্বদা – সবসময় (একসাথে) – ক্লাস – ভীরু – সাহসী – সাহসিনী – দূর – হৃদয় – ব্যবহার – আগামীকাল (একসাথে)।

তামরীন – ৯

(ক) বাংলায় বলো–

(١) أين يقرأ و يكتب صديق أخي آمنة قبل العصر و أين يلعب بعد العصر ؟ يقرأ و يكتب في غرفة صديقه و يلعب في حديقة منزله – متى يخرج خالد التاجر من دكانه و متى يذهب إلى بيته ؟ بقلم من تكتب هذه البنت ؟ أ بقلم أخيها تكتب ؟ لا .. بل (تكتب) بقلمها ·

---

(٢) ذهبت أم راشد الطيبة إلى بيت صديقتها – متى ترجع هي من بيت صديقتها ؟ آليوم أم غدا ؟ غدا – ماذا يفعل أخو مسعود الصغير الآن و ماذا يفعل بعد العصر ؟ يقرأ و يكتب الآن في غرفته، و بعد العصر يلعب بكرته الجديدة هذه ·

(٣) مجتمعكم هذا مجتمع الشر و الفساد – يكتب هذا الكاتب

المشهور في جريدة العاصمة تلك ؟ في يد هذه البنت الصغيرة لعبة جميلة - لعبتها الجميلة غالية - في غرفة صديق راشد مكواة جديدة ·

(٤) يجلس ماجد المؤدب على كرسيه هذا و تجلس أخته الصغيرة على كرسيها الجديد ذلك - إلى أين تذهب طالبة هذا الفصل الجديدة و ماذا تفعل؟ تذهب إلى سبورة الفصل و تكتب على سبورة الفصل بطبشورة ·

(٥) بالمعصية يخرج نور الإيمان من قلب الإنسان - يلجس حافظ القرآن علي منبر النور يوم القيامة - أخوك المسلم في العراق بين النار و الدخان و أنت في بلدك تلعب في الملعب ! هذا أمر عجيب ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং চতুর্থ বাক্যটির তারকীব লেখো

(গ) 8 ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) রহমাতুল্লাহর কবর কি তার দাদার কবরের পাশে? হাঁ, তার কবর তার দাদার কবরের পাশে। মানুষ কি কেয়ামতের আগে তার কবর থেকে বের হবে? না, বরং কেয়ামতের দিন বের হবে।

(২) খালেদা এই গ্রামের মেয়ে। সে রাজধানীর বাড়ী থেকে (তার) গ্রামের বাড়ীতে ফিরেছে। এই লোকটি তার কামরায় পাখার নীচে বসবে, আর তার মেয়ে তার পাশে বসবে এবং পড়বে ও লিখবে।

(৩) হে ফাতেমার বোন, তুমি তোমার খাতায় লেখো, তোমার বান্ধবীর খাতায় লিখো না। আমি আমার নতুন খাতায় লিখেছি, আর ইমরানের ছোট বোন তার পুরোনো খাতায় লিখেছে।

(৪) এক ধনী মহিলার কামরায় একটি বড় আয়না আছে। এক বড় আলিমের বাড়ীতে একটি মূল্যবান কিতাব আছে। আমি ঐ কিতাবটির জন্য তার বাড়ীতে যাবো।

(৫) হে আমার ভাই, তুমি সৎ ছেলের সাথে খেলো, কোন অসৎ ছেলের সাথে খেলো না। মুমিন মৃত্যুর মাধ্যমে দুনিয়ার কারাগার থেকে বের হয় এবং আপন প্রতিপালকের কাছে যায়। আমার ভাই নামাজের জন্য একটি দূরবর্তী মসজিদে গেছে।

(ঙ) ৪ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তোমার বন্ধু আছরের পর এবং মাগরিবের আযানের পর কী করেছে তা লেখো, (যদি খেলে থাকো তাহলে কোথায় খেলেছো, খেলার মাঠটি কেমন এ সম্পর্কেও লিখতে পারো, যদি নামাজের জন্য মসজিদে গিয়ে থাকো তাহলে মসজিদ এবং তার হাউয কেমন তাও লিখতে পারো।)

(ছ) বানান দেখো ঃ পাশে – ধনী – মূল্য – মূল – শিকড় – সৎ – সতী।

তামরীন – ১০

(ক) বাংলায় বলো–

(١) هذه بندقية راشد الصغيرة – عند راشد الصياد قرن ظبي – قرن الظبي – قرن الظبي الجميلُ – قرن الظبي الجميلِ – قرن الظبي الجميل غال – في قلب هذا الرجل الغني نفاق – الكسل سبب الفقر و النشاط سبب الغنى .

(٢) أنا ما كتبت بقلم هذا الولد بل كتبت بقلم صديق هذا الولد – ساعة صديق خالد غالية – ساعة صديق خالد الغالية في علبة جميلة – ما جلست هذه البنت النظيفة على الأرض، بل جلست على فراشها النظيف – أنا لا أخرج من غرفتي قبل السادسة صباحا .

(٣) لا يرجع أبو ماجد التاجر إلي بيته قبل الرابعة مساء – يا فاطمة ألا ترجعين من بيت القرية في السابعة صباح الغد ؟ هذه الطبيبة لاتذهب إلي عملها في المستشفى قبل الثامنة صباحا، بل تذهب بعدها – أنا لا أقرأ و لا اكتب مساء اليوم من الرابعة إلى الخامسة .

(٤) ما لعبت اليوم مع أحد و لا ألعب غدا - ما خرجت عائشة الكسلانة اليوم من غرفتها - ألا تلعب معنا يا صديقنا القديم؟ هل تقرأ فاطمة و تكتب في غرفتها ؟ لا.. لا تقرأ و لا تكتب في غرفتها بل تلعب في حديقة المنزل الصغيرة ٠

(٥) هذا يوم الجمعة - هذا يوم مبارك - يومنا هذا يوم مبارك - يومي - تلاوة القرآن عمل يومي - الصلاة عبادة يومية - أسبوع - أسبوعي - مجلس أسبوعي - حفلة أسبوعية - شهر - شهري - سنة - سنوي - امتحان سنوي - امتحاننا السنوي قريب جدا - في العطلة الشهرية أذهب إلى كاكس بازار ٠

ব্যাখ্যা ঃ قبل الخامسة (পাঁচটার আগে) এখানে একটি موصوف উহ্য আছে, অর্থাৎ قبل الساعة الخامسة

ساعة অর্থ একটি ঘড়ি, অন্য অর্থ হলো, এক ঘণ্টা। সুতরাং قبل الساعة الخامسة এর শাব্দিক অর্থ হবে- পঞ্চম ঘণ্টার আগে।

مساء اليوم এখানে একটি ظرف কে আরেকটি ظرف এর দিকে إضافة করা হয়েছে। মূলত ছিলো এই- اليوم مساء (উভয় ক্ষেত্রে বাংলা তরজমা হবে- আজ সন্ধ্যায়।)

صباح اليوم এবং صباح الغد সম্পর্কেও একই কথা।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৩ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো-

(১) হে গ্রামের গরীব ব্যবসায়ী! তুমি আজ শহরের মার্কেটে যাওনি এবং আগামীকালও যাবে না, তাহলে কবে যাবে? তুমি কি আগামী পরশু যাবে? শিক্ষকের কামরার দরজাটি বন্ধ, তবে তার জানালাটি খোলা। চতুর্থ মেয়েটি পঞ্চম মেয়েটির বান্ধবী। প্রথম ছেলেটির নাম বশির এবং প্রথম মেয়েটির নাম আয়েশা।

(২) হে আমেনা, তুমি তোমার স্থানে বসো, তোমার বান্ধবীর স্থানে বসো না। আমি রাত দশটায় বিছানায় যাই। শিক্ষিকা ফারহানা আগামীকাল সকাল

সাতটায় তার গ্রামের বাড়ী থেকে ফিরবেন।

(৩) আমি আজ আমার কামরায় সকাল আটটা থেকে দশটা পর্যন্ত পড়বো এবং লিখবো। এটা মাজেদের ভাইয়ের কলম। আমি এই কলম দ্বারা লিখবো না, বরং আমার এই কলমটি দ্বারা লিখবো। ফাতেমার শিক্ষিকা কোথায় বসেছেন এবং কার সামনে বসেছেন?

(৪) এটি ছুটির দিন। হে মাজেদের সহপাঠী! তুমি ছুটির দিনে কোথায় বের হচ্ছো? তুমি তোমার সাপ্তাহিক ছুটিতে কী করো? হে প্রসিদ্ধ লেখক! আপনি কি রাজধানীর এই দৈনিক পত্রিকায় লেখেন, না ঐ মাসিক পত্রিকায়?

(৫) এই মুজাহিদের হাতে একটি বড় তলোয়ার আছে। এই মুজাহিদ তলোয়ার হাতে আল্লাহর রাস্তায় জিহাদে বের হয়েছেন। হে ধনী ব্যবসায়ী! কেন তুমি কখনো গ্রামের বাড়ীতে যাও না? হে গ্রামের কৃষকের ছেলে! কেন তুমি লেখাপড়া করো না? আমাদের এই গ্রামটি রাজধানী ঢাকা থেকে অনেক দূরে।

প্রশ্ন ঃ 'আমি বিছানায় যাই'– এর তরজমা কি أذهب إلى الفراش হতে পারে? সুন্দর তরজমা কোনটি এবং কেন ? বলো।

ব্যাখ্যা ঃ 'তলোয়ার হাতে' এর তরজমা একটু চিন্তা করে করতে হবে, মূল বক্তব্যটি হচ্ছে 'তলোয়ার সহ বের হয়েছেন, তবে مع এর পরিবর্তে ب ব্যবহৃত হবে।

'রাজধানী ঢাকা' এর আরবী দু' রকম হতে পারে, العاصمة داكا এবং عاصمةداكا

(ঙ) ৩ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) একটি দৈনিক পত্রিকা সম্পর্কে অন্তত দশটি বাক্যের রচনা লেখো ('আমাদের আব্বার কামরায় একটি দৈনিক পত্রিকা আছে' এভাবে শুরু করতে পারো, তারপর নাম-গুণ-লেখক– ইত্যাদি প্রসঙ্গ আসতে পারে। তুমি তাতে লিখবে কিনা বা লিখেছো কিনা তাও উল্লেখ করতে পারো।)

(ছ) বানান দেখো ঃ গরীব – উহ্য – পাঁচ – পঁচিশ – পঁয়ত্রিশ – পঁচাশি – পঁচানব্বই – ঘণ্টা ('ঘন্টা' নয়) – সন্ধ্যা – সপ্তাহ – সাপ্তাহিক – লেখাপড়া (একসাথে)।

তামরীন – ১১

(ক) বাংলায় বলো–

(١) جلست فاطمة على كرسيها أمام الطاولة - كتابها المفتوح

أمامها على الطاولة - هي تقرأ و تكتب في غرفتها من الثالثة مساء إلى الخامسة - أيها الرجل ! لا تخرج الآن من المسجد - لا يخرج العبد الصالح بعد الأذان من المسجد، بل يخرج بعد الصلاة ·

(٢) ما رجع معلمنا الجديد اليوم من تلك القرية البعيدة ؟ أ بالسيارة ذهبت يا ماجد إلى المدينة ؟ لا .. ما ذهبت بالسيارة، بل بالدراجة النارية ·

(٣) سلاح الحديد - سلاح حديدي - قفص الأسد الحديدي ذهب فضة - الذهب خير من الفضة - ذهبي - فضي - شعر ذهبي - شعر هذه البنت ذهبي - دينار ذهبي - درهم فضي - عقد ذهبي - عقد فاطمة الذهبي في علبة فضية- هذا خاتم فضي/ خاتم فضة ·

(٤) هذا كتاب ديني - في هذا الكتاب قصة دينية - يا ولد ! أنا لا أجلس بجانبك على هذا الكرسي، بل أجلس علي الكرسي الرابع بجانب ذلك الولد - ماذا تفعل في هذه العطلة السنوية ؟ أخرج إلي الجهاد في سبيل الله ·

(٥) دعوتنا إلي الله و إلى الجهاد و دعوتكم إلي الكفر و إلى الفساد · دعوتنا دعوة دينية و دعوتكم دعوة شيطانية - قلم الكاتب الصالح في خدمة الإسلام و قلم الكاتب الفاسق في خدمة الشيطان ·

ব্যাখ্যা ঃ ياء النسبة এর বাংলা তরজমা কখনো ইযাফতের মত হয়, যেমন دينار ذهبي স্বর্ণের দীনার درهم فضي রূপার দিরহাম। কখনো মাওছুফ-ছিফাতের মত হয়, যেমন شعر ذهبي সোনালী চুল।

قفص حديدي এর তরজমা লৌহখাঁচা এবং লোহার খাঁচা দু'টোই হতে পারে।

مؤنث শব্দের সঙ্গে ياء النسبة যুক্ত হলে ة পড়ে যায়। যেমন فضة থেকে فضي হবে।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ১ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) হে খালেদের বন্ধু! তুমি কখন খালেদের সাথে গ্রামের বাজারে যাবে? আমি (তার সাথে) আছরের পর (গ্রামের বাজারে) যাবো। এই সিংহটি লোহার খাঁচা (লৌহখাঁচা) থেকে বের হবে এবং বনে চলে যাবে। হে খেলোয়াড় তারিক! তুমি তোমার নতুন বন্ধুর সাথে এই বাড়ীর বাগানে তোমার এই বলটি দ্বারা খেলো।

(২) ফাতেমার বোন কতক্ষণ পড়ে এবং ঘুমানোর জন্য কখন বিছানায় যায়? সে এশা পর্যন্ত পড়ে এবং রাত নয়টায় বিছানায় যায়। হে বেলাল! তুমি কার সামনে বসেছো? তুমি কি তোমার শিক্ষকের সামনে বসেছো?

(৩) শহরের মসজিদের মিনারটি খুব উঁচু। তোমাদের বাড়ী কি মসজিদের কাছে, না দূরে? হে ফাতেমার ছাত্রী! তুমি কার কলম দ্বারা তোমার খাতায় লিখছো? আমার আম্মা আজ বিকাল চারটায় এক প্রসিদ্ধ মহিলাডাক্তারের কাছে গেছেন এবং পাঁচটায় বাসায় ফিরেছেন।

(৪) ফাতেমা তোমার সাথে খেলবে না, বরং তার বান্ধবীর সাথে খেলবে। হে বেলাল! তুমি কি আজ শহরে যাবে? না, আজ যাবো না, আগামীকাল যাবো। এই লোকটির কলব থেকে ঈমানের নূর বের হয়ে গেছে।

(৫) মাজেদের আম্মা খুব অসুস্থ। মাজেদ ঔষধের জন্য শহরের ডাক্তারের কাছে গেছে। মাজেদের ভাই তার সাথে যায়নি; সে তার আম্মার পাশে আছে। দুর্গের লৌহদ্বারের সামনে একটি বড় কামান আছে। সউদী পতাকায় ঈমানের কালিমা রয়েছে।

ব্যাখ্যা ঃ প্রথম ভাগের প্রথম প্রশ্নের উত্তরটি দেখো। বন্ধনী দিয়ে বোঝানো হয়েছে যে, প্রশ্নের এই অংশগুলো উত্তরের সময় বলার প্রয়োজন নেই।

আমি যাবো– এর তরজমায় শুধু أذهب বলা যথেষ্ট। أنا أذهب বলার প্রয়োজন নেই।

তৃতীয় ভাগের দ্বিতীয় বাক্যটি দেখো, এখানে 'দূরে'–এর পূর্বে 'তা থেকে'

এই কথাটি উহ্য রয়েছে, বাংলায় এটা উল্লেখ করা অসুন্দর। কিন্তু আরবীতে بعيد এর পরে عنه উল্লেখ করা জরুরী। (মূলের সাথে তরজমার এ ধরনের অনেক পার্থক্য হয়ে থাকে।)

(ঙ) ২ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তোমার মাদরাসা সম্পর্কে এবং মাদারাসায় তোমার যাওয়া-আসা সম্পর্কে কিছু কথা লেখো।

(ছ) বানান দেখো ঃ স্বর্ণ – সোনালি (ও সোনালী) রূপা – রূপালি (-লী) – সিংহ – দ্বার – কতক্ষণ – অসুস্থ – স্বাস্থ্য - স্বাস্থ্যবান – স্বাস্থ্যবতী – ঔষধ (কথ্য ভাষায় অষুধ লেখা যায়)।

তামরীন – ১২

(ক) বাংলায় বলো–

(١) يا صديق ماجد ! - يا عم صديق ماجد! ألا تذهب معنا إلى مدرسة المدينة ؟ بلى أذهب - أ ما لعبت بنت عثمان اليوم مع صديقتها ؟ نعم .. ما لعبت - أ لا يكتب تلميذ الفصل الجديد على السبورة ؟ نعم .. لا يكتب ؟ فمن يكتب ؟ يكتب التلميذ القديم .

(٢) يا راشد! مع من تلعب في حديقة منزلك ؟ ألعب مع صديقنا هذا - متى خرجت مع زميلك من ساحة المدرسة ؟ خرجت في السادسة مساء - يد - يدوي   هذه ساعة يدوية   ساعة خالد اليدوية غالية جدا .

(٣) مع هذا المجاهد الشجاع قنبلة يدوية - هذه جريدة صباحية و تلك جريدة مسائية - سماء - سماوي - الإسلام دين سماوي   أنا أكتب بيميني و هذا الولد يكتب بشماله .

(٤) هذا كتاب خالد - هذا الكتاب لخالد - لخالد كتاب   هذا الكتاب لخالد و ذلك الكتاب لصديقه - لعائشة حقيبة

الحقيبة لعائشة - لمن الجنة و لمن النار؟ الجنة للمسلم و النار للمشرك - لصديق ماجد ساعة جديدة - الساعة الجديدة لصديق ماجد - هذه سيارة تاجر غني - لتاجر غني سيارة - السيارة لتاجر غني .

(٥) لماجد - لماجد الذكي - لماجد الذكي قاموس جيد - هذا القاموس الجيد لماجد الذكي - لفاطمة - لفاطمة الذكية - لفاطمة الذكية خارطة عالمية - هذه الخارطة العالمية لفاطمة الذكية - ماذا لخالد ؟ لخالد كتاب - لمن هذا الكتاب ؟ هو لخالد - ماذا لعائشة ؟ لعائشة حقيبة ؟ لمن الحقيبة ؟ هي لعائشة .

ব্যাখ্যা ঃ এটি রাশেদের বই – এখানে ‘র’ দুই শব্দের মাঝে আছে। এটি ইযাফতের আলামত। সুতরাং এর তরজমা হলো هذا كتاب راشد ‘বইটি রাশেদের’ এখানে ‘র’ শেষে এসেছে। এটি ل এর আলামত। সুতরাং এর তরজমা হবে الكتاب لخالد

‘রাশেদের একটি বই আছে’ – এখানে ‘র’-এর পরে ‘একটি’ রয়েছে, এটিও ل এর আলামত। সুতরাং এর তরজমা হলো لخالد كتاب

উপরের অনুকরণে নীচের বাংলা বাক্যগুলো ব্যাখ্যা করো এবং আরবীতে তরজমা করো।

(ক) এটি শিক্ষকের চশমা (খ) চশমাটি শিক্ষকের

(গ) এই শিক্ষকের ‘একটি’ চশমা আছে।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং পঞ্চম বাক্যটির তারকীব লেখো

(গ) ১ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) হে মাজেদ! তুমি কি তোমার নতুন বন্ধুর সাথে খেলবে না? না, (হাঁ) খেলবো না। হে নতুন ছাত্রী! তুমি কি তোমার কলমটি দ্বারা লেখো নি? হাঁ, (অবশ্যই) লিখেছি।

(২) হে এক ধনী ব্যবসায়ীর ছেলে! তুমি কি এই গরীব ছেলেটির পাশে বসবে না? হাঁ, বসবো। হে নেক ছেলে! তুমি কি আছরের নামাযের পর মসজিদ থেকে বের হবে? হাঁ, বের হবো। তুমি কি আছরের পর তোমার কামরায়

পড়বে ও লিখবে? না, পড়বো না ও লিখবো না।

(৩) এটি বিশ্বমানচিত্র। এই বিশ্বমানচিত্রটি আমাদের নতুন শিক্ষকের। এই বাড়ীর মালিকের একটি সুন্দর গাড়ী আছে। সুন্দর গাড়ীটি এই বাড়ীর মালিকের।

(৪) এই ছুতারের হাতে একটি ধারালো করাত আছে। এই ছুতারের একটি ধারালো করাত আছে। ধারালো করাতটি এই ছুতারের। এই মেয়েটির একটি রূপার বালা এবং একটি স্বর্ণের হার আছে।

(৫) তুমি আজ রাত দশটায় ঘর থেকে বের হয়ো না এবং শহরে যেয়ো না। ফাতেমা এই নতুন বলটি দ্বারা খেলবে না, বরং ঐ পুরোনো বলটি দ্বারা খেলবে। আমি এই লোকটির পিছনে মাজেদের চেয়ারে বসবো, তার সামনে তৃতীয় চেয়ারটিতে বসবো না।

ব্যাখ্যা ঃ প্রথম ভাগে দেখো, 'না' -এর পরে বন্ধনীতে 'হাঁ' যোগ করে বোঝানো হয়েছে যে, এ ক্ষেত্রে বাংলায় 'না' রয়েছে, কিন্তু তার তরজমায় আরবীতে نعم হবে। তদ্রূপ 'হাঁ' এর পরে বন্ধনীতে অবশ্যই যোগ করে বোঝানো হয়েছে, আরবীতে এখানে 'হাঁ' -এর বিপরীতে بلى হবে।

পঞ্চম ভাগে দেখো– 'আজ রাত দশটায়' এখানে 'আজ' দ্বারা রাতকে নির্দিষ্ট করা উদ্দেশ্য, সুতরাং এর তরজমা হবে الليلة في العاشرة 'আজ' শব্দটির জন্য اليوم ব্যবহার করা যাবে না।

শুধু 'রাত দশটায়' বলা হলে আরবী হবে في العاشرة ليلا / العاشرةَ ليلا

(ঙ) ১ ও ৩ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) যে কোন বিষয়ের উপর দশ বাক্যের একটি রচনা লেখো।

(ছ) বানান দেখো– বন্ধনী – বিপরীত – অবশ্যই – নির্দিষ্ট – সুতরাং – স্বর্ণ – রূপা

তামরীন – ১৩

(ক) বাংলায় বলো–

(١) نهر بلادنا هذا طويل و عميق – ألا يلعب أخو عمران معنا ؟ نعم .. لا يلعب (أو : بلى .. يلعب) · هذا منجل فلاح فقير و تلك مطرقة حداد مشهور · تلك المطرقة لحداد مشهور ·

(٢) لا تجلس على قبر أحد أبدا – أختنا الصغيرة بنت طيبة ، تصدق دائما و لا تكذب أبدا – نزل الراكب من الطائرة ، و ذهب إلى

سيارته الجديدة - أيها الأخ العزيز ! أنت مريض و مرضك شديد، فلا تنزل من سريرك و لا تخرج من الغرفة .

(৩) ينجح المجتهد في حياته و لا ينجح الكسلان - يا ولد عم ماجد! ألا تسبح اليوم في ماء الحوض ؟ نعم .. لا أسبح و لا أنزل في الماء - أيتها البنت الكسلانة ! كيف تنجحين في حياتك مع هذا الكسل العجيب .

(৪) يا أخت عثمان التاجر! أ بيمينك تأكلين و تشربين أم بشمالك ؟ بيميني - أيها الولد الطيب ! كل و اشرب بيمينك و لاتأكل و لا تشرب بشمالك ؟ بيت الإمام قريب من مسجده .

(৫) ينزل الملك من السماء صباحا و مساء - للجنة باب، اسمه ريان - الأمانة في هذا المجتمع الفاسد قليلة و الخيانة كثيرة .

ব্যাখ্যা ঃ كل و اشرب এর শাব্দিক অর্থ– আহার করো এবং পান করো, তবে বাংলায় এভাবে তরজমা করা যায়, পানাহার করো।

প্রশ্ন ঃ بيت الإمامُ এখানে الإمام এর একটি مضاف إليه উল্লেখ করে বাক্যটি বলো। من مسجده এখানে مسجد এর একটি ছিফাত উল্লেখ করে বাক্যটি বলো।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং পঞ্চম বাক্যটির তারকীব লেখো

(গ) ৩ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) এক সুন্দর সকালে আমি আমাদের গ্রাম থেকে বের হলাম এবং সমুদ্রের তীরে গেলাম এবং সমুদ্রের পানিতে নামলাম এবং সাঁতার কাটলাম। হে নেক বান্দা! আপনার উপর আল্লাহর রহমত নাযিল হবে। কেননা আপনি সর্বদা সত্য বলেন, কখনো মিথ্যা বলেন না।

(২) আমি আজ মাগরিব পর্যন্ত পানাহার করবো না। কেননা আমি রোযাদার। এটা রমযান মাস। এটা বরকতময় মাস। এই বরকতময় মাসে ইসলামী উম্মাহর উপর আল্লাহর রহমত নাযিল হয়।

(৩) এই উত্তম মেয়েটি জীবনে কখনো মিথ্যা বলে নি। এই লোকটি খুবই হিংসুক। তার বুকে হিংসার আগুন আছে। এই লোকটি শয়তানের ভাই, কেননা সে বাম হাতে পানাহার করে। আমি বাম হাতে পানাহার করি না, বরং ডান হাতে পানাহার করি, কেননা আমি মুসলিম।

(৪) এই বিশ্বজগতের একজন স্রষ্টা রয়েছেন। আল্লাহ বিশ্বজগতের স্রষ্টা। হে ফাসিক, শয়তান তোমাকে নিয়ে খেলছে, সুতরাং তুমি তোমার প্রতিপালকের নিকট ফিরে এসো।

(৫) হে বেলালের সহপাঠিনী! আমি কখনো তোমার সাথে খেলবো না, কেননা তুমি সবসময় মিথ্যা বলো, কখনো সত্য বলো না। হে খালেদের চাচা, আমাদের সাথে আমাদের দস্তরখানে বসুন এবং বিসমিল্লাহ বলে আহার করুন। আমি সকাল নয়টায় কামরা থেকে বের হই এবং আমার বোনের সাথে আমের স্কুলে যাই।

ব্যাখ্যা ঃ 'কখনো মিথ্যা বলবো না' -এর আরবী হলো لا أكذب أبدا কখনো মিথ্যা বলিনি -এর আরবী হলো ما كذبت قط অর্থাৎ ভবিষ্যতের ক্ষেত্রে হবে أبدا আর অতীতের ক্ষেত্রে হবে قط

এই মেয়েটি জীবনে মিথ্যা বলেনি, -এর তরজমায় যদি বেলা ما كذبت هذه البنت في الحياة তাহলে অসুন্দর হবে, কারণ আরবী ভাষা হলো যামীরের ভাষা, তাই في حياتها বললেই সুন্দর হবে।

দস্তরখানে বসেছে, এটি على অব্যয়যোগে হবে অর্থাৎ جلس على المائدة বিসমিল্লাহ বলে – এর আরবী হলো باسم الله অর্থাৎ আল্লাহর নাম দ্বারা কিংবা بسم الله অর্থাৎ বিসমিল্লাহ দ্বারা।

প্রশ্ন ঃ পঞ্চম ভাগে দু'টি বাক্যের মাঝে এবং নেই, কিন্তু আরবীতে ঐ বাক্য দু'টির মাঝে , হবে। বাক্য দু'টি চিহ্নিত করো।

(খ) ৩ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(গ) তুমি তোমার সম্পর্কে এবং তোমার বোন সম্পর্কে কিছু কথা লেখো।

(ঘ) বানান দেখো ঃ সমুদ্র – সাগর – তীর (ধনুকের ও সমুদ্রের) নদীর এপার ওপার – নদী পার হওয়া। নদীর পাড় ভাঙ্গা – বিশ্ব – জগত – বিশ্বজগত – সৃষ্টি – স্রষ্টা – শ্রেষ্ঠ।

তামরীন – ১৪

(ক) বাংলায় বলো–

(١) محمود أخونا و مسعود أخوكم – محمودنا خير من مسعودكم

لهذه القلعة باب حديدي - باب هذه القلعة الحديدي قوي جدا - لي - له - لها - لكَ - لكِ - لنا - لهم - لهن - لكم - لكن - لنا علم و لكم مال، و العلم خير من المال .

(٢) أ لك أخ ؟ نعم .. لي أخ صغير - في يد هذا النجار الماهر منشار حاد - له مهارة في عمله - إنسان - إنساني - حيوان - حيواني - أ مجتمع إنساني هذا أم مجتمع حيواني ؟

(٣) سعيد - سعادة - يوم سعيد - أسرة سعيدة - رجل سعيد - حياة سعيدة - سعادة الإنسان في علمه لا في ماله - هذه جريدة صباحية و تلك جريدة مسائية - في هذه الجريدة اليومية قصة نجاح رجل مجتهد .

(٤) أيها الرجل ! كيف تضحك على مصيبة أخيك - لا تضحك على مصيبة أحد - لا تقرأ و لا تكتب أبدا في ضوء ضعيف - لا تقرئي يا فاطمة ! بصوت عال - ريف - ريفي - فتى - فتاة - فتاة ريفية خرجت في لباس ريفي .

(٥) أيها الولد ! لأبيك و أمك عليك حق، و لأخيك المسلم عليك حق، و لربك عليك حق - عليَّ - عليه - عليها - عليك - عليكِ - علينا - عليهم - عليهن - عليكم - عليكن - رحمة الله علينا و عليكم .

ব্যাখ্যা ঃ ل হচ্ছে একটি حرف الجر - এটি সাধারণ ইসমের শুরুতে কাসরাযুক্ত হয়। পক্ষান্তরে لي ছাড়া অন্যান্য যামীরের সাথে ফাতহাযুক্ত হয়।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ৩ ও 8 এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) সাঁতার কাটা খুব উপকারী। হে খালেদের ভাই! তুমি প্রতিদিন মাদরাসার

পুকুরে সাঁতার কেটো। আমি নদীতে সাঁতার কাটবো, সুইমিংপোলে সাঁতার কাটবো না। এই চাঁদ আসমানে ভেসে বেড়াচ্ছে।

(২) এই লোকটি এক উঁচু পাহাড় থেকে নেমেছে। আমি কখনো নদীতে সাঁতার কাটিনি। আমাদের আম্মা আমাদের আব্বার সঙ্গে গ্রামের বাড়ী থেকে ফিরেছেন। আম্মা এখন কার থেকে নামবেন এবং আব্বার সঙ্গে তাদের কামরায় যাবেন।

(৩) এই পাশবিক সমাজে মানুষ কোথায়? রোগীর সেবা একটি মানবিক কাজ। হে উত্তম ছেলে, তোমার সত্য বলা তোমার জন্য উত্তম। এই মাদরাসার নতুন শিক্ষকের একটি নতুন অভিধান রয়েছে।

(৪) এই বিমান থেকে একজন মহিলাযাত্রী নেমেছে। আমি এই রেলস্টেশনে নামবো না। হে আমেনা, তুমি কেন শিক্ষিকার সামনে হাসো? কখনো শিক্ষিকার সামনে হেসো না। মাছ কোথায় সাঁতার কাটে?

(৫) আমার মাঝে এবং এই ছেলেটির মাঝে গভীর বন্ধুত্ব রয়েছে। মানুষের মাঝে এবং শয়তানের মাঝে প্রাচীন শত্রুতা রয়েছে। হে আল্লাহর বান্দা, তুমি সত্য বলেছো। হরিণের চামড়া সুন্দর। হরিণের সুন্দর চামড়া। সুন্দর হরিণের চামড়া। মানুষের হৃদয় তার বুকে আছে এবং তার মস্তিষ্ক তার মাথায় আছে। দু'আ হলো ইবাদতের মগজ।

ব্যাখ্যা ঃ 'রেলস্টেশন'-এর মূলরূপ হলো রেলের স্টেশন, সুতরাং এই দিকটি লক্ষ্য রেখে আরবী বলতে হবে।

(ঙ) **১ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।**

(চ) নিজের পক্ষ হতে বিভিন্ন প্রকার পনেরটি বাক্য লেখো।

(ছ) বানান দেখো ঃ পশু – পাশবিক – মানুষ – মনুষ্যত্ব – মস্তিষ্ক – যাত্রী – মহিলাযাত্রী – সাঁতার।

তামরীন – ১৫

(ক) বাংলায় বলো–

(١) لا يسقط الماء من هذا الإناء - دمعة - الدمعة - الدمع سقطت من عينه دمعة - يا فاطمة ! احضري في الفصل أمام المعلمة - هل ينجح الطالب الكسلان في الامتحان و هل يسقط الطالب المجتهد ؟

(٢) يا عم ماجد ! متى تحضر اليوم في بيتنا ؟ احضر في الخامسة مساء - تطلع الشمس صباحا و تغرب مساء - غضبت صديقة سعاد على سعاد، لأنها كذبت و ما صدقت - يا خالد! لا تغضب على أحد .

(٣) سنة - سنوي - نجحت أختنا الصغيرة في الامتحان السنوي - يا صديق ماجد ! أ بيمينك تأكل و تشرب أم بشمالك ؟ ظهر هلال العيد في أفق السماء - طلع البدر علينا - يطلع القمر في الليل و تطلع الشمس في النهار - قمر الليل - شمس النهار - شمس الصباح .

(٤) طلوع الشمس و غروبها - نجاح الطالب و سقوطه في الامتحان - سقوط الماء - سقوط المدينة - جلوس المعلم - حضور الطالب - دخول الولد في الغرفة و خروجه منها .

(٥) يظهر الحق على الباطل - ظهر الفساد في البر و البحر بفساد عمل الإنسان - ظهر نور الإسلام من أفق مكة .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ৩ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) আজ কখন তুমি ক্লাসে উপস্থিত হয়েছো? তুমি কি প্রতিদিন সময়মতো ক্লাসে উপস্থিত হও? আমি গ্রামের খেলার মাঠে প্রতিদিন আছরের পরে খেলি। একটি ছোট ছেলে পোলের উপর থেকে নদীতে পড়ে গেছে।

(২) তুমি এই সিঁড়ি দ্বারা বাড়ীর ছাদ থেকে নামো। এই ছেলেটি হাসে নি, বরং ঐ মেয়েটি হেসেছে। হে পরিশ্রমী ছাত্র! তুমি কি মাদরাসার মাসিক পরীক্ষায় কৃতকার্য হয়েছো? আপেলগাছ থেকে একটি বড় আপেল মাটিতে পড়েছে।

(৩) মাজেদের বোনের একটি সোনার হার এবং একটি রূপার বালা আছে।

কখন চাঁদ উদিত হয় এবং কখন সূর্য উদিত হয়? হে মেয়ে! তোমার হাত থেকে কী পড়লো? আমার হাত থেকে একটি ছোট কৌটা পড়েছে।

(৪) হে আমার প্রিয় বন্ধু! কেন তুমি আমার সাথে রাগ করেছো। এই মসজিদের ইমাম আজ উপস্থিত হন নি, কেননা তিনি অসুস্থ। তোমার সত্যবাদিতা এবং এই ছেলেটির মিথ্যাবাদিতা প্রকাশ পেয়ে গেছে।

(৫) হৃদয়ের সৌন্দর্য চেহারার সৌন্দর্য হতে উত্তম। আমাদের পরিশ্রমী আয়েশা পরীক্ষায় কৃতকার্য হয়েছে, আর তোমাদের অলস সুয়াদ অকৃতকার্য হয়েছে। এই গাছের ফল তিক্ত এবং ঐ গাছের ফল মিষ্ট। সত্যের তিক্ততা মিথ্যার মিষ্টতা থেকে উত্তম।

ব্যাখ্যা ঃ 'মাটিতে' অর্থাৎ মাটির উপর, অর্থাৎ যমিনের উপর।

(ঙ) ১ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) যে কোন বিষয়ে দশটি বাক্যের একটি রচনা লেখো।

(ছ) বানান দেখো ঃ ক্রোধ – ক্রুদ্ধ – রাগ – রাগান্বিত – মিথ্যাবাদিতা – পরীক্ষা – কৃতকার্য

তামরীন – ১৬

(ক) বাংলায় বলো–

(১) أخو ماجد الكبير يعرف اللغة العربية - مسحت فاطمة وجهها بمنديلها - ولد عم ماجد كاتب مشهور - هو كتب في جريدة العاصمة اليومية قصة جميلة - أنا قرأت تلك القصة الجميلة .

(٢) يا تلميذة الفصل السابع ! اكتبي على سبورة الفصل كلمة جديدة - سمع العبد الصالح صوت الأذان، فخرج من بيته و ذهب إلى المسجد لصلاة المغرب - ماجد الصالح - يا ماجد الصالح ! احفظ القرآن و اقرأ سورة الواقعة كل يوم بعد المغرب .

(٣) عميق - عمق - عمق هذا النهر الصغير قليل - أيها الصياد الجديد! أ لك بندقية ! نعم .. لي بندقية صغيرة - قلة الكلام نافعة - غفلة القلب من كثرة الكلام - عند محمودنا العالم

مال قليل و علم كثير . و عند محمودكم التاجر علم قليل و مال كثير .

(٤) غسلت فاطمة وجهها بماء بارد - أكلت اليوم طعاما لذيذا - أشرب لبن البقر و لا أشرب لبن الشاة - أيها الرجل ! لا تشرب ماءا باردا، لأنك مريض - هذا الرجل المريض يشرب الدواء كل يوم صباحا .

(٥) في قلب المؤمن حرارة الإيمان و في قلب المشرك حرارة النار - المسلم يعرف ربه و المشرك لا يعرف - يلبس المؤمن في الجنة لباس الجنة، و يلبس المشرك في النار لباس النار - ماء الوضوء يغسل وجه المسلم و قلبه .

প্রশ্ন ঃ প্রথম ভাগের দ্বিতীয় বাক্যটিতে فاطمة এর একটি ছিফাত এবং وجهها এর একটি ছিফাত উল্লেখ করে বাক্যটি পড়ো।

لِ যোগে সবকটি যামীর অর্থসহ বলো।

ব্যাখ্যা ঃ قلة الكلام نافعة এর শাব্দিক অর্থ– কথার স্বল্পতা উপকারী, কিন্তু বাংলায় এর তরজমা হবে দু' রকম। যেমন (ক) অল্প কথা উপকারী (খ) বাকসংযম উপকারী

তদ্রূপ غفلة القلب من كثرة الكلام এর শাব্দিক অর্থ– কলবের গাফলত কথার আধিক্য থেকে। কিন্তু বাংলায় তরজমা হবে, কলবের গাফলত (সৃষ্টি) হয় বেশী কথার কারণে (বা বাক-অসংযম থেকে)।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) আমি এই ছেলেটির নাম জানি না; হে খালেদ! তুমি কি তার নাম জানো? হে মাজেদের আব্বা! আপনি এই যালিমকে সাহায্য করবেন না। হে খালেদ, তুমি কিতাব খোলো এবং আজকের পড়া মুখস্থ করো। এই ছেলেটি কি সাঁতার কাটার জন্য সুইমিংপোলে নেমেছে?

(২) তুমি কি মাজেদের ছোট ভাইটিকে চেনো? ধনী মাজেদের ছেলে এই কমদামী পোশাক পরবে না। হে বুদ্ধিমতী ফাতেমা! তুমি কি আমার কথা বোঝো (বুঝতে পারো) না, আমি তোমার কথা বুঝি না (বুঝতে পারি না)।

(৩) হে খালেদ! কেন তুমি খাওয়ার পূর্বে হাত ধোও না? ফাতেমা মিষ্টি স্বরে কোরআন পড়ছে, ফাতেমার আম্মা তার তেলাওয়াত শুনছেন। আমাদের ছোট গ্রামে একজন দক্ষ চিকিৎসক আছেন, তার দক্ষতার কথা সবার মুখে মুখে।

(৪) এই সাহসী মুজাহিদ তার তলোয়ার দ্বারা ঐ মুশরিকের গর্দান উড়িয়ে দিয়েছে। হে আল্লাহর দুশমন, চুপ করো, তোমার মুখ খোলো না। হে নেক বান্দা, তুমি কলবের দুয়ার খোলো এবং আল্লাহর কালামের তিলাওয়াত শোনো।

(৫) আঙ্গুর খুব সুস্বাদু ও দামী ফল। আমি আজ আঙ্গুরের জুস খেয়েছি এবং আলহামদুলিল্লাহ বলেছি। হে খালেদের মেয়ে! তুমি ঘড়ির সুন্দর কেসটি খোলো এবং এই দামী ঘড়িটি পরো। হে মাসউদের ভাই, তুমি কি শহরের এই পথটি চেনো না? না, চিনি না।

ব্যাখ্যা ঃ 'তুমি কিতাব খোলো' বাংলা ভাষা যামীরের ভাষা নয়, তাই তোমার কিতাব খোলো বলা হয়নি। আরবী ভাষা যামীরের ভাষা, তাই তরজমার সময় افتح كتابك বলাই ভালো হবে।

'কেন তুমি খাওয়ার পূর্বে হাত ধোও না' এখানে 'হাত' সম্পর্কে একই ভাবে ব্যাখ্যা করো।

'তার দক্ষতার কথা সবার মুখে মুখে' – একটু চিন্তা করলেই তুমি বুঝতে পারবে যে, এ বাক্যটির মতলব হলো, 'তার দক্ষতা খুব প্রসিদ্ধ – এখন আরবীতে তরজমা করা সহজ হয়ে যাবে।

বাক্যটির মতলব এভাবেও বলা যায়, তার দক্ষতা সম্পর্কে সকলে জানে, সে হিসাবে তরজমা হতে পারে, يعرف الجميع عن مهارته

جميع মানে সকল, আর عن অর্থ– সম্পর্কে, এটি একটি حرف الجر

এক ভাষা থেকে অন্য ভাষায় তরজমা করার ক্ষেত্রে অনেক সময় এ ধরনের চিন্তা করার প্রয়োজন হয়।

'গর্দান উড়িয়ে দিয়েছে'– তুমি তো 'উড়িয়ে দেয়া' এর আরবী জানো না, তাতে কোন সমস্যা নেই, তুমি এভাবে তরজমা করতে পারো, قطع عنقه বা قطع رأسه বা ضرب عنقه

'কলবের দুয়ার খোলো' এর তরজমা হবে افتح قلبك – তুমি যদি বলো

افتح باب القلب তাহলে তরজমা সুন্দর হবে না।
আমরা বাঙ্গালীরা পানি, দুধ, শরবত ইত্যাদি খাই এবং পান করি, আরবরা এগুলো খায় না, পান করে। বিষয়টি মনে রাখতে হবে।

(ঙ) ৩ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) নিজের পক্ষ হতে দশটি বাক্য লেখো।

(ছ) বানান দেখো ঃ সাহায্য – মুখস্থ (মুখস্ত নয়) – বোঝা – বোঝে – বোঝো – বোঝবে – বুঝেছি – বুঝে কথা বলো। ধোয় – ধোবে – ধোয়া – ধুয়েছে, ধুয়ে ফেলো – খোলা – খোলবে – খোলে – খুলেছি – মন খুলে কথা বলো।

তামরীন – ১৭

(ক) বাংলায় বলো–

(١) الحمد لله أنا أعرف اللغة العربية و أفهم كلام الله - أيها الصائم ! اشرب هذا الشراب اللذيذ البارد و قل : الحمد لله - يا مريم ! كلي و اشربي و قولي : الحمد لله - من غرس في صحن المدرسة هذه الشجرة ؟

(٢) أ مسلم هذا الرجل أم قادياني ؟ قادياني - لعنة الله على عدو الله و رسوله - يا فاطمة ! ماذا كتبت على سبورة الفصل ؟ كتبت عليها كلمة - اشرحي يا فاطمة ! هذه الكلمة الصعبة - أيتها التلميذة الجديدة ! لماذا لا تسمعين نصيحة معلمتك ؟

(٣) أيتها البنت الصغيرة ! هل حفظت سورة الفاتحة ؟ أيها الرجل ! ألمظلوم تنصر أم الظالم ؟ المظلوم - أ لبن البقر تشرب أم لبن الشاة ؟ حرير - لباس الحرير - لباس حريري - لا يلبس الرجل المسلم لباسا حريريا، لأنه حرام عليه - قرأت في كتاب ديني نصيحة غالية .

(٤) حب قلبي - صداقة قلبية - أ عصير البرتقال تشربين يا خالة

ماجد أم عصير التفاح ؟ عصير التفاح - يا خالة ماجد ! أ لا تشربين عصير البرتقال ؟ نعم .. لا أشرب - أ أنت كتبت هذه القصة الجميلة يا أخا محمود المعلم ؟

(৫) لطالب العلم عند الله أجر عظيم - يسأل العبد ربه فيشرح الله صدره للإسلام - اللهم اشرح صدري لفهم القرآن - الجنة للمسلم و المسلم للجنة - يقول العبد لا إله إلا الله فيدخل في الإسلام و يدخل بعد موته الجنة .

ব্যাখ্যা ঃ رحمة الله على المسلم এটি 'দু'আ-বাক্য' হিসাবে তরজমা হবে, মুসলিমের উপর আল্লাহর রহমত হোক, আর সাধারণ বাক্য হিসাবে তরজমা হবে, মুসলিমের উপর আল্লাহর রহমত হয়।

لعنة الله على المشرك বাক্যটি একইভাবে ব্যাখ্যা করো।

الحمد لله এর শাব্দিক অর্থ– (সমস্ত) প্রশংসা আল্লাহর জন্য, ব্যবহৃত অর্থ– সমস্ত প্রশংসা আল্লাহর।

نصيحة معلمتك এখানে ك যামীরের তরজমা করা যাবে, আবার বাদও দেয়া যাবে।

لباس الحرير এটি مضاف إليه ও مضاف আর لباس حريري হলো موصوف ও صفة আরবীতে দু'টো তরকীবই প্রচলিত, কিন্তু বাংলায় 'রেশমী পোশাক' শুধু এই তারকীব প্রচলিত। সুতরাং উভয় ক্ষেত্রে বাংলা তরজমা হবে রেশমী পোশাক।

قلبي এর শাব্দিক অর্থ হৃদয়ের সাথে সম্পর্কিত। বাংলায় এর তরজমা হবে হৃদ্যতাপূর্ণ বা আন্তরিক।

دخل في الإسلام এ ক্ষেত্রে في ব্যবহৃত হয়, অন্যান্য ক্ষেত্রে সাধারণত في ব্যবহৃত হয় না।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং তৃতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ৩ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) হে মুসলিম, তুমি অযুতে কি মাসেহ করো? আমি মাথা মাসেহ করি। হে

ফাতেমার আম্মা, আপনি অযুর পরে কি দ্বারা মুখ মুছেছেন? আমি আমার পরিচ্ছন্ন তোয়ালে দ্বারা মুখ মুছেছি। আমার প্রিয় বন্ধু এক মহান মুজাহিদের ঘটনা লিখেছে।

(২) হে মাজেদ, আমি খুব পিপাসার্ত, আমি এখন ঠাণ্ডা পানি পান করবো। প্রচণ্ড পিপাসার সময় মানুষ ঠাণ্ডা পানি পান করে। আজ বিকাল পাঁচটায় আমি আফগানিস্তানের জিহাদ সম্পর্কে একটি নতুন খবর শুনেছি। তুমি এই লোকটি সম্পর্কে কী জানো?

(৩) কবরের একটি দরজা রয়েছে, আর মৃত্যু মানুষের জন্য কবরের দরজা খুলে দেয়। হে মাজেদ, তুমি ঐ ছেলেটির হাত থেকে ধারালো ছুরিটি নাও এবং এই ছোট তরমুজটি কাটো। হে খালেদ ও তার বন্ধু! আমি তোমাদের এ বিষয়টি বুঝতে পারছি না।

(৪) এই পাপাচারী লেখক তার লেখা দ্বারা মুমিনের অন্তরে ইসলাম সম্পর্কে সন্দেহ বপন করে। সুতরাং তুমি তার বই পড়ো না, বরং ঐ সৎ লেখকের কিতাব পড়ো, কেননা তিনি তার কলম দ্বারা আমাদের জন্য কল্যাণের দ্বার উন্মুক্ত করেন।

(৫) হে ফাতেমা, তুমি কার কাপড় ধুচ্ছো? আমি আমার আম্মার কাপড় ধুচ্ছি। আমি আজ একটি নতুন শব্দ মুখস্থ করেছি। আমি প্রতিদিন একটি নতুন শব্দ মুখস্থ করি। তুমি তোমার যবানের হিফাযত করো। নেক বান্দা তার যবানের হেফাযত করে।

(ঙ) **৩ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।**

(চ) তুমি কোরআন সম্পর্কে একটি রচনা লেখো (কোরআনের পরিচয়, কবে কার উপর নাযিল হয়েছে, তুমি হেফয করেছো কি না, প্রতিদিন পড় কি না, ইত্যাদি বিষয় আসতে পারে।)

(ছ) বানান দেখো ঃ প্রচণ্ড – ঠাণ্ডা - পিপাসা – পিপাসার্ত – ক্ষুধার্ত – ছুরি – ছুরি ছুঁড়েছে – বিষয় – উন্মুক্ত – ধোয়া – ধোবে – ধোয় – ধুয়েছে – ধুয়ে ফেলো – সন্দেহ – কল্যাণ।

তামরীন – ১৮

(ক) বাংলায় বলো–

(١) الملك العادل يمنع الظالم من ظلمه و ينشر العدل بين رعيته – أيها الكاتب المسلم ! انشر بقلمك الخير و لا تنشر الشر و الفساد – لا تمنع أحدا من عبادة الله – يا أخت ماجد الصغيرة !

أنت لا تفهمين كلام الله، لأنك لا تعرفين اللغة العربية .

(٢) نصر أبو بكر رضي الله عنه رسول الله صلى الله عليه وسلم بنفسه و ماله - لبست بنت ماجد التاجر عقدا ذهبيا و لبست زوجة بشير الفقيرة سوارا فضيا - ظهر في هذا المجتمع فساد عظيم لقلة الأمانة و كثرة الخيانة .

(٣) قتل ملك ظالم وزيره الصالح، لأنه منع الملك من الظلم على رعيته - حب - حبة - الحبة - هذه حبة قمح - تأكل الدجاجة الصغيرة الحب - أكلت دجاجة صغيرة حبة قمح -- بم تحصد الزرع أيها المزارع ؟ أ بالمنجل تحصد أم بالسكين ؟ بالمنجل .

(٤) خشب - خشبي - باب خشبي - هذا باب خشبي و ذلك باب حديدي - حرب - حربي - هذه طائرة حربية - ضرب المدفعي بمدفعه طائرة حربية فسقطت على الأرض .

(٥) أيها المسلم ! اسأل الله و لا تسأل غير الله - بالأخلاق نشر رسول الله صلى الله عليه وسلم الإسلام، لا بالسيف - أسأل الله الجنة - أسأل الله النجاة من النار .

ব্যাখ্যা ঃ من ظلمه - এর বাংলা তরজমায় যামীরটি বাদ দেয়া উত্তম হবে।

بين رعيته এর তরজমা দু' রকম হতে পারে- (ক) আপন প্রজাদের মাঝে/ তার প্রজাদের মাঝে (খ) প্রজাদের মাঝে

بنفسه و ماله এর সুন্দর তরজমা হলো, নিজের জান-মাল দ্বারা

باب خشبي এটি موصوف ও صفة তবে বাংলা তরজমা হবে, কাঠের দরজা।

باب حديدي এর তরজমা - লৌহদ্বার কিংবা লোহার দরজা।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং প্রথম বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) হে সম্মানিত শিক্ষক! আপনি কি আমার জন্য এ বাক্যটি ব্যাখ্যা করবেন? হাঁ, আমি তোমার জন্য এ বাক্যটি ব্যাখ্যা করবো। আমি ডাস্টার দ্বারা ব্লাকবোর্ডটি মুছলাম এবং তাতে কোরআনের একটি ছোট আয়াত লিখলাম।

(২) ভদ্র রাশেদ দরজার সামনে জুতা খুললো এবং কামরায় প্রবেশ করলো। হে ফাতেমা, কেন তুমি কামরার সামনে তোমার জুতা খুলো নি। আমি ধোয়ার পর এই নতুন কাপড়টি রোদে ছড়িয়ে দেবো। মাসউদের ব্যবসায়ী চাচা ছাতা খুলে বৃষ্টি মাথায় রাস্তায় বের হলো।

(৩) হে ফাতেমা, তুমি তোমার রুমাল দ্বারা মুখটা মুছে নাও। হে এই মাদরাসার মেধাবী ছাত্র, তুমি কি আরবী ভাষা জানো, না ফারসী ভাষা? আরবী ভাষা। হে লোক, তুমি কি দ্বীন নিয়ে খেলা করছো। না, দ্বীন নিয়ে খেলা করো না।

(৪) হে মাহমুদ, তোমার আম্মা তোমাদের জন্য কী রান্না করেছেন? তিনি আমাদের জন্য চাল ও গোশত দ্বারা সুস্বাদু খাবার রান্না করেছেন। ফাতেমা ঠাণ্ডা পানি দ্বারা হাত-মুখ ধুয়েছে। আমি প্রতিদিন সকাল সাতটায় আপেলের জুস পান করি।

(৫) এটা মাহমূদের কলম। এটা মাহমুদের নতুন কলম। এটা মেধাবী মাহমুদের কলম। মাহমুদের একটি নতুন কলম আছে। মেধাবী মাহমুদের একটি নতুন কলম আছে। আমাদের মেধাবী মাহমুদের একটি নতুন কলম আছে। মাহমুদের এই কলমটি তার ঐ কলমের চেয়ে উত্তম। মাহমুদের নতুন কলমটি তার পুরোনো কলমের চেয়ে উত্তম।

ব্যাখ্যা ঃ 'জুতা খুললো' – এর আরবী তরজমায় যামীর ব্যবহার করা উত্তম। মুখটা মুছে নাও – অর্থাৎ তোমার মুখটা মুছে নাও। বাংলায় এখানে যামীর ব্যবহার না করাই উত্তম। কিন্তু আরবীতে যামীর ব্যবহার করাই উত্তম।

'হাত-মুখ' ধুয়েছে, এর আরবী তরজমায় দু'টি যামীর হবে এবং মাঝে و হবে।

'ছাতা খুলে বের হলো' – তুমি একটু চিন্তা করলেই বুঝতে পারবে যে, এর অর্থ হলো ছাতা খুললো এবং বের হলো, আর 'বৃষ্টি মাথায়'– এর অর্থ হলো 'বৃষ্টিতে' তরজমা করার সময় এ বিষয়গুলো চিন্তায় রাখতে হবে।

(ঙ) ২ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) একটি দৈনিক আরবী পত্রিকাকে কেন্দ্র করে কিছু কথা লেখো, (তুমি যে আরবী ভাষা জানো এ বিষয়টি আসতে পারে, তোমার বন্ধুকে সম্বোধন করে কোন কথা বলা যেতে পারে।)

(ছ) বানান দেখো ঃ চাষ – চাষী – প্রজা – কাষ্ঠ – যুদ্ধ – ব্যাখ্যা – বই পড়া – মাটিতে পড়া – কাপড় পরা – বৃষ্টি।

তামরীন – ১৯

(ক) বাংলায় বলো–

(١) غرس جدك هذه الشجرة و أنت تأكل الآن ثمرها ، فاغرس أنت شجرة تأكل حفيدك ثمرها – نشرت هذه المجلة في عددها السابع كتابة قيمة – عنوانها الإسلام و المجتمع الإنساني ·

(٢) الريش – ريشة – الريشة – هذه ريشة الحمام – ريش الطاووس جميل جدا – نشر الطاووس ريشه الجميل – ريشة هذا القلم جيدة – ريشة قلم محمود جيدة – هذه جريدة يومية عربية – أنا أقرأها كل يوم صباحا ·

(٣) أ لا تعرفني يا طالب الصف الرابع ؟ بلى .. أعرفك – و كيف لا أعرفك و أنت تلميذ مدرستنا الذكي – أما قرأت هذه الجريدة الصباحية ؟ نعم .. ما قرأتها – سأقرأها بعد الغداء · عم سألت ماجدا و خالدا و بشيرا ؟ سألتهم عن حال دراستهم – بم فتحت هذا القفل الكبير ؟ فتحته بهذا المفتاح – متى فتح رسول الله صلى الله عليه وسلم مكة ؟ فتحها في السنة العاشرة من الهجرة ·

(٤) لا أعرف كيف أنصركم في مصيبتكم – أ تفهم يا ماجد هذه المسألة الصعبة ؟ نعم .. أفهمها – أنا أدرس في مدرسة المدينة اللغة العربية – لأنها لغة القرآن و السنة – انظر إلى الشمس،

كيف خلقها الله - انظر إلى الشمس والقمر، كيف خلقهما الله بقدرته ·

(٥) العمل القليل مع الإخلاص خير من العمل الكثير مع الرياء - انظر إلى جمال خلق الله - أيتها المرأة المسلمة ! لا تخلعي حياءك، فالحياء زينة المرأة المسلمة - و هو شعبة الإيمان - قد فتح الله للشهيد باب الجنة - يقول الله في القرآن : يا يحيى خذ الكتاب بقوة ·

احفظ : قال ... يقول ... قل ....

ব্যাখ্যা ঃ من الهجرة এর তরজমা হবে, হিজরতের বা হিজরী (দশম বছরে)।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং প্রথম বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) দৈনিক ইনকিলাব তার নতুন সংখ্যায় একটি বিস্ময়কর খবর প্রচার করেছে। এটি প্রাত্যহিক কাজ। এটি আমার প্রাত্যহিক কাজ। আমার একটি প্রাত্যহিক কাজ আছে। এটি সাস্থ্যসম্মত খাদ্য/খাবার। তুমি কি প্রতিদিন স্বাস্থ্যসম্মত খাবার আহার করো, না অস্বাস্থ্যকর খাবার।

(২) ইমাম মালিক (রহ) ইসলামী বিশ্বে ইলমুল হাদীছ প্রচার করেছেন। হে আল্লাহর বান্দা, তুমি কি আমার এ বিপদে আমাকে সাহায্য করবে না? অবশ্যই করবো। হে আমেনা, তোমার হাত ময়লা, সুতরাং তুমি কি তোমার হাত ধোবে না? অবশ্যই ধোবো।

(৩) হে খালেদ, কে তোমাকে রিযিক দান করেন? আল্লাহ আমাকে রিযিক দান করেন। আমি অন্তর থেকে আল্লাহর প্রশংসা করেছি এবং তার শোকর আদায় করেছি, কেননা এই বিরাট মুছীবতে তিনি আমাকে সাহায্য করেছেন।

(৪) ইমরানের ছোট বোন ইমরানের কাছে একটি ছোট্ট চিঠি লিখেছে। সে তার চিঠিটি আরবীতে লিখেছে। ইমরান তার বোনের এই আরবী চিঠিটি পড়লো এবং খুব খুশী হলো। এই ছোট্ট শিশুটির একটি সুন্দর ও দামী খেলনা আছে। ছোট্ট শিশুটি তার খেলনা পেয়ে খুশী হয়েছে।

(ঙ) এই মেয়েটি বড় নোংরা। সে খাওয়ার পূর্বে হাত ধোয় না। হে রাশেদ, তুমি আমার সাথে মিথ্যা বলো না। হে মিথ্যাবাদী, তুমি কি আল্লাহর নামে মিথ্যা বলছো! আল্লাহ এবং তাঁর রাসূল আমাদের সাথে সত্য বলেছেন। হে মাজেদ, তুমি কি ফাতেমা ও তার বান্ধবীকে চেনো? না, আমি তাদেরকে চিনি না।

ব্যাখ্যা ঃ الانقلاب এটি جريدة হিসাবে মুআন্নাস। সুতরাং তার ছিফাতও মুআন্নাছ হবে। যেমন الانقلاب اليومية।

'ইনকিলাব পত্রিকা' – এর আরবী তারকীব হবে মুযাফ ও মুযাফ ইলাইহি, অর্থাৎ جريدة الإنقلاب – 'দৈনিক ইনকিলাব পত্রিকা' এর আরবী হবে جريدة الانقلاب اليومية অর্থাৎ اليومية শব্দটি এখানে جريدة এর ছিফাত হবে।

সুতরাং তুমি কি ধোবে না– এর আরবী হবে أ فلا تغسل – অর্থাৎ 'সুতরাং' শব্দটি বাংলায় শুরুতে এলেও আরবীতে ف অব্যয়টি হামযার পরেই আসবে।

'অন্তর থেকে' এর অর্থ– আমার অন্তর থেকে

'আরবীতে' অর্থ, আরবী দ্বারা।

'খেলনা পেয়ে খুশী হয়েছে' এখানে আরবী তরজমায় ب অব্যয়টি ব্যবহৃত হবে। কারণ মূল কথাটি হলো, খেলনা দ্বারা খুশী হয়েছে।

'আমি তোমার সাথে সত্য বলেছি' এর আরবী হলো (معك নয়) صدقتك কারণ আমরা কারো সাথে সত্য বলি, কিন্তু আরব দেশের লোকেরা কাউকে সত্য বলে। মিথ্যা বলার ক্ষেত্রেও একই বিষয়।

'আল্লাহর নামে' অর্থ على الله

(চ) ১ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(ছ) তোমার সহপাঠীর সঙ্গে প্রশ্নোত্তরসম্পর্কিত একটি রচনা লেখো, যাতে যামীরকে مفعول به বানানোর বিষয়টি এসে যায়, এবং বিভিন্ন ফেয়েলের ব্যবহারও আসে।)

(জ) বানান দেখো ঃ বিস্ময় – বিস্ময়কর – ভূষণ – বেশভূষা – সংখ্যা – আকাঙ্ক্ষা – ময়ূর – ময়ূরী – শাখা – শাখাপ্রশাখা (একসাথে) – শাখানদী (একসাথে) প্রত্যহ – প্রাত্যহিক – স্বাস্থ্য – স্বাস্থ্যকর – স্বাস্থ্যসম্মত – সাহায্য – সহযোগিতা – সহযোগী – খুশী – খুশি – আমি খুশী – আমার খুশির শেষ নেই।

তামরীন – ২০

(ক) বাংলায় বলো–

(١) قتل مجاهد عراقي جنديا أمريكيا ببندقيته الصغيرة - اذهب إلى الجحيم يا عدو الله - سأضرب بسيفي هذا عنق هذا العدو المشرك - بم يقتل الجلاد المجرم ؟ أ بالسيف أم بسلاح ناري ؟

(٢) لم لا تغسل قلنسوتك الوسخة يا محمود ! سأغسلها اليوم - سألت فتاة ريفية - سألتها عن حياتها الريفية - أنا سعيد بصداقة هذا الولد الصالح - و صداقتنا لله و لرسوله - يغفر الله لنا و لكم - قلت في الدعاء : اللهم اغفر لي ذنبي - يقول الله غفرت لك ذنبك يا عبدي ·

(٣) يا ماجد الظالم ! أنت لا تجرح جسمي بسيفك، و لكن تجرح قلبي بلسانك - أخذت امرأة عراقية مجاهدة بندقيتها الصغيرة و قالت : الله أكبر، ثم قتلت عدوا و جرحت عدوا - قتلت ذئبا أمريكيا في صورة إنسان ·

(٤) غسل الملك قلب رسول الله (صلى الله عليه وسلم) بماء زمزم - يفرح الله بسؤال العبد فاسأل ربك و لا تسأل غيره - يا فاطمة ! اقطعي بهذه السكين الحادة تلك البطيخة الكبيرة - هذا البلد الإسلامي قطعت علاقتها مع أمريكا العدوة ·

(٥) قال الله في القرآن : و قل الحمد لله - أسألك يا رب سعادة الدنيا و الاخرة - سعادتك في قلبك لا في مالك - سعادة الأم في سعادة ولدها - سيسألكم الله يوم القيامة عن حياتكم ·

ব্যাখ্যা ঃ غفر এর প্রথম مفعول به এর শুরুতে ل আসে, কিন্তু দ্বিতীয় মাফউলটি সরাসরি ব্যবহৃত হয়।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং প্রথম বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) আমাদের ছোট মেধাবী বোনটি এই কঠিন প্রশ্নটি বুঝেছে, আমি বুঝিনি। কুমির জলীয় প্রাণী, আর হাতি স্থলপ্রাণী। আমি এক ছোট গ্রামের কৃষক। আমার একটি ছোট জমি আছে। আমি তা চাষ করবো এবং তাতে গম ফলাবো। হে কৃষক, তুমি কবে তোমার ফসল কাটবে?

(২) এই দরজার একটি বড় তালা আছে। কে তার চাবিটি নিয়েছে? হে নেক বান্দা, তুমি তো আযানের আওয়ায শুনছো, সুতরাং তুমি কি নামাযের জন্য মসজিদে যাবে না?

(৩) তলোয়ার মানুষের শরীর জখম করে, আর জিহ্বা তার হৃদয়কে আহত করে। মাজেদ ও খালেদের মাঝে উত্তম সম্পর্ক রয়েছে। এই ফুলের ঘ্রাণ উত্তম। এই ফুলের উত্তম ঘ্রাণ রয়েছে। এই পরিশ্রমী শ্রমিক সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত কারখানায় কাজ করে।

(৪) হে অলস রায়হানা, তুমি কি অলসতার এ অভ্যাস ত্যাগ করবে না? হে ধনী খালেদের ছেলে, তুমি কি প্রথম শ্রেণীতে পড়ো? না, বরং আমি দ্বিতীয় শ্রেণীতে পড়ি। হে ফাতেমা! তুমি কি পঞ্চম শ্রেণীতে অধ্যয়ন করো, না ষষ্ঠ শ্রেণীতে? ষষ্ঠ শ্রেণীতে।

(৫) আল্লাহর রাসুল বলেছেন, আমি তোমাদের মাঝে আল্লাহর কিতাব এবং আমার সুন্নাহ রেখে গেলাম। মুসলমান কারো সাথে মিথ্যা বলে না এবং কারো মাল চুরি করে না। সে ধনী মানুষ, তার অনেক মাল রয়েছে, আর মাল হলো বিরাট ফেতনা।

ব্যাখ্যা ঃ 'রেখে গেলাম' এর তরজমা হবে تركت

(ঙ) ৩ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) মনে করো তুমি আল্লাহর রাস্তায় জিহাদে বের হয়েছো, তুমি কী কী করেছো এ সম্পর্কে একটি রচনা লেখো।

(ছ) বানান দেখো ঃ গ্রাম – গ্রামীণ – বন্ধুত্ব – নেকড়ে – জল – জলীয় – শরীর – শারীরিক – সন্ধ্যা – শ্রেণী – পঞ্চম

তামরীন – ২১

(ক) বাংলায় বলো–

(١) أيها الإنسان ! نجاحك في عملك لا في كسلك - لعم سعاد التاجر سيارة جديدة - حياتنا هذه أمانة عظيمة من الله، و الله يسألنا عن حياتنا - أدخل الغرفة من هذا الباب ۰

(٢) ترك فينا رسول الله صلى الله عليه وسلم سنته، فاعمل في حياتك اليومية بسنة رسولك الكريم - سعيدنا سعيد - حياة سعيدنا حياة سعيدة، لأنه في أسرة سعيدة ۰

(٣) أخذ صديق ماجد الجديد القلم و القرطاس و كتب إلي ماجد رسالة جميلة - يا بنت مسعود المريضة ! خذى هذا الكوب و اشربي عصير العنيب اللذيذ - سآخذ الكوب و أشرب العصير و أقول : الحمد لله ۰

(٤) العبد الصالح يحمد ربه و يشكر ربه - أيها المجاهد الشجاع ! اركب الفرس و خذ السيف و أضرب عنق عدو الله هذا - ركب التاجر سيارته و ذهب إلى سفر بعيد - يعمل الفلاح فيّ الشمس و يحرث الأرض و يزرع الزرع ۰

(٥) رسولنا صلى الله عليه وسلم ثمرة دعاء إبراهيم عليه السلام - بالعمل الصالح يزرع الإنسان في الدنيا و يحصد في الآخرة - لا تجرح بسيفك جسد إنسان و لا تجرح بلسانك قلب أحد ۰

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) হে মুসলিম, তুমি আল্লাহকে সিজদা করো, গায়রুল্লাহকে সিজদা করো না। কে মানুষকে সৃষ্টি করেছেন এবং কে তাকে রিযিক দান করেন। হে এক গ্রামের কৃষকের ছেলে! অবশ্যই আমি তোমাকে তোমার এই বিপদে সাহায্য করবো।

(২) হে মুসলিম নারী! কীভাবে তুমি লজ্জার লেবাস্ ত্যাগ করো। হে পঞ্চম বর্ষের ছাত্র! তুমি তোমার এ মন্দ অভ্যাস ত্যাগ করো। এই যাত্রী এখন বিমানে আরোহণ করবে। হে ভদ্র ছেলে, তুমি কারো কামরায় প্রবেশ করো না।

(৩) হে ফাতেমা ও আয়েশা ও মাজেদা, তোমাদের কি কোন বান্ধবী আছে? হাঁ, আমাদের একজন উত্তম বান্ধবী আছে। হে মাজেদ, তোমার এই কলমের নিবটি খুব ভালো। হে আল্লাহর বান্দা, তুমি বলো, আমি আল্লাহর কাছে চাইবো, কখনো গায়রুল্লাহর কাছে চাইবো না।

(৪) হে মুসলিম, তুমি তোমার চরিত্র দ্বারা তোমার শত্রুর হৃদয় জয় করো। অতিসত্বর শত্রুর হাতে এই শহরের পতন ঘটবে। শিক্ষিকা বললেন, হে ফাতেমা, তোমার জন্য আমার কাছে একটি মূল্যবান উপদেশ আছে, তুমি এই মূল্যবান উপদেশের উপর আমল করো।

(৫) ফাতেমা কি তার ময়লা কামিছ সাবান দ্বারা ধুয়েছে? ইনকিলাব হলো দৈনিক পত্রিকা, আর দাওয়াতুল ইসলাম হলো সাপ্তাহিক পত্রিকা। আমাদের বার্ষিক পরীক্ষা খুব নিকটবর্তী। আমি রেশমী পোশাক পরি না এবং স্বর্ণের আংটি পরি না, কেননা তা মুসলিম পুরুষের জন্য হারাম।

(ঙ) ১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তুমি কোথায় কী অধ্যয়ন করো এবং কেন করো। তুমি এবং তোমার বন্ধু আরবী ভাষা জানো কি না, আল্লাহর কালাম বোঝো কি না এজাতীয় বিষয়ে একটি রচনা লেখো।

(ছ) বানান দেখো ঃ ত্যাগ করা – বছর – বর্ষ – বার্ষিক – বিপদগ্রস্ত (বিপদ গ্রস্থ নয়) – অতিসত্বর অভ্যাস – আরোহণ ('ন' নয়)।

তামরীন – ২২

(ক) বাংলায় বলো–

(١) غني - غنى - فقير - فقر - غنى النفس خير من غنى المال

لهذا أسأل الله غنى النفس قبل غنى المال - عبد الدنيا حريص

على المال، و طالب العلم حريص على العلم - الحرص على العلم خير و الحرص على المال شر .

(٢) مات عالم صالح، فقال الناس : قد مات العلم و الصلاح بموت هذا العالم الصالح - أيها الفاجر ! تب إلى الله، أ لا تخاف الله ! أ لا تموت يوما ! أ لا تقوم أمام ربك يوم القيامة ! أ لا يسألنا الله عن خياتنا !

(٣) قامت المرأة أمام مرآتها - خاطت لي أختي الصغيرة قميصا جديدا، سألبسه في يوم العيد - في الأسبوع الثاني من هذا الشهر مرضت أمي - في الأسبوع الماضي ذهب عبد الله الصياد إلى غابة بعيدة و صاد ظبيا - أنا أصيد بهذه البندقية الجديدة أسدا .

(٤) هذا العبد الصالح يصوم في نهار رمضان و يقوم في ليله - يا أخت بشير! لا تنامي قبل العشاء - كل ولد - كل بنت - كل رجل - كل امرأة - كل تلميذ حضر في الفصل - فهمت كل تلميذة درس اليوم .

(٥) سأل المعلم كل تلميذ - أنا أعرف كل ولد و كل بنت في هذه القرية - اذهب إلى كل بيت في هذه القرية و قل لكل رجل : يا عبد الله ! خذ سلاحك و اخرج إلى الجهاد في سبيل الله .

ব্যাখ্যা ঃ من هذا الشهر এর তরজমা হবে, 'এই মাসের'।
في هذه القرية এর তরজমা হবে, এই গ্রামের।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৩ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) হে মানুষ! তুমি আল্লাহর কাছে তাওবা করো এবং সকল পাপ বর্জন করো। ঐ অসুস্থ লোকটি কি মারা গেছে? হাঁ, সে তার বাড়ীতে তার স্ত্রীর সামনে মারা গেছে। মাজেদের ব্যবসায়ী বাবা রাত দশটার আগে ঘোমান না। হে ফাতেমা, তুমি তোমার কামিছ ধোও এবং তা রোদে ছড়িয়ে দাও।

(২) এই ছোট ছেলেটির আম্মা এই মাসে মৃত্যুব্বরণ করেছেন, আর তার আব্বা গত মাসে মৃত্যুবরণ করেছেন। লোকেরা তাদেরকে গ্রামের কবরস্তানে দাফন করেছে। লোকেরা তাদেরকে কবরের অন্ধকারে ছেড়ে এসেছে। জানি না, এখন তাদের কী অবস্থা? হে আল্লাহ! আপনি তাদেরকে ক্ষমা করুন।

(৩) হে দর্জিনী সুআদ! তুমি কখন আমার এবং আমার ভাইয়ের কাপড় সেলাই করবে? আমি ঈদের রাত্রে তোমাদের কাপড় সেলাই করবো। এই ছোট পাখীটি কোত্থেকে উড়লো? তা তার বাসা থেকে উড়েছে। আমি আমার ছাতা খুললাম এবং বৃষ্টিতে বের হলাম।

(৪) হে মাজেদ, আমাকে বলো, কেন তুমি ফজরের পূর্বে ঘুম থেকে ওঠো না এবং নামাজের জন্য মসজিদে যাও না। তুমি কি আল্লাহকে এবং তার আযাবকে ভয় করো না? এই নেক ছেলেটি প্রতি রাত্রে অযু অবস্থায় শোয়।

(৫) প্রত্যেক রোযাদারের জন্য আল্লাহর কাছে বিরাট আজর রয়েছে। মানুষের দেহের জন্য খাদ্য রয়েছে এবং তার আত্মার জন্য খাদ্য রয়েছে। মানুষ তার দেহের খাদ্য চেনে এবং তা তালাশ করে কিন্তু তার আত্মার খাদ্য চেনে না এবং তা তালাশ করে না। হে আলিম, আপনি এই জনপদে ইলমের নূর ছড়িয়ে দিন।

(ঙ) ২ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তোমার গ্রামের একটি নেককার স্ত্রীলোকের অসুস্থতা এবং হাসপাতালে যাওয়া এবং মৃত্যুবরণ করা এবং দাফন করা সম্পর্কে একটি রচনা লেখো। (মৃত্যু কাউকে ছাড়বে না, প্রতিটি মানুষই একদিন মৃতুবরণ করবে, এই জাতীয় উপদেশবাক্যও তাতে থাকতে পারে।)

(ছ) বানান দেখো ঃ সচ্ছলতা – দারিদ্র্য – জীবন – মৃত্যু – জীবন-মৃত্যু – মৃত্যুবরণ (একসাথে) – আত্মা – আত্মীয় (ত + ম = ত্ম) – জনপদ – তালাশ।

তামরীন – ২৩

(ক) বাংলায় বলো–

(١) انظر إلي لون هذا الزهر الجميل/هذه الزهرة الجميل - أنا أدرس مع اللغة العربية الحساب و التاريخ، و أنا ضعيف في الحساب -

ماذا تفعلين يا أمي العزيزة ! أطبخ لك و لأختك طعام العشاء - ماجد الغني رجل متواضع و الغنى مع التواضع خير .

(٢) في قلب هذا اليتيم حزن و في عينه دمع - هو شخص مشهور - نظرت إلى شخص بعيد فما عرفته - هذا أمر شخصي - لا تسأل أحدا عن أمره الشخصي - من يخافه المسلم ؟ يخاف الله - من تعبده أيها المسلم ؟ أعبد الله .

(٣) يبيع هذا الفلاح الفقير أرضه - انظر كيف يطير الطير في السماء - ممن بعت سيارتك يا ماجد ! بعتها من تاجر غني - بعني هذا الكتاب؟ كيف يبيع طالب علم كتابه - سمعت أذان الفجر فطار النوم من عيني .

(٤) يغضب الله على الظالم، فلا تظلم أحدا أبدا، بل انصر المظلوم، و امنع الظالم من ظلمه - الحكومة العادلة لا تظلم رعيتها - ما معنى الخطيئة ؟ معناها الذنب و الإثم - حب الدنيا رأس كل خطيئة - شمسي - قمري - هجرة - هجري - السنة الشمسية - السنة القمرية - السنة الهجرية سنة قمرية، و السنة الميلادية سنة شمسية .

(٥) يموت العلم بموت العالم - يصوم الرجل و لا تصوم نفسه، لأنه يمنع بطنه من الطعام و لا يمنع نفسه من الحرام - يصيد الشيطان ابن آدم بحيلته و يحفظه الله برحمته .

ব্যাখ্যা ঃ يصوم الرجل এখানে الرجل অর্থ লোকটি বা পুরুষটি নয়, বরং মানুষ।
এখানে يمنع অর্থ বিরত রাখে।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং তৃতীয় বাক্যটির তারকীব লেখো।

(গ) ৩ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) জেলে কী দ্বারা মাছ ধরে? জাল দ্বারা ধরে। হে ফাতেমার নতুন সহপাঠিনী! তুমি তোমার আসন থেকে দাঁড়াও এবং তোমার শিক্ষিকাকে এই শব্দটির অর্থ সম্পর্কে জিজ্ঞাসা করো। আমি এই নতুন শব্দটির অর্থ জানি না, হে ফাতেমা, তুমি কি তার অর্থ জানো?

(২) এই নতুন দর্জী কাপড় সুন্দর সেলাই করে। হে ফাতেমার আম্মা, আপনি কি এই কথাটি কাউকে বলবেন? না বলবো না। হে আমেনা, তুমি মুখ ধুয়েছো, সুতরাং এই পরিষ্কার তোয়ালে দ্বারা মুখ মুছে ফেলো।

(৩) এই গ্রামের দরিদ্র জেলের একটি ছোট জাল আছে। সে তার ছোট জালটি দ্বারা একটি বড় মাছ ধরেছে। সে এখন গ্রামের বাজারে যাবে এবং মাছটি বিক্রি করবে। ছেলেটি ছুরি দ্বারা হাত কেটে ফেলেছে। হে আমার প্রিয় ভাই! আমি কি আমার কথা দ্বারা তোমার হৃদয়কে আহত করেছি?

(৪) এই লোকটি লজ্জা ত্যাগ করেছে, ফলে রোযার মাসে পানাহার করছে। হে নেক বান্দা, তুমি তোমার নবীর সুন্নাহর উপর আমল করো। এই পাখাটি ভালোভাবে কাজ করছে না। তুমি উত্তম লোক, কেননা তুমি জীবনে কখনো রাসূলের সুন্নত তরক করো নি। হে নেক বান্দা, তুমি এই বিরাট নেয়ামতের উপর তোমার রবের শোকর আদায় করো।

(৫) হে আল্লাহ, আমি তোমার কাছে তাওবা করছি, সুতরাং তুমি আমার গোনাহ মাফ করো। হে তাসলীমা, হে পাপিষ্ঠা লেখিকা, কেন তুমি তোমার কলম দ্বারা এই মুসলিম সমাজে ফাসাদ ছড়াচ্ছো? কেন তুমি তোমার রবের কাছে তাওবা করছো না।

ব্যাখ্যা ঃ 'মাছ ধরে' এর মতলব 'মাছ শিকার করে' সুতরাং আরবী তরজমা সেভাবেই হবে।

সুন্দর সেলাই করে, অর্থাৎ ভালোভাবে সেলাই করে। সুতরাং এখানে তরজমায় جميلا এর পরিবর্তে جيدا হবে।

জীবনে (অর্থাৎ তোমার জীবনে) রাসূলের – এখানে আরবী তরজমায় যামীর ব্যবহার করা উত্তম হবে।

(ঙ) ১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) রোযা ও রামযান প্রসঙ্গে কিছু বাক্য রচনা করো। فطور (ইফতার)

(ছ) বানান দেখো ঃ ইতিহাস – অশ্রু – ব্যক্তি – ব্যক্তিত্ব – কৌশল – পরিষ্কার – পুরস্কার – পাপিষ্ঠ – শিকার (বন্দুক দ্বারা), স্বীকার (মুখে)।

তামরীন – ২৪

(ক) বাংলায় বলো–

(١) أيها المجاهد العظيم ! اضرب بسيفك هذا عنق هذا المشرك - حفظت أختي كلام الله في سنة واحدة - ماذا تسألين الله أيتها المرأة المسلمة؟ أسأل الله الجنة - قام تلميذ الفصل التاسع و سأل معلم الفصل عن درس اليوم .

(٢) اليوم يوم السبت و غدا يوم الأحد - يوم الجمعة يوم العطلة - يرجع أخونا من سفره يوم الخميس في السابعة مساء - مرض جد بشير في يوم الإثنين و مات في يوم الأربعاء . السبت - الأحد - الإثنين - الثلاثاء - الأربعاء - الخميس - الجمعة .

(٣) ضرب هذا الرجل خادمه بسوط - فمنعته و قلت له : ما ضرب رسول الله صلى الله عليه وسلم قط أحدا - ضرب الصياد خيمته بجانب الغابة - اضرب عشرة في عشرة، هذه مسألة حسابية - أ تعرف هذه المسألة الحسابية ؟ نعم .. أعرفها .

(٤) أرسل الله رسوله لهداية الناس - أخرجنا الله بالقرآن من ظلام الشرك إلى نور الإيمان - أيتها المرأة الصالحة ! أرسلي ولدك إلي مدرسة دينية - سأرسله إلى مدرسة المدينة - أيها التاجر الغني ! لم لا تنفق مالك في سبيل الله ؟

(٥) قال لي رجل فقير : يا عبد الله الصالح ! أنا جائع فأطعمني - فأجلسته بجانبي و أحضرت له طعاما قليلا - أكل الرجل الجائع ذلك الطعام القليل و شكرني كثيرا و قال : أطعمتني في الدنيا فأطعمك الله في الجنة .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং চতুর্থ বাক্যটির তারকীব লেখো

(গ) ৪ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) রান্নাঘরের পরিচারিকা রান্নাঘরের ফ্রিজ থেকে গোশত বের করলো এবং তা রান্না করলো। হে মাসঊদের দরিদ্র পিতা, তুমি তোমার অসুস্থ ছেলের জন্য অনেক অর্থ ব্যয় করেছো, আল্লাহ্ তোমাকে তোমার বিপদে সাহায্য করুন।

(২) হে কৃপণ নারী! কেন তুমি তোমার মাল আল্লাহর রাস্তায় খরচ করো না? কেন তুমি ক্ষুধার্তকে আহার দান করো না। হে ফাতেমা, তুমি তোমার ছোট ছেলেকে এই সুন্দর পোশাকটি পরাও। মা তার ছেলেকে বললেন, আজ রাতের খাবারের সময় আমি তোমাকে একটি মজাদার খাবার খাওয়াব।

(৩) এই ছেলেটি ইসলামের ইতিহাস সম্পর্কে কিছুই জানে না। কেননা সে একটি ধর্মহীন বিদ্যালয়ে অধ্যয়ন করে। আল্লাহ্ শয়তানকে জান্নাত থেকে বের করেছেন, কেননা সে আদমকে সিজদা করেনি।

(৪) হে খালেদ, তোমার আব্বা খুব দুর্বল, তুমি তাকে গাড়ী থেকে নামাও এবং তাকে তোমার সাথে তার কামরায় নিয়ে যাও। আমি আব্বার কাছে গ্রামের বাড়ীতে একটি চিঠি পাঠিয়েছি এবং তার কাছে কিছু টাকা চেয়েছি।

(৫) হে দ্বিতীয় বর্ষের নতুন ছাত্র, মাদরাসার পরিচালক তোমাকে তার দফতরে তলব করেছেন। এই সৎ লোকটি সোমবার এবং বৃহস্পতিবার রোযা রাখে। হে আল্লাহর বান্দা, তুমি ইলম তলব করো, মাল তলব করো না।

ব্যাখ্যা ঃ 'তুমি তোমার ছেলের জন্য খরচ করো' এ বাংলা বাক্যে 'জন্য' শব্দটি ব্যবহৃত হয়েছে, কিন্তু আরবী তরজমায় لِ হবে না, বরং على ব্যবহৃত হবে। যেমন أنفق على ولدك

'আল্লাহ্ তোমাকে সাহায্য করুন' – এটি দু'আবাক্য। আরবীতে দুআবাক্যে মাযীর ফেয়েল ব্যবহৃত হয়।

'তাকে তোমার সাথে তার কামরায় নিয়ে যাও' এখানে الأخذ। মাছদারের ফেয়েল ব্যবহৃত হবে, আর إلى অব্যয়টি ব্যবহৃত হবে। إلى থেকেই যাওয়ার অর্থ বোঝা যাবে। যেমন أخذته إلى بيتي তাকে আমার বাড়ীতে নিয়ে গেলাম।

'কিছু টাকা চেয়েছি' এখানে 'টাকা' এর স্থানে مال ব্যবহৃত হবে, আর

'চেয়েছি' এর স্থানে سألت এর পরিবর্তে طلبت ব্যবহৃত হবে। আর 'কাছে'-এর স্থানে من অব্যয়টি ব্যবহৃত হবে।

(ঙ) ২ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) উপরের অনুকরণে দশটি আরবী বাক্য লেখো।

(ছ) বানান দেখো ঃ বৃহস্পতি – শনি – সোম – মঙ্গল – শুক্রবার (একসাথে) ক্ষুধার্ত – পিপাসার্ত – কৃতজ্ঞ (জ + ঞ) – ব্যয় করা – আয়-ব্যয়

তামরীন – ২৫

(ক) বাংলায় বলো–

(١) أيها البخيل! لم لا تنفق مالك في سبيل الله ؟ هل تأخذ مالك معك إلى قبرك ؟ لا ينفعك مالك عند الموت، بل ينفعك عملك الصالح – هذه مشكلة صعبة، لا أعرف لها حلا – لكل مشكلة صعبة حل – حل هذه المشكلة بيد الله .

(٢) قال الضيف لصاحب البيت : أكرمتني فأكرمك الله – قلت لأمي المريضة : يا أمي العزيزة ! سأحضر لك دواء نافعا و فاكهة لذيذة – يدخل الله العبد الصالح الجنة و يدخل الرجل الفاجر النار .

(٣) يا محمود ! إلى من ترسل هذا الخطاب ؟ أرسله إلى صديقي القديم – لمن أحضرت يا فاطمة ! عصير العنب هذا ؟ أحضرته لك – اشرب هذا العصير اللذيذ – يا زينب ! أدخلي صديقتك الجديدة معك غرفتك – أيها العبد الصالح ! البستني هذا اللباس فألبسك الله لباس الجنة .

(٤) أكرم العالم لعلمه و لا تكرم الفاسق لماله – ذكر الله قصة موسى في القرآن – اذكر الله دائما و لا تترك ذكر الله لحظة – سيظهر الحق أمام الناس – أرسل الله في كل قوم رسولا – قال المظلوم في

دعائه : ربنا أخرجنا من هذه القرية الظالمة ·

(٥) أفهم المعلم تلميذه مسألة حسابية صعبة، فهم التلميذ المسألة و شكر المعلم - لا يظلم المسلم أخاه المسلم - قال التلميذ الطيب : أطلب منك الدعاء يا معلمي الكريم ! مات اليوم أبو ماجد الطيب، سيدفنه الناس في مقبرة القرية ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং তৃতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ১ ও ৪ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) রান্নাঘরের সেবিকা ফলের ঝুড়ি থেকে একটি বড় তরমুজ বের করলো এবং রান্নাঘরের ছুরি দ্বার তা কাটলো। হে ফাতেমার আম্মা, আপনি আপনার এই মেয়েটিকে কী পরাবেন? আমি তাকে ঐ দামী জামাটি পরাবো।

(২) আল্লাহ আমাদেরকে জান্নাতে রেশমী পোশাক পরাবেন, তাই দুনিয়াতে তিনি আমাদেরকে রেশমী পোশাক থেকে নিষেধ করেছেন। হে মুসলিম, তুমি তোমার ঘরে কোন কুকুর ঢুকিও না। এই ঘরে কি কুকুর আছে, তাহলে এই ঘরে রহমতের ফিরেশতা দাখেল হবেন না।

(৩) এটি স্বাস্থ্যসম্মত খাবার, আর সেটি অস্বাস্থ্যকর খাবার। আমি তোমাকে অস্বাস্থ্যকর খাবার থেকে নিষেধ করছি। এটি শয়তানী কাজ। হে আল্লাহর বান্দা, কেন তুমি এই শয়তানী কাজ করছো। হে গৃহস্বামী, আপনি আপনার সম্মানিত মেহমানকে এই সুন্দর চেয়ারে বসান।

(৪) হে মাজেদের মেধাবী ভাই, তুমি এই প্রাচীন অভিধানটি খোলো এবং এই কঠিন শব্দটির অর্থ তালাশ করো। এটি সরকারী বিদ্যালয়, আর সেটি বেসরকারী বিদ্যালয়। সরকার আমাদের উপর জুলুম করছে। সুতরাং কে আমাদেরকে জুলুম থেকে রক্ষা করবে।

(৫) এই সমাজে সবল দুর্বলের উপর জুলুম করে, অথচ কেউ দুর্বলকে সাহায্য করে না। আমি এই বিষয়ে তোমাকে কিছুই জিজ্ঞাসা করবো না। নেককার স্ত্রী তার স্বামীকে বললো, আপনি আমাকে হারাম মাল থেকে খাওয়াবেন না।

ব্যাখ্যা : গৃহস্বামী – এর অর্থ ঘরের মালিক।

তাকে যুলুম থেকে বাধা দাও – এর আরবী হলো امنعه من الظلم তাকে যালিমের যুলম থেকে রক্ষা করো-এর আরবী হলো امنعه من ظلم الظالم এখানে احفظه ব্যবহার করা ঠিক হবে না। من يمنعك منى এর অর্থ হলো, কে তোমাকে আমার হাত থেকে রক্ষা করবে।

(ঙ) ২ ও ৩ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) একটি ছেলে তার বন্ধুকে কিছু প্রশ্ন করেছে আর বন্ধুটি জবাব দিয়েছে, এ ধরনের একটি রচনা লেখো।

(ছ) বানান দেখো ঃ সমস্যা – সমাধান – গৃহস্বামী (একসাথে) – মুহূর্ত – নিষেধ – আদেশ-নিষেধ – নির্দেশ – স্বাস্থ্য – স্বাস্থ্যসম্মত – তালাশ – সম্মানিত – জিজ্ঞাসা

তামরীন – ২৬

(ক) বাংলায় বলো–

(١) سأل جندي مشرك رجلا مسلما : أ لا تخافني، أ لا تخاف سلاحي ! أجاب المسلم : نعم .. لا أخافك، و لا أخاف سلاحك و كيف يخاف المؤمن الشجاع المشرك و سلاحه – مات الرجل الصالح في سبيل الله و طارت روحه إلى الجنة .

(٢) أيها الولد ! سألتني فأجبتك و سألتك فما أجبتنى – لم لا تجيب على سؤالي أيها الولد – أمريكا تبيع سلاحها لإسرائيل و لا تبيع لبلد مسلم – لأنها عدوة الإسلام – أيها الرجل كيف تبيع إيمانك بثمن قليل – بعني قلمك يا راشد – بعت داري هذه من رجل مسلم .

(٣) أيها العبد الصالح لا يقبل الله صلاة قلب غافل، فاحضر قلبك في صلاتك – و أخرج من قلبك غير الله – تطلع الشمس فترسل إلينا نورها .

(٤) يقول الله يوم القيامة : يا عبدي ! طلبت منك الطعام فما

أطعمتني - يا صاحب البيت الكريم ! هل تطعم فقيرا جائعا ؟
قد سقطت مدينة العدو هذه على يد مجاهد شجاع .

(৫) لهذا الخياط الجديد آلة خياطة جديدة - هو يخيط الثوب بآلة الخياطة - هذه الآلة تعمل جيدا - أ بيدك خطت ثوبك يا بنت - الإنسان يتوب إلى ربه، و ربه يتوب عليه (يقبل توبته) - أيها الصياد الماهر ! ماذا صدت ببندقيتك هذه ؟ صدت بها نمرا .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো-

(১) কে রাশেদের প্রশ্নের উত্তর দেবে? আমি তার প্রশ্নের উত্তর দেবো। হে লোক, তুমি আমার কাছে কী চাও? আমি তোমার কাছে একটি সামান্য খেদমত চাই। তুমি এই কাজে তোমার সময় নষ্ট করো না। হে গ্রামের মাদরাসার ছাত্র, তুমি তো ফারসীভাষার অধ্যয়নে তোমার মূল্যবান সময় নষ্ট করেছো।

(২) নেক ছেলে তার মা-বাবাকে ইকরাম করে এবং তাদের আনুগত্য করে। হে আমার খাদেম, কেন তুমি আমার আনুগত্য করো না, অথচ আমি তোমার (জন্য) কল্যাণ চাই। এই লোকটি তো আল্লাহর আযাবকে ভয় করে না, তাহলে কোন জিনিস তাকে জুলুম থেকে বাধা দেবে?

(৩) আমি আমার কামরা থেকে একটি কুকুরের ছবি বের করেছি। এই ছেলেটি অংকে দুর্বল, আর তুমি আরবীভাষায় দুর্বল। তুমি কি এই প্রাচীন ইসলামী শহরটির ইতিহাস জানো? এটা কি ইসলামী দেশ, না মুসলিম দেশ?

(৪) আমি এই দামী কাপড়টি তোমার কাছে এক দিরহামে বিক্রি করবো না। তুমি কি আমাকে এই সুস্বাদু খাবার খাওয়াবে না? অবশ্যই খাওয়াবো। এই খবর দিয়ে কে তোমাকে আমার কাছে পাঠিয়েছে। আরবীভাষা অধ্যয়নের জন্য আমি তোমাকে মাদরাসাতুল মাদীনায় পাঠাবো।

(৫) আল্লাহ কোন মুনাফিকের আমল কবুল করেন না। হে সৎ ছেলে, আমি তোমার বন্ধুত্ব গ্রহণ করলাম। কেননা তুমি আমাকে আমার এই বিপদে সাহায্য করেছো। হে মানুষ, তুমি কি তোমার প্রতিপালকের আনুগত্য করবে না?

(ঙ) ২ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তুমি তোমার এবং তোমার বন্ধুর লেখাপড়া সম্পর্কে কিছু লেখো।

(ছ) বানান দেখো– সেলাইমেশিন – নষ্ট – জিনিস – গ্রহণ – যোগ্য – গ্রহণযোগ্য – উপযুক্ত – সামান্য

তামরীন – ২৭

(ক) বাংলায় বলো–

(١) خلق الله الإنسان و أكرمه بسجود الملك – ترك الإنسان عبادة الله و سجد لغير الله، فأهان نفسه – ربه يكرمه و هو يهين نفسه – قال خالد : أقمت في مكة سنة – سأقيم الصلاة في هذا المجتمع الفاسد – سقط ولد فاطمة الصغير على الأرض – فأخذته فاطمة و أقامته – قال العالم الصالح : أقيم في هذه القرية مدرسة دينية و أنشر منها نور العلم .

(٢) ضرب المجاهد بسيفه على عنق العدو فأطار رأسه – هذا الولد يطير الطيارة الورقية بمهارة – انظر كيف تطير طيارته الورقية – هلك الشيطان و أهلك الإنسان – أطعت نفسك فأهلكتك – أيتها النفس الخبيثة ! لا تتركي طريق النور و لا تذهبي إلى طريق النار – لا تهلكي و لا تهلكيني .

(٣) عاد المسافر إلى وطنه بعد سفر طويل – أخطأ هذا الرجل في صلاته و ترك سجدة، فأعاد صلاته – أيها الولد! أعد علي كلامك، لأني ما فهمت كلامك .

(٤) يعود يوم العيد هذا بعد سنة، أعاده الله علينا بسروره و سعادته- أيتها الطالبة الذكية ! كيف أخطأت في هذه المسألة الحسابية ؟ أعيديها و لا تخطئي في هذه المرة – نصرك الله كما

نصرتني - بالحرص يصيد الشيطان ابن آدم ·

(٥) بالجهاد يعود إلى الأمة الإسلامية تاريخها الذهبي - بجهادنا سيعيد الله إلى الإسلام عزه - أخرج من قلبك الحرص أيها الإنسان! فبالحرص يهلكنا الشيطان ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো−

(১) হে মানুষ, তুমি আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করো, নফসের এবং শয়তানের আনুগত্য করো না। হে মুসলিম নারী, তুমি তোমার রাসূলের সুন্নাহর উপর আমল করো। আল্লাহ আদ ও ছামূদকে তাদের কুফুরির কারণে ধ্বংস করেছেন।

(২) হে ছোট ছাত্র, তুমি কোন শ্রেণীতে পড়ো এবং কী পড়ো? আমি তৃতীয় শ্রেণীতে পড়ি; আমি আরবী ভাষা ও ইসলামী ফিকাহ পড়ি। হে এই বাড়ীর মালিক, কীভাবে তুমি আমার সামনে আমার বন্ধু খালেদকে অপমান করছো।

(৩) ক্ষুধার্ত লোকটি গৃহস্বামীকে কৃতজ্ঞতা জানালো এবং বললো, আল্লাহ তোমাকে জান্নাতে আহার দান করুন, যেমন তুমি আমাকে আজ আহার দান করেছো। আমি (আমার) নামায পুনরায় পড়বো (দোহরাবো), কেননা আমি (আমার) নামাযে ভুল করেছি।

(৪) প্রত্যেক মানুষ ভুল করে। আমাদের আব্বা আদম জান্নাতে ভুল করেছেন। আল্লাহ রোযাদারকে সম্মান করবেন এবং তাকে 'বাবুর রাইয়ান' দিয়ে জান্নাতে দাখেল করাবেন। হে ফাসেক লেখক, আল্লাহ তোমাকে এবং তোমার কলমকে হকের পথে ফিরিয়ে আনুন।

(৫) আমি জানি না, কীভাবে আমি এই দূরবর্তী গ্রামে এক বছর অবস্থান করবো। এই বুড়ো লোকটির হাত ধরো এবং তাকে দাঁড় করাও। হে মহান আলিম, আপনি আমাদের এই ছোট গ্রা[illegible] একটি দ্বীনী মাদরাসা কায়েম করুন। মুমিন বান্দা সামান্য মূল্যের বিনিময়ে তার ঈমান বিক্রি করে না। আমি তোমার কাছে আমার এই নতুন কাপড়টি এক দিরহামে বিক্রি করেছি।

ব্যাখ্যা ঃ 'নামায পুনরায় পড়লো' − এর মতলব হলো, নামাযকে দোহরালো বা

ফেরালো, সুতরাং এর আরবী হবে أعاد الصلاة বা أعاد صلاته

'তার হাত ধরলো' এর আরবী হলো أخذ يده তবে এখানে مفعول এর শুরুতে ب যোগ করে أخذ بيده বলা যায়, তরজমা একই হবে, কারণ ب অব্যয়টি হচ্ছে অতিরিক্ত।

'তোমাকে এবং তোমার কলমকে' এখানে أعاد শব্দটিকে পুনরাবৃত্ত করলে বাক্যটি আরো সুন্দর হবে।

(ঙ) ৩ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) العود ও الإعادة এ মাছদার দু'টির বিভিন্ন ফেয়েল ব্যবহার করে দশটি বাক্য তৈরী করো, সাথে অন্যান্য ফেয়েলও আসতে পারে। একটি বাক্যে كما এর ব্যবহার করো এবং একটি বাক্যে صديقنا مسعود এর অনুরূপ একটি তারকীব ব্যবহার করো।

(ছ) বানান দেখো ঃ অপদস্থ করা – উচ্চপদস্থ অফিসার – বিপদগ্রস্ত – অভ্যস্ত – প্রতিষ্ঠিত – প্রতিষ্ঠান – ঘুড়ি – ধ্বংস – ভুল ('ভূল' নয়, 'ভুল' লিখতে ভুল করো না) – সোনালী – পুনরাবৃত্তি করা।

তামরীন – ২৮

(ক) বাংলায় বলো–

(١) يغفر الله كل ذنب و لن يغفر الشرك - اغفر لي يا ربي ! فلن أعود إلى هذا العمل أبدا - لن يطيع المسلم عدوه الشيطان - يا أخا خالد الذكي ! ألا تعرف حلا لهذه المشكلة الصعبة ؟ بلى .. أعرف لها حلا .

(٢) قد ظهر الفساد في كل مجتمع إسلامي - انظر كيف ظهرت الحقيقة أمام الناس - في هذا الزمان يطير الإنسان في السماء كما يطير الطير - أسألك يا ربي ! و لن أسأل غيرك - لن أترك في حياتي سنة حبيبي (صلى الله عليه وسلم)

(٣) أيها الفاسق ! أ لن تتوب إلى الله ؟ أ لن ترجع إلى ربك - أ لن تترك هذا الفسق ؟ بلى سأتوب و أرجع، بل قد تركت الفسق و

تبت إلى الله - لا يضيع الرجل العاقل وقته الغالي في عمل غير نافع - يا صديقي العزيز ! لا أريد (لا أطلب) منك خدمة مالية، بل خدمة علمية ·

(٤) لن تمنع المرأة المسلمة ابنها و زوجها و أخاها من الجهاد في سبيل الله - أقام المعلم تلميذه و سأله عن درسه - طلبتك يا صديقي خالدا في كل مكان و أنت تلعب هنا في الملعب ·

(٥) أيها الرجل ! لن تفتح قلب أحد بقوتك، بل بمودتك - قبل أسبوع أرسلت إلى صديقي بشير رسالة - سأدخل من باب هذا المسجد المفتوح - عمنا مسعود إمام هذا المسجد الكبير - أيتها البنت الكسلانة ! ألن تسمعي نصيحة معلمتك ؟ ألن تتركي هذه العادة القبيحة ·

ব্যাখ্যা ঃ عاد إلى عمله এর একটি অর্থ হলো সে কাজে বা কর্মক্ষেত্রে ফিরে এলো। অন্য অর্থ হলো, কাজটি পুনরায় করলো।

لن تمنع من الجهاد এর অর্থ হবে, জিহাদে যেতে কিছুতেই বাধা দেবে না।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) এই লোকটির কথা থেকে মালের প্রতি লোভ প্রকাশ পাচ্ছে। এই গ্রামের উত্তম লোকটি বললো, কিছুতেই আমি আমার পুত্র রহমাতুল্লাহকে ধর্মহীন মাদরাসায় পাঠাবো না। হে ধনী ব্যবসায়ী! তুমি তোমার মূল্যবান জীবন মালের তলবে বরবাদ করো না।

(২) হে জাহেল, তুমি কি তোমার নফসের আনুগত্য করছো, অথচ তোমার নফস তোমার জন্য জাহান্নামের দুয়ার খুলে দেয়। হে ফাতেমার আম্মা, আপনি কি আপনার ছেলেকে এই সুন্দর পোশাকটি কিছুতেই পরাবেন না। হে শ্রেণীকক্ষের ছাত্রী, তুমি কি কিছুতেই আমার প্রশ্নের উত্তর দেবে না।

(৩) এই প্রসিদ্ধ মাদরাসাটি কে প্রতিষ্ঠিত করেছেন। হে মাজেদ, তুমি আরবী ভাষা অধ্যয়ন করো যেমন তোমার বন্ধু বশির তা অধ্যয়ন করছে। হে ইনসান, তুমি কি তোমার প্রতিপালকের নেয়ামতের উপর কিছুতেই তার শোকর আদায় করবে না?

(৪) রাত দিন আল্লাহ তার বান্দার উপর আপন রহমত নাযিল করেন, অথচ সে আপন প্রতিপালকের শোকর আদায় করে না। হে আল্লাহ, আপনি ইসলামী উম্মাহর দুশমনকে হালাক করুন।

(৫) হে এই ঘরের মালিকান! আপনি কি এই গরীব অনাহারী মানুষটিকে কিছুতেই আহার করাবেন না? তাহলে কীভাবে আপনি আল্লাহর কাছে জান্নাত প্রার্থনা করেন। জানি না, এই নির্বোধ লোকটিকে এই বিষয়টি কীভাবে বোঝাবো।

ব্যাখ্যা ঃ 'তুমি আরবী ভাষা অধ্যয়ন করো, যেমন তোমার বন্ধু তা অধ্যয়ন করছে' এ বাক্যটি এবং 'তুমি তোমার বন্ধুর মত আরবী ভাষা অধ্যয়ন করো' এ বাক্যটি উভয়ের উদ্দেশ্য এক, সুতরাং উভয়ের আরবী তরজমা অভিন্ন হতে পারে। 'কিছুতেই তার শোকর আদায় করবে না' এ অংশটি আরবীতে আগে আসবে এবং 'তোমার প্রতিপালকের নেয়ামতের উপর' এ অংশটি পরে আসবে। সে হিসাবে যামীর ও তার مرجع এর স্থান পরিবর্তন হবে।

(ঙ) ২ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) 'মনে করো তুমি একটি লোককে সাহায্য করেছো' এ বিষয়ের উপর একটি রচনা লেখো, (লোকটির অবস্থা, সাহায্য করার কারণ, লোকটির কৃতজ্ঞতা প্রকাশ, এবং তার জবাবে তোমার মন্তব্য, ইত্যাদি বিষয় আসতে পারে।)

(ছ) বানান দেখো ঃ অভ্যাস – বিশ্রী – প্রসিদ্ধ – অংশ – হিসাব

তামরীন – ২৯

(ক) বাংলায় বলো–

(١) جلس راشد أمام الطاولة ليقرأ درس اليوم - يا صديقي ماجدا ! ادرس اللغة العربية لتفهم الكتاب و السنة - أخذت الكأس لأشرب عصير العنب اللذيذ - أيها العبد الصالح! اعبد ربك لتدخل الجنة .

(٢) فتح رسول الله صلى الله عليه وسلم مكة في السنة العاشرة من الهجرة، فتحها بنصرة الله - يغضب الله على الظالم - فيا أيها الرجل! امنع أخاك الظالم من ظلمه - يزرع الفلاح اليوم ليحصد الزرع غداً - كيف لا يقطع البلد المسلم علاقتها مع الهند، و هي عدوة الإسلام و عدوة الأمة الإسلامية ·

(٣) إنسان هذا الزمان يعرف قيمة المال و لا يعرف قيمة الوقت و قيمة الحياة - لن تقوم القيامة قبل ظهور الدجال - أيها الصياد الماهر اذهب إلى الغابة البعيدة لتصيد الأسد : يا خادمة المنزل ! ادخلي المطبخ لتطبخي لنا طعام الغداء · فسد مجتمعنا هذا لقلة الأمانة و كثرة الخيانة ·

(٤) خرج النفاق من قلب هذا الرجل ببركة تلاوة القرآن خذ سيفك لتضرب به عنق عدو الله - أكرم الله هذه الأمة بالقرآن، و لكن تركت الأمة العمل بالقرآن - فظهر فيها الفساد و أخذتها الفتنة من كل جانب ·

(٥) أيها الكاتب الشجاع خذ قلمك لتنشر به الخير و تمنع الشر، و لا تخف أحدا غير الله - لن يفتح الله باب الجنة للخائن - في مساء الخميس ركبت الطائرة لأطير إلى دمشق - أيها التاجر الصالح ! لا تفتح دكانك في يوم الجمعة ·

ব্যাখ্যা : لتنشر به এখানে বাংলা তরজমায় به অংশটি বাদ দেয়াই উত্তম হবে।
সে দিল্লী গিয়েছে– যাওয়া যদি বিমানে করে হয় তাহলে ذهب إلى دلهي بالطائرة এর পরিবর্তে طار إلى دلهي বলা উত্তম।
أخذ অর্থ নিয়েছে বা ধরেছে, কিন্তু এখানে বাক্যের পরিবেশের দিকে লক্ষ্য রেখে তরজমা করা হবে, 'ঘিরে ধরেছে', তরজমা করার সময় এসব দিক বিবেচনা করতে হয়।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং তৃতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) এক ডাকাত একটি ছোট কাফেলায় ডাকাতি করেছে, একজন লোককে হত্যা করেছে এবং একটি শিশুকে জখম করেছে। আমি অবশ্যই তোমার সঙ্গে সম্পর্ক ছিন্ন করবো। রান্নাঘরের সেবিকা রান্নাঘরের ছুরি দ্বারা তার হাত কেটে ফেলেছে।

(২) হে ক্লাসের মেধাবী ছাত্র, তোমার এই কথা ঐ মেধাহীন ছাত্রের হৃদয়কে অবশ্যই আহত করবে। বিকাল পাঁচটার আগে বাড়ীতে ফেরার জন্য আমি এখন এই রেলগাড়ীতে আরোহণ করবো।

(৩) আমি এই চিঠিটি আমার বন্ধুর ঠিকানায় পাঠানোর জন্য লিখেছি। হে উত্তম ফাতেমার ছেলে, তোমার আম্মা অসুস্থ হয়ে পড়েছেন, সুতরাং তুমি তার জন্য ঔষধ আনতে ডাক্তারের কাছে যাও।

(৪) ফাতেমা আগামীকাল রোযা রাখার জন্য এখন সেহরী খাবে। হে যায়নাবের আম্মা, আপনি কি যায়নাবের জন্য একটি নতুন জামা সেলাই করতে সেলাইমেশিনের সামনে বসেছেন? তৃতীয় শ্রেণীর ছাত্রীটি শিক্ষিকার প্রশ্নের উত্তর দেয়ার জন্য দাঁড়িয়েছে।

(৫) আমি তোমাদের খালেদকে তার অবস্থা সম্পর্কে জিজ্ঞাসা করার জন্য তালাশ করেছি। হে মদিনা মুনাওয়ারার আলিম, কেন আপনি একবছর যাবৎ এই গ্রামে অবস্থান করছেন? আমি এখানে একটি দ্বীনী মাদরাসা প্রতিষ্ঠা করার জন্য অবস্থান করছি।

ব্যাখ্যা ঃ [ক] قطع الطريق এর শাব্দিক অর্থ, রাস্তা কেটেছে, মতলব, ডাকাতি করেছে, এটি على অব্যয়যোগে ব্যবহৃত হয়।

[খ] তৃতীয় ভাগের প্রথম বাক্যটি দেখো, বাংলায় যে, তারতীব আছে সে অনুসারে আরবী বাক্যটি হবে এই–

لأرسل هذه الرسالة إلى عنوان صديقي كتبت

কিন্তু আরবী বাক্যের তারতীব অনুযায়ী كتبت ফেয়েলটি আগে আসবে, তাই هذه الرسالة এই অংশকেও আগে এনে كتبت এর مفعول به বানাতে হবে, অর্থাৎ–

كتبت هذه الرسالة لأرسل إلى عنوان صديقي

এখন لأرسل এর مفعول به রূপে যামীর ব্যবহার করা উত্তম হবে, যা هذه

الرسالة এর দিকে ফিরবে। বাংলায় অবশ্য এই যামীরের প্রয়োজন নেই।
[গ] ঔষধ আনতে- এর অর্থ ঔষধ আনার জন্য, যেহেতু 'জন্য' শব্দটি আগে একবার এসেছে সেহেতু শ্রুতিকটুতা পরিহার করার জন্য দ্বিতীয়বার 'আনার জন্য' এর পরিবর্তে 'আনতে' ব্যবহার করা হয়েছে।
আরেকটি কথা- ঔষধ আনতে অর্থ- 'ঔষধ আনার জন্য' এর মূল অর্থ ঔষধ উপস্থিত করার জন্য। সুতরাং الإحضار মাছদার থেকে ফেয়েল ব্যবহার করতে পারো। 'আনা'-এর আলাদা মাছদার অবশ্য আছে। কিন্তু তা এখনো তোমার পড়া হয়নি।
[ঘ] পঞ্চম ভাগের প্রথম বাক্যটিকে তৃতীয় ভাগের প্রথম বাক্যটির আলোকে চিন্তা করতে হবে।

(ঙ) **১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।**

(চ) তুমি কোন্ মাদরাসায় কী উদ্দেশ্যে কী অধ্যয়ন করছো, এ সম্পর্কে অন্তত দশটি বাক্যের একটি রচনা লেখো (সাথে প্রাসঙ্গিক বিষয়ও থাকতে পারে, যেমন তোমার পরিচয়, তোমার মাদরসার পরিচয়, পঠিত বইয়ের পরিচয়, ইত্যাদি)।

(ছ) বানান দেখো ঃ সম্পর্ক ছিন্ন করা - আরোহণ - জিজ্ঞাসা - তালাশ - অনুসারে - অনুসরণ - অনুকরণ - রেলযোগে - যোগ - যুগ - যুক্তি - যুক্ত - যোগাযোগ - শ্রুতিকটু - প্রসঙ্গ - প্রাসঙ্গিক।

তামরীন - ৩০

(ক) **বাংলায় বলো-**

(١) أيها الرجل! اطلب غني النفس قبل غنى المال - لولد التاجر الغني/ لولد تاجر غني ساعة يدوية - خلعت أخت بلال لباسها المنزلي لتلبس اللباس المدرسي - أخذ المشرك بيده السيف و سأل رسول الله صلى الله عليه وسلم : من يمنعك مني يا محمد ؟ قال : الله .

(٢) لا تنظر إلى عيب الإنسان - الرجل العاقل لا ينظر الى جمال الوجه و إلى جمال اللباس بل ينظر إلى جمال العلم و العمل أيها الإنسان ! قد خلقك الله لتعبده و تسجد له، لا لتعبد

غير الله و تسجد لغير الله .

(٣) قالت الأم لبنتها : اجلسي على آلة الخياطة لتخيطي لك قميصا - أصوم اليوم في الدنيا لأفرح غدا في الاخرة - أيها المجاهد ! خذ سيفك لتضرب به عنق عدو الله هذا - خاطت أم ماجد هذا اللباس بيدها ليلبسه ولدها/ لتلبسه ولدها .

(٤) أطعم الفقير الجائع كما أطعمك الله - أيها الولد الطيب ! أكرم أخاك سعيدا كما يكرمك - أنزل الله من السماء ماء ليخرج لنا رزقنا من الأرض - يا أمة الله الصالحة : اعبدي ربك لتدخلي جنته .

(٥) ما خلقنا الله ليهلكنا بالعذاب، بل ليكرمنا بالجنة - يدخل الشيطان قلب الإنسان من باب الحسد و يخرج من باب العداوة - أيتها الكاتبة المسلمة : خذي القلم لتنشرى به الخير في مجتمع الناس - رزقك الله هذا العلم النبوي لتنفع به الناس، لا لتنشر الفساد - ما كذبتكم بل صدقتكم و أنا أصدقكم دائما و لا أكذبكم أبدا .

ব্যাখ্যা ঃ বাঙ্গালীরা মানুষের সাথে সত্য বা মিথ্যা বলে, আর আরবরা মানুষকে বলে, তরজমা করার সময় এ কথাটা মনে রাখতে হবে।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) হে ধনী ব্যবসায়ী, আল্লাহ তোমাকে প্রচুর মাল দান করেছেন, সুতরাং তুমি কি মানুষের উপকার করার জন্য আল্লাহর রাস্তায় তোমার মাল খরচ করবে না? হে মানুষ, তোমার মাল আল্লাহর রাস্তায় খরচ করার জন্য, শয়তানের রাস্তায় খরচ করার জন্য নয়।

(২) হে মহান আলিম, আমি আপনার মজলিসে উপস্থিত হয়েছি আপনার যবান থেকে ইলমের 'লফয' এবং আপনার কলব থেকে ইলমের নূর নেয়ার (গ্রহণ করার) জন্য। এই ধনী ব্যবসায়ীর ছেলে কি সরকারী বিদ্যালয়ে পড়ে?

(৩) হে বাড়ীর পরিচারিকা, আপনি আমাদের জন্য রাতের খাবার রান্না করতে কখন রান্না ঘরে যাবেন (প্রবেশ করবেন)। কৃপণ তার মাল আল্লাহর রাস্তায় কিছুতেই খরচ করবে না।

(৪) আল্লাহ তাঁর রাসূল মুহাম্মদ (ছাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম)কে তাঁর কাওমের বিরুদ্ধে সাহায্য করেছেন। হে আল্লাহর নেক বান্দী, তুমি আগামীকাল আখিরাতে আনন্দ লাভ করার জন্য আজ দুনিয়াতে রোজা রাখো।

(৫) কী জন্য তুমি তোমার কামরা থেকে বের হয়েছো? তুমি কি মাদরাসায় যাওয়ার জন্য বের হয়েছো? হাঁ, ...। তুমি বের হয়েছো কি মাদরাসায় যাওয়ার জন্য, না বাজারে যাওয়ার জন্য। মানুষের সাথে সর্বদা সত্য বলো, কখনো মিথ্যা বলো না।

ব্যাখ্যা ঃ (ক) 'দান করেছেন' এর আরবী তরজমায় رزق ব্যবহার করতে পারো।

মানুষের উপকার কী দ্বারা করা হবে? মাল দ্বারা– সুতরাং সেটা প্রকাশ করার জন্য এখানে به এই অংশটি যোগ করলে ভালো হবে, যদিও বাংলায় 'তা দ্বারা' কথাটি নেই এবং বাংলায় তা না থাকাই উত্তম।

(খ) তার কাওমের বিরুদ্ধে – এখানে على অব্যয় ব্যবহৃত হবে।

(ঙ) ২ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তুমি তোমার বন্ধুকে বিভিন্ন উপদেশ দিয়ে অন্তত দশটি বাক্যের একটি চিঠি লেখো। (তাতে তিন চারটি ل যুক্ত ফেয়েল যেন ব্যবহৃত হয়।)

(ছ) বানান দেখো ঃ আত্মা – আত্মরক্ষা – আত্মসংশোধন – আত্মীয় – দোষ – দোষণীয় – খুশি – খুশী – বিরুদ্ধে – বিরোধী – বিরোধিতা – ব্যবসা – ব্যবসায়ী – অংশ – প্রবেশ।

তামরীন – ৩১

(ক) বাংলায় বলো–

(١) يا فاطمة ! أ لن تلبسي هذا العقد الذهبي ؟ نعم .. لن ألبسه

لأنه غير جميل - قلت لسعيد التاجر : اركب السيارة لتذهب إلى سوق العاصمة - خرج أخونا سعيد من القرية و ذهب إلي مدرسة المدينة ليطلب العلم ·

(٢) ادخلي يا فاطمة الحمام لتغسلي وجهك، ثم خذي منشفة نظيفة لتمسحي بها وجهك - لا تنام أختنا زينب قبل العاشرة ليلا - أنا أنام بعد العشاء لأقوم من النوم قبل الفجر - أيها الرجل ! أخرج من قلبك الحسد و انظر إلى إخيك بعين المحبة ·

(٣) هل لأخيكم سعيد قاموس جديد ؟ أيها المجاهد ! كيف تفتح باب القلعة الحديدي لتدخل القلعة و كيف تنزل من رأس القلعة علم العدو ؟ في يوم الإثنين خرج عمنا التاجر إلى سفر بعيد و يعود في يوم السبت القادم ·

(٤) أريد أن أطلب العلم لوجه الله - أرادت فاطمة أن تغسل وجهها فدخلت الحمام - لا يريد البخيل أن ينفق ماله في سبيل الله - يا عائشة ! متى تريدين أن تنامي ؟ أريد أن أنام بعد صلاة العشاء - أدرس اللغة العربية لأني أريد أن أفهم القرآن و السنة ·

(٥) أردت أن أصوم غدا فأكلت السحور، و في السحور نور و بركة - يريد الشيطان أن يفتح لنا بابا جديدا من الشر و الفساد فدخل بيت المسلم من باب الحاسوب - أيها الشيطان الرجيم ! أنت تريد أن تخرجنا من نور الإيمان إلى ظلام الشرك و تريد أن تهلكنا بحيلتك الخبيثة، فلن أطيعك في أمرك ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(খ) আরবীতে বলো–

(১) হে শ্রেণীকক্ষের নতুন ছাত্র! তুমি শ্রেণীকক্ষের ব্ল্যাকবোর্ডে এই কঠিন শব্দটির অর্থ লেখার জন্য কলমটি নাও। হে খালেদের উত্তম বোন, তুমি নিজ হাতে তোমার কাপড় সেলাই করার জন্য সুঁই-সুতা নাও। আমি আল্লাহর ওয়াস্তে তোমাদেরকে আহার করাতে চাই।

(২) এই গ্রামের কর্মঠ কৃষক চাষ করার জন্য তার লাঙ্গল নিয়ে তার জমির উদ্দেশ্যে বের হয়েছে। হে আল্লাহর বান্দী, তুমি কি তোমার রাসূলের সুন্নাহর উপর আমল করতে চাও না? তাহলে কেন তুমি ডান হাতে পানাহার করো না?

(৩) আমি রহমানের আনুগত্য করতে চাই, শয়তানের আনুগত্য করতে চাই না। ছালাত হলো দৈনিক ইবাদত, আর সিয়াম হলো বাৎসরিক ইবাদত। এই সান্ধ্যপত্রিকা আজকের সংখ্যায় আফগানিস্তানের জিহাদ সম্পর্কে একটি নতুন খবর প্রকাশ করেছে।

(৪) আদ ও ছামূদ তাদের কুফুরির কারণে ধ্বংস হয়েছে। আল্লাহ তাদেরকে ভীষণ আযাব দ্বারা ধ্বংস করেছেন। আল্লাহ আদ ও ছামূদকে ধ্বংস করার ইচ্ছা করলেন, তাই তাদের উপর ভীষণ আযাব নাযিল করলেন।

(৫) মেধাবী ছাত্রীটি শ্রেণীকক্ষের শিক্ষিকার প্রশ্নের উত্তর দিতে চাইল, তাই সে নিজের আসন থেকে ওঠে দাঁড়ালো। হে ঘরের মালিকান, আপনি কি এই দরিদ্র ক্ষুধার্ত মহিলাকে আল্লাহর ওয়াস্তে আহার করাতে চান না? অবশ্যই চাই।

(ঙ) ১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তুমি তোমার এবং তোমার বোন সম্পর্কে কিছু লেখো (তাতে لِ যুক্ত ও أَنْ যুক্ত তিন চারটি ফে'য়েল যেন থাকে।)

(ছ) বানান দেখো :: আমি তোমার ভালোবাসা চাই – আমি একটি ভালো বাসায় থাকি দৃষ্টি – স্বর্ণ – অভিধান – সন্তুষ্টি – বিতাড়িত – কৌশল – দৃশ্য – সংখ্যা – ভাষণ – টেলিভিশন – ধ্বংস – সন্ধ্যা – সান্ধ্য।

তামরীন – ৩২

(ক) বাংলায় বলো–

(١) يا زينب ! قد أخطأت في صلاتك و تركت ركعة، فأعيدي صلاتك – يا صديقي خالدا ! ما فهمت كلامك، فأعد علي كلامك لأفهمه – أريد أن تعيد علي كلامك فأفهمه – أنت

تخطئ دائما في هذا الأمر - لا تخطئ في المرة القادمة .

(٢) أيها المريض ! هذا الدواء ينفعك - اشربه في السادسة صباحا و في الثامنة ليلا - قال المعلم لتلميذه : أيها الولد العزيز ! أريد أن أنفعك بعلمي فخذ من لساني ظاهر العلم و خذ من قلبي باطن العلم - أنقذت الحكومة الشعب من لعنة الفقر - اللهم أنقذني من هذه المصيبة .

(٣) قال العالم : أقمت هذه المدرسة الدينية لأنقذ الناس من ظلام الجهل - أريد أن أنشر العلم بين الناس و أنقذهم من ظلام الجهل - هذا العالم الصالح ينفع الناس بعلمه كما ينفعهم بعمله .

(٤) لن تخرج فاطمة اليوم من غرفتها - لا تريد فاطمة أن تخرج اليوم من غرفتها - يا فاطمة ! افتحي باب الغرفة لتخرجي من الغرفة و لتخرجي سرير الغرفة - أيها الولد ! هل تريد أن تسبح اليوم في حوض الحمام في مائه الساخن ؟ أيتها المرأة الغنية : أ تريدين أن تسرفي المال و تنفقيه في معصية الله لتهلكي نفسك .

(٥) اعرف نفسك أيها الإنسان لتعرف ربك - أريد أن أنظر إلى جمال الخلق لأعرف جمال الخالق - سعادة المرأ في علمه و عمله لا في ديناره و درهمه - أمريكا تريد أن تمنع العالم الإسلامي من العودة إلى دينه و شريعته، و فلاح العالم الإسلامي في ذلك .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ৩ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) এই ছেলেটির বিষয় আশ্চর্যজনক। কীভাবে সে তার আশ্চর্য মেধা সত্ত্বেও পরীক্ষায় অকৃতকার্য হলো। মানুষের মেধা তার উপকার করে না, বরং

আল্লাহর মদদ তার উপকার করে। হে পাপাচারী লোক, তুমি তোমার পাপাচারের কারণে আমার দৃষ্টি থেকে পড়ে গেছো। দুর্গের কামান একটি জঙ্গীবিমানকে ভূপাতিত করেছে। জঙ্গীবিমানটি ভূপাতিত হয়েছে।

(২) সাহসী সৈনিকটি দুর্গের কামানের পিছনে দাঁড়ালো এবং বললো, আমি আমাদের এই ছোট কামানটি দ্বারা ঐ দ্রুতগামী বিমানটি ভূপাতিত করতে চাই। হে আমার ভাই, আমি তোমাকে অপদস্থ করার জন্য এ কথা বলিনি, বরং তোমার সামনে সত্য প্রকাশ করার জন্য বলেছি।

(৩) অলসতার সাথে কোন ছাত্রের মেধা তার উপকার করে না। ইসলাম নারীকে সমাজের জুলুম থেকে উদ্ধার করতে চায়। হে মযলূম নারী, তুমি কি সমাজের জুলুম থেকে বের হতে চাও না? তাহলে ইসলামের আনুগত্য করো, যেমন তোমার প্রতিপালক তোমার থেকে চান।

(৪) আমি আমার ছোট বন্দুকটি দ্বারা একটি পাখী শিকার করেছি এবং সেটিকে মাটিতে ফেলেছি। আমি পাখীটিকে জখম করেছি, এখন সেটিকে জবেহ করতে চাই।

(৫) হে রান্নাঘরের পরিচারিকা, তুমি কী দ্বারা এই বড় মুরগীটি জবেহ করতে চাও? আমি তা রান্নাঘরের ছুরি দ্বারা জবেহ করতে চাই। ইবরাহীম তার পুত্র ইসমাঈলকে যবেহ করার ইরাদা করলেন।

(ঙ) ১ ও ৩ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তালিবুল ইলম সম্পর্কে তোমার ও তোমার বন্ধুর মাঝে কিছু প্রশ্নোত্তর লেখো।

(ছ) বানান দেখো ঃ ভূ – ভূমি – ভূমিকা – ভূগোল – ভূপাতিত – জনগণ – গণনা – গণক – গণিতশাস্ত্র – অভিশাপ – উদ্ধার (উদ্‌ধার) – মূর্খ – মূর্খতা – সত্ত্বেও – অকৃতকার্য।

ব্যাখ্যা ঃ তার মেধা সত্ত্বেও – এর তরজমায় مع শব্দটি ব্যবহৃত হবে।
'তার উপকার করে না' আরবী তরজমায় এ অংশটি আগে আসবে। সুতরাং যামীরের পরিবর্তে মূল শব্দটি এখানে আসবে।
দ্বিতীয় ভাগের শেষ বাক্যে তোমার সামনে– এর তরজমায় أمامك বলতে পারো, তবে لك বলা বেশী উত্তম হবে।

তামরীন – ৩৩

(ক) বাংলায় বলো–

(١) إن الله خالقنا - إنه خلقنا بقدرته - قال أبو بكر رضي الله عنه :

ألا إن محمدا قد مات و إن رب محمد لا يموت - إن صديقنا مسعودا لا يعود قبل الثلاثاء - إن هذا الولد الكسلان لا ينجح في حياته - لن ينجح هذا ...

(٢) أ لن تلعب مع صديقك يا خالد ؟ نعم .. لن ألعب معه - لأنه دائما يجرح قلبي بلسانه - لعل هذا التاجر لا يريد أن ينفق ماله في سبيل الله، لعله بخيل جدا - يا أم عمران، أ تريدين أن ترسلي ولدك إلى مدرسة لادينية لتهلكيه .

(٣) إن باب مسجدنا مفتوح دائما ليلا و نهارا - لعل العالم الإسلامي يريد أن يعيد ماضيه - إنك يا رجل لا تعرف معنى الحياة - هل الحياة طعام و منام ؟

(٤) أيها الناس، إننا مع الحق و أنتم مع الباطل، فينصرنا الله و لن ينصركم - لعل عند ماجد قاموسا عربيا - إن في هذه القرية الصغيرة مسجدا صغيرا - يخاف هذا التلميذ الغبي أن لا ينجح في الامتحان السنوي القادم .

(٥) إن اللغة العربية لغة كريمة، لا تفتح بابها لكل كلمة أجنبية - يا رجل ! هل أردت أن تفتح باب هذا الشر لتهلك و يهلك الناس معك (لتهلك و تهلك الناس) - يا أخانا الكريم ! إن صديقك صديقنا و إن عدوك عدونا - إن القبر سيفتح لك بابه و أنت أيها الإنسان ستدخله، و لا يترك الموت أحدا .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং তৃতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো-

(১) নিঃসন্দেহে আমাদের বার্ষিক পরীক্ষা অতি নিকটবর্তী। হে আমার ভাই, তুমি আমাকে সম্মান করতে চাওনি, বরং অপমান করতে চেয়েছো। তাই আমার জন্য তোমার বাড়ীর দরজা খুলোনি, তবে আমার দরজা তোমার জন্য সবসময় খোলা।

(২) এই গ্রামের একজন সৎ লোক অসুস্থ হলেন, তখন তার স্ত্রী চিকিৎসককে ডাকার ইচ্ছা করলো, তখন তিনি বললেন, মনে হয় মৃত্যু আমার খুব নিকটবর্তী, সুতরাং আমি কোন চিকিৎসক এবং কোন অষুধ চাই না।

(৩) আল্লাহ তা'আলা আমাদের জন্য কল্যাণের ও বরকতের দরজা খোলার ইচ্ছা করেছেন, তাই আমাদের জন্য রমযান মাস ফিরিয়ে এনেছেন, সুতরাং তুমি কি তোমার প্রতিপালকের শোকর আদায় করবে না এবং এই মোবারক মাসে রোযা রাখবে না?

(৪) তুমি এই কাজটি করো না, আমি তোমাকে এই কাজ থেকে বাধা দিচ্ছি, কারণ তা শয়তানী কাজ। নিশ্চয় আযান হচ্ছে রহমানের দাওয়াত, আর গান হচ্ছে শয়তানের দাওয়াত, সুতরাং তুমি সাড়া দেবে কি রাহমানের দাওয়াতে, না শয়তানের দাওয়াতে।

(৫) লোভ মানুষকে ধ্বংস করে যেমন সাপের বিষ তাকে হত্যা করে। নিশ্চয় মুনাফিকের মুখে রয়েছে মধুর মিষ্টতা, আর তার অন্তরে রয়েছে বিষের তিক্ততা। সে তোমার জন্য মধু প্রকাশ করে, বিষ প্রকাশ করে না।

ব্যাখ্যা ঃ প্রথম ভাগে 'তবে' শব্দটির তরজমায় و দিতে পারো আবার لكن ব্যবহার করতে পারো, এ শব্দটি إن ও لعل এর অনুরূপ।

দ্বিতীয় ভাগে, 'কোন চিকিৎসক এবং কোন অষুধ চাই না' এখানে لا أريد طبيبا و دواء বলতে পারো, তবে دواء এর পূর্বে একটি لا ব্যবহার করা উত্তম।

আমাদের জন্য ফিরিয়ে এনেছেন- এখানে أعاد لنا এর পরিবর্তে أعاد علينا হবে।

يصوم في رمضان এর চেয়ে يصوم رمضان অধিক উত্তম।

পঞ্চমভাগের শেষ বাক্যে দেখো, 'সে তোমার জন্য' এখানে শুরুতে একটি و দিতে হবে, এবং 'কিন্তু' এর বিপরীতেও একটি و হবে।

এখানে বাক্যটি সুন্দর হতো এমন হলে, 'সে তোমার জন্য মধু প্রকাশ করে কিন্তু বিষ গোপন করে। এটা সুন্দর হতো, কিন্তু তোমার যেহেতু 'গোপন করা'-এর আরবী জানা নেই সেহেতু বাক্যটি ঐভাবে লেখা হয়েছে।

(৬) ৪ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তোমার নিজের এবং আম্মা-আব্বার সম্পর্কে কিছু কথা লেখো।

(ছ) বানান দেখো ঃ দেশী – বিদেশী – সাপ – সর্প – সর্পিল – সরীসৃপ – বিষ – দশ ও বিশ।

তামরীন – ৩৪

(ক) বাংলায় বলো–

(١) مات قلب هذا الرجل بغفلته عن ذكر الله - يا راشد ! إن أخاك بشيرا في مشكلة مالية - فأعن أخاك و أخرجه من مشكلته المالية - تريد حكومة البلد الظالمة أن تخرج هذا العالم الصالح من بلده، لأنه يمنع الحكومة من ظلمها ·

(٢) دعاء المظلوم ينزل على الظالم غضب الله - دعاء هذا العبد الصالح أنزل علينا رحمة الله - لعل عند معلم هذه المدرسة خارطة جديدة - قد نفعني معلمي الكريم بعلمه و عمله، و أنا أريد أن أنفع أهل قريتي بعلمي و عملي ·

(٣) انظر إلى العراق، انظر إلى عاصمتها بغداد - إنها الآن مدينة الموت و مدينة النار - ينزل الليل و ينزل الظلام فينزل الموت على أهل العراق، و لكن سيذهب هذا الليل المظلم و يطلع الفجر الجديد - و بنصر الله سيعود العراق إلى الأمة الإسلامية ·

(٤) تريد أمريكا أن تسرق ثروتنا في العراق - دخلت أمريكا العراق بقوة السلاح لتسرق ثروة العراق، و لكن اسمعى يا أمريكا، لك الموت في أرض العراق و لن تخرجي منها مع الحياة ·

(٥) إنك أيها الحريص تطلب السعادة في كثرة المال و هي في القناعة - القانع سعيد و الحريص شقي، و شقاؤه في حرصه - بدم صدرك أيها المجاهد سيكتب الله الفتح للأمة الإسلامية ·

ব্যাখ্যা ঃ عن ذكر الله এটি غفلة এর সাথে متعلق হয়েছে, এ বিষয়ে বিস্তারিত পরে জানা যাবে ইনশাআল্লাহ।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ১ ও ৩ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) মনে হয় এ সমাজ অনৈসলামী সমাজ। নিঃসন্দেহে এই সমাজে শর ও ফাসাদ রয়েছে। অবশ্যই আমি একটি সৎ সমাজের উদ্দেশ্যে এই নষ্ট সমাজ থেকে বের হয়ে যাবো।

(২) অবশ্যই ইরাকের মাটিতে আমেরিকার মৃত্যু হবে, ইরাকের মাটি থেকে আমেরিকা জীবন নিয়ে কিছুতেই বের হতে পারবে না। অবশ্যই মুসলিম মুজাহিদের উপর আল্লাহর সাহায্য অবতীর্ণ হবে।

(৩) হে লোক, তুমি দেয়ালের আয়নার দিকে তাকাও, তোমার চেহারার সৌন্দর্য জানার জন্য, আর তোমার হৃদয়ের আয়নার দিকে তাকাও, তোমার প্রতিপালকের সৌন্দর্য জানার জন্য। হে ধনী মহিলা, আপনি কি এই মিসকীন মহিলাকে সহায়তা করতে চান, তাহলে তাকে একটি সেলাইমেশিন দ্বারা সহায়তা করুন। নিঃসন্দেহে এর দ্বারা আপনি তাকে দারিদ্র্যের অভিশাপ থেকে উদ্ধার করবেন।

(৪) অবশ্যই আল্লাহ আমেরিকার উপর মৃত্যু ও ধ্বংস নাযিল করবেন। হে যালেম, আমি মৃত্যুবরণ করবো, কিন্তু তোমার কাছে আমার ঈমান বিক্রি করবো না। হে গ্রামের গরীব কৃষক! তুমি কি তোমার এই জমিটি আমার কাছে বিক্রি করবে?

(৫) হে জালিম, তুমি তো এতিমের মাল আত্মসাৎ করছো না, বরং তুমি তোমার উদরে আগুণ খাচ্ছো। তোমার এই যুলুম তোমাকে জান্নাতের দরজা থেকে বাধা দিয়ে রাখবে এবং জাহান্নামের দরজার দিকে নিয়ে যাবে।

ব্যাখ্যা ঃ পঞ্চমভাগের প্রথম বাক্যের 'আত্মসাৎ করা' – এর তরজমায় الأكل মাছদার আসতে পারে। 'নিশ্চয়' বা 'নিঃসন্দেহে' ইত্যাদি শব্দ যেমন তাকীদ বোঝায়, তেমনি 'তো' শব্দটিও তাকীদ বোঝায়, এ কথাটি চিন্তায় রেখে তুমি আলোচ্য বাক্যটিতে 'তো'-এর তরজমা করো।

(ঙ) ৩ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) কাশ্মীর ও কাশ্মীরের মুজাহিদ সম্পর্কে একটি রচনা লেখো। (আল্লাহ যে

জিহাদ ফরয করেছেন, জিহাদ তরক করার কারণেই যে উম্মতের দুর্দশা এ প্রসঙ্গও লিখতে পারো)

(ছ) বানান দেখো ঃ উদাসীন – সমস্যা – সংকট – সুখ – সুখী – আত্মসাৎ – অভিশাপ – নিঃসন্দেহে – (নিঃ– এটি বাংলাভাষার একটি উপসর্গ, যা শব্দের শুরুতে যুক্ত হয় এবং কোন কিছুর অভাব এবং না থাকা বোঝায়। যেমন, নিঃশব্দ – শব্দহীন, নিঃশর্ত – শর্তহীন।
এই বিসর্গটি কখনো রেফ বা 'র'-এ পরিবর্তিত হয়। যেমন, নিরপরাধ – নিরাপদ এবং নির্জন – নির্দয় – নির্দোষ ইত্যাদি)

তামরীন – ৩৫

(ক) বাংলায় বলো–

(١) إن العلم طريق السعادة – لعل أمام هذا الولد الصالح مستقبلا جميلا – كان اليوم باردا جدا، فما خرجت من البيت و ما ذهبت إلى العمل، بل كنت في البيت في غرفة مغلقة .

(٢) كان هذا الولد يتيما – كان في فقر شديد، فأعانه تاجر صالح بالمال، فدخل المدرسة و درس العلم و صار عالما كبيرا و نجح في حياته – ليس هذا الرجل غنيا كما يظهر من لباسه و ليس ذلك الرجل فقيرا كما يظهر من لباسه – إنه فقير في لباس غني و إنه غني في لباس فقير .

(٣) سألت تاجر المدينة : قبل سنة كنت رجلا فقيرا، و ما كان لك بيت و لا مكان، و لك الآن قصر و سيارة، و عندك كل طيب و كل لذيذ – أجاب التاجر في تواضع : هذا من فضل الله .

(٤) ليس جمال اللباس خيرا من جمال العلم . أيها الرجل لا أريد أن أعينك على ظلمك انصر أخاك المظلوم و انصر أخاك الظالم – أفهم نصرة المظلوم، و لكن كيف أنصر الظالم ؟ تمنعه من ظلمه – الآن فهمت الأمر .

(٥) أيها التاجر ! ما رزقك الله هذه الثروة العظيمة لتنفقها في معصية الله بل لتنفقها في خدمة العلم و أهل العلم - فهذا خير لك في دنياك و آخرتك - أسرف الرجل ماله فصار فقيرا - كيف صرت يا رجل بخيلا، وقد كنت سخيا !

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) তোমার বোন আয়েশা কি তার শিক্ষিকার কামরায় ছিলো? হাঁ, সে সেখানে ছিলো। হে মাসঊদ, তোমার এই কাপড়টি তো পরিষ্কার ছিলো, কিভাবে তা একদিনে ময়লা হয়ে গেলো? তুমি কি এখন তা সাবান দ্বারা ধুতে চাও?

(২) এই লোকটির পরিবার একটি ইলমী পরিবার। এই পরিবারের বিরাট ইলমী খিদমত রয়েছে। আমি এই মহান পরিবার সম্পর্কে এবং তার ইলমী খিদমত সম্পর্কে জানতে চাই।

(৩) হে আমাদের বন্ধু, মাহমূদের ছেলে, আরবী ভাষা অধ্যয়নের জন্য আমি তোমাকে মাদরাসাতুল মাদীনায় পাঠাতে চাই। হে ফাতেমা, তোমার এই মেহমানকে খাওয়ানোর জন্য সুস্বাদু খাবার উপস্থিত করো।

(৪) আল্লাহ ইসলামী উম্মাহর উপর জিহাদ ফরয করেছেন। কিন্তু ইসলামী উম্মাহ জিহাদ ত্যাগ করেছে, ফলে শত্রু তাকে ভয় পায় না, বরং সে শত্রুকে ভয় পায়। আল্লাহ তোমাদেরকে সাহায্য করতে চান এবং এই সংকট থেকে তোমাদেরকে বের করতে চান।

(৫) এক সপ্তাহ পূর্বে আমি একটি মূল্যবান বই পড়েছি, তাতে হিকমত ও উপদেশ রয়েছে। বইটি আমাদের ভাই মাসঊদের কাছে ছিলো। বইটি আমি তার থেকে নিয়েছি এবং পড়েছি। হে ফাতেমা, তুমি কি বইটি পড়ার জন্য নেবে?

(ঙ) ২ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) আমাদের দেশ এবং দেশের সরকার সম্পর্কে একটি রচনা লেখো।

(ছ) বানান দেখো ঃ ভবিষ্যত – ভবিষ্যদ্বাণী – প্রাসাদ – প্রসাদ।

তামরীন – ৩৬

(ক) বাংলায় বলো–

(١) أيها الرجل ! علم ولدك القرآن و علمه اللغة العربية ليفهم القرآن - أيتها المرأة المسلمة ! ألا تعلمين بنتك الصلاة ؟ بلى .. سأعلمها - تنظف فاطمة غرفتها كل صباح - يصدق المنافق القرآن بكلامه و يكذبه بعمله .

(٢) دخلت الغرفة لأنظف الفراش و الغرفة - أردت أن أسلم على أبي و أمي فذهبت إلى غرفتهما - لما دخل المعلم الفصل سلمت عليه - كان نبي الله موسى يكلم ربه في الطور - كنت أعلم تلميذي خالدا اللغة العربية .

(٣) من علمك الخياطة يا بنت محمود ؟ علمتني أمي - أ كلمت أخاك محمودا في هذا الأمر - كانت المعلمة تسأل تلميذتها فاطمة و كانت تجيب على سؤالها - أريد أن أنور غرفتي بهذا المصباح الجديد .

(٤) يا أختي ! خذي هذا المصباح إلى غرفتك لتنوري به غرفتك المظلمة - جمعنا الله في الجنة كما جمعنا اليوم في هذه المدرسة تحت ظل القرآن الكريم - قال الوالد : جمعت هذا المال لأرسله إلى ولدي خالد، فينفقه في طلب العلم .

(٥) من علم النمل أن تجمع في الصيف طعام الشتاء ؟ الله علمها - المشرك ينور بيته بنور المصباح و لا ينور قلبه بنوز الإيمان - عندما يعود المسلم إلى الجهاد تعود إليه قيادة العالم .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ৪ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) আমাদেরকে আমাদের দ্বীন শিক্ষা দেয়ার জন্য আল্লাহ তার রাসূলকে পাঠিয়েছেন। শিক্ষক তার ছাত্রকে বললেন, আমি তোমার লেখাপড়ার বিষয়ে তোমার সাথে কথা বলতে চাই। ব্যবসায়ী মাজেদ বললো, আমি এখন কারো সাথে কথা বলতে চাই না। হে ফাতেমা, একটি বিষয়ে তোমার সাথে কথা বলার জন্য তোমার বান্ধবী তোমাকে তালাশ করছে।

(২) আমার শিক্ষক যখন শ্রেণীকক্ষে উপস্থিত হন এবং যখন আমি তার কামরায় প্রবেশ করি তখন আমি তাকে সালাম করি। সালাম হলো রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নত। তুমি আমাকে বিশ্বাস করো, কেননা আমি তোমার সাথে মিথ্যা বলছি না।

(৩) সঠিক ইসলামী শিক্ষা এই জাতিকে মূর্খতার অন্ধকার থেকে রক্ষা করবে। এই সুন্দর গোলাবটি আমি ফাতেমার ভাইয়ের বাগান থেকে সংগ্রহ করেছি। আমি জানি না, তুমি সত্য বলেছো, না মিথ্যা বলেছো, তাই আমি তোমাকে সত্যবাদীও মনে করবো না, মিথ্যাবাদীও মনে করবো না।

(৪) হে মহিলা, রান্নাঘরের কাজ শেখানোর জন্য আপনি আপনার মেয়েকে আপনার সাথে নিয়ে যান। হে ফাতেমা, তুমি শিক্ষিকাকে সালাম দেয়ার জন্য তার কামরায় যাও।

(৫) হে লোক, তুমি কি আমাকে মিথ্যাবাদী সাব্যস্ত করতে চাও, অথচ আমি জীবনে কখনো মিথ্যা বলিনি। যখন আমি এই মাদরাসায় পড়তাম তখন তোমার ভাই আমাদেরকে অংক ও ইতিহাস পড়াতেন।

(ঙ) ১ ও ৩ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তুমি তোমার শিক্ষকের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে অন্তত দশটি বাক্য লেখো। (প্রথমে শিক্ষকের কিছু গুণ বর্ণনা করতে পারো, তারপর তার দ্বারা তোমার উপকৃত হওয়ার বিষয়টি আসতে পারে। তারপর কৃতজ্ঞতা প্রকাশ করা এবং শিক্ষকের জন্য দুআ করা যেতে পারে।)

(ছ) বানান দেখো ঃ পিঁপড়া – গরমকাল – গ্রীষ্মকাল – শীতকাল – নেতৃত্ব – বিশ্বাস – বিশ্বাসী – বিশ্বস্ত – সংগ্রহ – সাব্যস্ত।

তামরীন – ৩৭

(ক) বাংলায় বলো–

(١) أنت يا ربنا خلقتنا و علمتنا القرآن   أنت يا ربنا أنزلت من

السماء ماء لتخرج لنا به رزقنا من الأرض - خلق الله الشمس لينور بها العالم - كنت أصدقك أيها الرجل، و لكن ظهر لي الآن كذبك، فلن أصدقك من اليوم ·

(٢) أيها التاجر ! خذ ولدك معك إلى دكانك لتعلمه التجارة - التجارة سنة رسولنا صلى الله عليه وسلم - التعليم الإسلامي الصحيح يصلح المجتمع - هذا الكتاب يفسد أخلاق الناس ·

(٣) قد فسد عمل الإنسان فظهر الفساد في البر و البحر - أمرك عجيب أيها الرجل ! تريد أن تصلح الناس و لا تريد أن تصلح نفسك - يا صديقي العزيز ! ما أردت أن أفسد عليك راحتك، بل أردت أن أظهر لك حقيقة هذا الأمر ·

(٤) أيها الرجل ! خذ العلم من أهل العلم و خذ العلم لتنفع به الناس، لا لتجمع به المال - كنت أدرس في مدرسة العاصمة التاريخ و الحساب و أردت أن أدرسكم اللغة العربية ·

(٥) لما فسد العالِم فسدت الأمة، و لما فسدت الأمة فسد العالَم - فمن يصلح الأمة و قد فسد العالِم و من يصلح العالَم و قد فسدت الأمة ·

ব্যাখ্যা ঃ أفسدت علي راحتي (তুমি আমার আরাম নষ্ট করেছো)
এখানে বাংলা তরজমায় على অংশটি বাদ যাবে।

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং প্রথম বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) যখন আলিম নষ্ট হয়, তখন উম্মত নষ্ট হয়ে যায়। আর যখন উম্মত নষ্ট হয়ে যায় তখন জগত নষ্ট হয়ে যায়। হে নেক আলিম, আপনি কি আপনার

ইলম দ্বারা এই গ্রামের অধিবাসীকে আলোকিত করতে চান? তাহলে গ্রামের মসজিদের পাশে একটি মাদরাসা কায়েম করুন।

(২) আমি রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের খিদমতে সালাম পেশ করার জন্য তাঁর পবিত্র কবরের সামনে দাঁড়ালাম। হে ফাতেমা, তুমি কোন বিষয়ে আমার সঙ্গে কথা বলতে চাও?

(৩) মনে হয় ফাতেমার মেয়ের কাছে একটি স্বর্ণের হার আছে। এই জীবন সস্তা পণ্যদ্রব্য নয়। তোমার ঈমান তোমার কাছে সস্তা হয়ে গেছে, তাই তুমি সামান্য মূল্যের বিনিময়ে তোমার ঈমান বিক্রি করতে চাও।

(৪) মানুষ দারিদ্র্যের ভয় করে, তাই সে নিজের ভবিষ্যতের জন্য সম্পদ জমা করে, কিন্তু সে ভবিষ্যতের হাকীকত জানে না। মৃত্যুর পর তার সামনে সব কিছুর হাকীকত প্রকাশ পাবে। আমি তোমাকে এই অংকের সমাধান শিক্ষা দিতে চাই।

(৫) মানুষ জানে না, কখন তার সামনে মৃত্যু উপস্থিত হবে। হে মুশরিক, তুমি বাতির আলো দ্বারা তোমার ঘর আলোকিত করেছো, কিন্তু তোমার হৃদয়কে ঈমানের আলো দ্বারা আলোকিত করোনি।

ব্যাখ্যা ঃ তার সামনে মৃত্যু উপস্থিত হলো– এখানে أمامه হবে না, বরং সরাসরি مفعول به হবে, অর্থাৎ حضره الموت
খিদমতে শব্দটির বিপরীতে শুধু على অব্যয়টি আসবে।

(ঙ) ৩ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তুমি ইলম কী জন্য শিখছো এবং ভবিষ্যতে তুমি কী করবে এ বিষয়ে দশটি বাক্যের একটি রচনা লেখো। (ইলমের ফযীলত সম্পর্কেও দু' একটি বাক্য থাকতে পারে।)

(ছ) বানান দেখো ঃ সংশোধন – স্বস্তি – পণ্য – ভবিষ্যৎ – অধিবাসী – বিষয় – বিপরীত।

তামরীন – ৩৮

(ক) বাংলায় বলো–

(١) تعلمت في هذه المدرسة اللغة العربية - يا أم زينب تصدقي على هذه المرأة المسكينة - يتنور قلب العالم بنور العلم - أخرج من قلبك الرياء ليتقبل الله عملك - تبطل العبادة بالرياء ، أيها العابد ! لا تبطل عملك بالرياء .

(٢) أرادت بنت فاطمة أن تتعلم الخياطة من أمها - يا راشد ! لا أريد أن أتكلم معك في هذا الأمر - أيتها البنت ! ادخلي المطبخ لتتعلمي من أمك عمل المطبخ - طلبت المعلمة تلميذتها عائشة لتتكلم معها في أمر دراستها ·

(٣) عند الفجر تتنور الدنيا بنور الشمس - جمعت هذه الثروة لأتصدق بها على أهل الحاجة - لما تاب الرجل إلى الله تاب الله عليه - عند ما يعمل الإنسان لوجه الله يتقبل الله عمله ·

(٤) أراد صديقك أن يتكلم معك ليشرح لك هذا الأمر - قال رسول الله صلى الله عليه وسلم : إن لجسدك عليك حقا - لكل عمل صالح عند الله أجر - أيها المسلم ! توضأ كما تؤضأ رسول الله صلى الله عليه وسلم ·

(٥) جلست لأتوضأ بماء طاهر - عندما يتوضأ المسلم يسقط من بدنه الذنب - عند ما أردت أن أتكلم مع صديقي خالد ذهبت إلى بيته - أيتها المرأة المسلمة ! خذى هذا الإبريق لتتوضئي بماء طاهر ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৪ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) শিক্ষা নষ্ট হওয়ার কারণে আমাদের সমাজের চরিত্র নষ্ট হয়ে গেছে। হে ফাতেমা, তুমি কি তোমার আম্মার কাছ থেকে রান্নাঘরের কাজ শিখতে চাও না? অবশ্যই শিখতে চাই। হে নেক লোক, আল্লাহ তোমার এই নেক আমল কবুল করুন।

(২) আমি এই গরীব লোকটিকে সামান্য কিছু দান করেছি। হে খালেদের ভাই মাজেদ, তুমি কি ঠাণ্ডা পানি দ্বারা অযু করেছো, না গরম পানি দ্বারা?

আল্লাহ কোন মুনাফিকের আমল কবুল করেন না।

(৩) এই সৎ লোকটির কলব ঈমানের নূরে নূরান্বিত হয়েছে। মুসলমান যখন আল্লাহর ওয়াস্তে আমল করে এবং আল্লাহ ছাড়া কাউকে চায় না তখন আল্লাহ তার আমল কবুল করেন। এই পাপিষ্ঠা লেখিকা তার লেখা দ্বারা সমাজের চরিত্র নষ্ট করেছে।

(৪) হে লোক, তুমি তোমার চিৎকার দ্বারা আমার ঘুম এবং আরাম নষ্ট করে ফেলেছো। এই নতুন বইটি তোমার কোন উপকার করবে না, কেননা তার লেখক অমুসলিম, আর অমুসলিম লেখকের লেখায় অন্ধকার রয়েছে।

(৫) হে মেধাবী ছাত্র! তুমি কী জন্য ইলম শিক্ষা করতে চাও। তুমি কি মাল জমা করার জন্য ইলম শিক্ষা করতে চাও? এই পাপাচারী লোকটি নিজে ধ্বংস হওয়ার জন্য এবং মানুষকে ধ্বংস করার জন্য শরের দরজা খুলেছে।

(ঙ) **১ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।**

(চ) তোমার এবং তোমার ভাইয়ের অযু করা সম্পর্কে দশটি বাক্য লোখো, (অযুর ফযীলত সম্পর্কে এবং অযু শেখা সম্পর্কেও দু'একটি বাক্য লিখতে পারো)।

(ছ) বানান দেখো ঃ চিৎকার – চমৎকার – হঠাৎ – সৎ – সততা – ধ্বংস।

তামরীন – ৩৯

(ক) বাংলায় বলো–

(١) أيتها المرأة الصالحة ! كنت تعينين ذا الحاجة، فأعانك الله في حاجتك - أيها الولد ! ماذا كنت تدرس في مدرسة المدينة ؟ كنت أدرس علم الفقه - نظرت إلى خلق الله لأعرف قدرة الله .

(٢) أ بالماء البارد تغتسل أيها المريض أم بالماء الساخن ؟ بالماء الساخن - هذه البنت الطيبة تبتسم دائما كما يتبسم الورد في الحديقة - كيف احترق ثوبك أيتها الطباخة ؟ اقتربت من الموقد فاحترق .

(٣) قد تعلمت منك أيها الصديق الكريم الاجتهاد في الدراسة - ألا تريد أن تنتفع من نصيحة معلمك الغالية - عاد والدنا من

سفر الحج في العاشر من هذا الشهر - اجتهد في دارستك لتنجح في الامتحان .

(٤) تصدق هذا التاجر الصالح على الناس مالا كثيرا، و هو يطلب بصدقته وجه الله (رضى الله) - أيها الخطيب! اصعد على المنبر و اخطب القوم (في القوم) - صعد الرجل الشجاع على الجبل - لا أعرف كيف أصعد الجبل .

(٥) قلب الحاسد يحترق بنار الحسد - أغرق الله قوم نوح لكفرهم - لعل هذا الزورق الصغير سيغرق في البحر - كان رسول الله صلى الله عليه وسلم يخيط ثوبه بيده - أردت أن أقترب من شاطئ البحر، فمنعني أبي، لأنى لا أعرف السباحة .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং তৃতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও 8 এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) এই শিশুটির হাসি তার মায়ের অন্তরে আনন্দ সৃষ্টি করে। আমি এই বইটি দ্বারা অনেক উপকৃত হয়েছি। কেননা আমি তা থেকে জেনেছি, কীভাবে মানুষ জীবনে সফল হয়।

(২) হে ফাতেমা, তুমি কি তোমার শিক্ষিকার মূল্যবান উপদেশ থেকে উপকৃত হতে চাও না? অবশ্যই আমি উপকৃত হতে চাই। হে ছোট্ট শিশু, আগুনের কাছে যেয়ো না, আগুন থেকে দূরে থাকো। উছমানের বোন রায়হানা গরম পানি দ্বারা গোসল করার জন্য গোসলখানায় প্রবেশ করেছে।

(৩) আমি নদীতে গোসল করি না, বরং গোসলখানায় গোসল করি, কেননা আমি সাঁতার জানি না। হে ফারহানা, ঠাণ্ডা পানি দ্বারা গোসল করো না, গরম পানি দ্বারা গোসল করো, তোমার ছোট বোন ঠাণ্ডা পানি দ্বারা গোসল করে অসুস্থ হয়ে পড়েছে।

(৪) প্রত্যেক মহান ব্যক্তির জন্য ইতিহাস তার দুয়ার খুলে দেয়, ফলে তিনি ইতিহাসের প্রশস্ত দরজা দিয়ে ইতিহাসে প্রবেশ করেন। হে আমার ছোট ভাই, আমি তোমাকে আমার সাথে মাদরাসাতুল মাদীনায় নিয়ে যেতে

চাই। যখন আমি ছোট ছিলাম তখন আমি গ্রামের ছোট মাদরাসায় পড়তাম।

(৫) হে লোক, তুমি এই আলিমের ইলম দ্বারা উপকৃত হওয়ার জন্য তার মজলিসে বসো। জুমুআর খতীব কোন্ ভাষায় খোতবা দিয়েছেন? তিনি আরবী ভাষায় খোতবা দিয়েছেন। হে মাজেদ তুমি ছাদে ওঠার জন্য সিঁড়িতে আরোহণ করো।

ব্যাখ্যা ঃ সৃষ্টি করা এর মাছদার হলো خلق কিন্তু 'আনন্দ সৃষ্টি করে'- এর ক্ষেত্রে এটা চলবে না। এখানে তুমি ادخال মাছদার থেকে ফেয়েল ব্যবহার করতে পারো, আবার أفرح - يفرح থেকেও হতে পারে।
'ছাদে ওঠার জন্য সিঁড়িতে আরোহণ করো'- এখানে উভয় ক্ষেত্রে صعود মাছদার থেকে ফেয়েল ব্যবহৃত হবে।

(ঙ) **১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।**

(চ) তোমার মাদরাসা এবং সহপাঠী এবং তোমার শিক্ষক সম্পর্কে কিছু লেখো।

(ছ) বানান দেখো ঃ পোড়া - পুড়ে গেলো - সিঁড়ি - আরোহণ।

তামরীন - ৪০

(ক) বাংলায় বলো-

(١) استطعم موسى و صاحبه أهل القرية، و ما أطعمهما أهل القرية - لا أستعمل في كتابتي كلمة صعبة - سألت فاطمة بنتها : هل تريدين أن تستعملي هذه المنشفة ؟ فقالت : لا .. لا أريد أن أستعملها، لأنها صارت وسخة و ليست نظيفة .

(٢) عندما يستغفر العبد ربه يفرح الرب و يغفر له ذنبه - يقول الرب : استغفرني عبدي فغفرت له - ذهبت إلى بيت صديقي لأزوره - أنا دائما استعمل هذا الحبر الجيد .

(٣) لم لا تزورنا أيها الصديق كل أسبوع - سأزوركم غدا إن شاء الله - قبل سنة حينما كان العراق بلدا حرا زرت العراق و عاصمتها بغداد .

(٤) قال العبد الصالح : استطعمت ربي، فهو يطعمني - و لا أريد أن أستطعم أحدا غيره - يا زينب ! أ لتزوري صديقتك خرجت من البيت ؟ أريد أن أزور قبر جدي ·

(٥) يستقبل المسلم الكعبة في الصلاة - كان رسولنا صلى الله عليه وسلم يستعمل الطيب - استغفر ربك أيها المسلم، فإنه غفور رحيم، و إن ربك يغفر لك ذنبك ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ১ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) গতকাল একজন আরব মেহমান আমাদের মাদরাসা পরিদর্শন করেছেন, আমি তাকে মাদরাসার দরজায় স্বাগত জানিয়েছি এবং তার সাথে আরবীতে কথা বলেছি। নিঃসন্দেহে এই নেক বান্দার অন্তরে দয়া আছে।

(২) হে মুসলিম, তুমি নামাযে কিবলা-অভিমুখী হও। রাশেদ তার দাদার কবর যেয়ারত করার জন্য দেশের বাড়ীতে গিয়েছে। হে ফাতেমা, তুমি কি আমাকে এই কঠিন সমস্যার সমাধানে সাহায্য করবে না? অবশ্যই করবো।

(৩) দরিদ্র ক্ষুধার্ত লোকটি বললো, হে ঘরের মালিকান, আমি আপনার কাছে খবার চাওয়ার জন্য আপনার দরজায় দাঁড়ালাম, কিন্তু আপনি আমাকে খাবার দেননি।

(৪) মনে হয় খালেদের বোন যায়নাব তার বান্ধবীকে স্বাগত জানানোর জন্য বিমানবন্দরে যাবে। মনে হয় এই ছেলেটি কিছু শিখতে চায় না। হে পঞ্চম বর্ষের ছাত্রী, তুমি জীবনে সফল হওয়ার জন্য লেখাপড়ায় পরিশ্রম করো।

(৫) তুমি এই পরিশ্রমী ছাত্রটির দিকে তাকাও, যেন তার কাছ থেকে শিখতে পারো; কীভাবে লেখাপড়ায় পরিশ্রম করবে। আমি এই স্বর্ণপাত্রটি কিছুতেই ব্যবহার করবো না।

(ঙ) ২ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) الزيارة এর বিভিন্ন ফেয়েল দ্বারা বিভিন্ন বাক্য লেখো।

(ছ) বানান দেখো ঃ স্বাগত জানানো – অভিমুখী হওয়া – স্বর্ণ – পরিদর্শন।

তামরীন – ৪১

(ক) বাংলায় বলো–

(١) إلى متى تعمل أيها العامل النشيط ؟ أ لن تستريح اليوم ؟ نعم .. لن أستريح، لأن اليوم يوم العمل و غدا يوم العطلة – لا أستطيع أن أكلم الناس بالعربية، لأني ما تعلمتها جيدا ·

(٢) أيها العامل التعبان ! آلآن تستريح أم بعد قليل ؟ عملت في الشمس فتعبت كثيرا، أستريح الآن قليلا ثم أبدأ العمل من جديد – متى يبتدأ درسكم ؟ يبتدأ في الثامنة صباحا ·

(٣) أريد أن أبدأ هذا العمل من جديد – من السبت القادم تبتدأ عطلتنا الصيفية – لعلك لا تستطيع أن تجيب على هذا السؤال – استطاع الرجل أن يخرج من هذه المشكلة بذكائه العجيب ·

(٤) يا أم زينب ! لن تستطيعي أن تفهمي بنتك هذا الأمر، لأنها غبية لا تفهم شيئا – قالت الأم الفقيرة : ما استطعت أن أرسل ولدي إلى المدرسة، و لكني علمته القرآن في البيت ·

(٥) لا يستطيع الإنسان أن يخرج عن قدرة الله – لا أتعلم اللغة العربية لأفهم القرآن و السنة فقط، بل لأفهمهما و أعمل بهما في الحياة من الولادة إلى الممات (من المهد إلى اللحد) ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং তৃতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ১ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) হে ক্লান্ত শ্রমিক, তুমি কিছুক্ষণ বিশ্রাম করো, তারপর নতুনভাবে কাজ শুরু করো। মুসলিম তার প্রতিটি কাজ আল্লাহর নামে শুরু করে। হে মাজেদের মা, আপনি রান্নাঘর থেকে বের হোন এবং আপনার কামরায় পাখার নীচে বসে কিছুক্ষণ বিশ্রাম করুন, কেননা, আপনি রান্নাঘরের কাজে ক্লান্ত হয়ে পড়েছেন।

(২) এই কঠিন কাজ তুমি কিছুতেই করতে পারবে না, সুতরাং তুমি এই কঠিন কাজে তোমার ভাই খালেদের সাহায্য নাও। এটি বিশ্রামকক্ষ। হে ক্লান্ত মহিলা, আপনি কিছুক্ষণ বিশ্রাম করার জন্য বিশ্রামকক্ষে প্রবেশ করুন।

(৩) হে মাজেদের বন্ধু, আমি তোমার সাহায্য প্রার্থনা করলাম, কিন্তু তুমি আমাকে সাহায্য করলে না। হে ফাতেমা, তুমি কার কাছ থেকে আরবী ভাষা শিখেছো? রান্নাঘরের পরিচারিকার হাত পুড়ে গেছে।

(৪) আমি এই সৎ লোকটির কাছ থেকে সত্যবাদিতা ও সততা এবং আমনতদারি ও বিশ্বস্ততা শিখেছি। হে মানুষ, তুমি তোমার বিগত জীবন কিছুতেই ফিরিয়ে আনতে পারবে না, কেননা বিগত জীবন কখনো ফিরে আসে না।

(৫) স্বাধীন, স্বাধীনতা, স্বাধীন পুরুষ, স্বাধীন নারী, স্বাধীন দেশ, স্বাধীন কলম, স্বাধীন লেখা। কেউ জানে না কবে আফগানিস্তানের স্বাধীনতা ফিরে আসবে; কবে আফগানিস্তানের দিগন্তে স্বাধীনতার নবচাঁদ উদিত হবে।

ব্যাখ্যা ঃ পঞ্চমভাগের প্রথম বাক্যটি দেখো, 'আফগানিস্তানের স্বাধীনতা কবে ফিরে আসবে।'– এর সাধারণ তরজমা হলো متى تعود حرية افغانستان এটা শুদ্ধ তরজমা, তবে তুমি যদি বলো– متى ستعود إلى افغانستان حريتها তাহলে তা খুব সুন্দর হবে, এই আরবী বাক্যটির তারকীবানুগ বাংলা হচ্ছে, কবে আফগানিস্তানের দিকে তার স্বাধীনতা ফিরে আসবে। কিন্তু এটা সুন্দর বাংলা নয়; সুন্দর বাংলা হচ্ছে– কবে আফগানিস্তানের স্বাধীনতা ফিরে আসবে, কিংবা কবে আফগানিস্তান তার স্বাধীনতা ফিরে পাবে, কিংবা কবে আফগানিস্তান স্বাধীন হবে– এক ভাষা থেকে অন্য ভাষায় তরজমা করার সময় এ ধরনের পরিবর্তন জরুরী হয়ে পড়ে।

(ঙ) **১ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।**

(চ) কলমের গুণ ও বৈশিষ্ট্য আলোচনা করো (তুমি তোমার কলমকে কী কাজে ব্যবহার করতে চাও, এ বিষয়ও আলোচনায় আসতে পারে।)

(ছ) বানান দেখো ঃ স্বাধীন – বিশ্রাম – বিশ্রামকক্ষ (একসাথে) – শুরু – উদ্যম – উদ্যমী – শুধু – বিশিষ্ট – বৈশিষ্ট্য – নবচাঁদ (একসাথে)।

তামরীন – ৪২

(ক) বাংলায় বলো–

(١) أيها الولد ! لا تجادل أحدا، فإن الولد المؤدب لا يجادل أحدا –

سافرت إلى مكة عن طريق الجو، فهل تسافر أنت عن طريق البر؟ أيها المسلم، اخرج من بيتك لتجاهد في سبيل الله ·

(٢) لن أكرم الفاسق، لأن الله يسخط بإكرام الفاسق - لا تسخط ربك أيها المسلم بإكرام فاسق - يا خالد ! من شاورته في حل هذه المشكلة ؟ يا خالد ! أريد أن أشاورك في أمر صعب ·

(٣) تعليم ابتدائي - مدرسة ابتدائية - هذه المدرسة للتعليم الابتدائي و تلك المدرسة للتعليم العالي - قبل سنة كنت أدرس في هذه المدرسة الابتدائية ·

(٤) رب العالم - رب الكعبة - رب البيت - ربة البيت - يا ربة البيت الكريمة ! سيكرمك الله بالجنة، لأنك تساعدين المحتاج و تطعمين الجائع - أيها المجاهد الشجاع ! قاتل عدو الله و أخرجه من أرض الإسلام ·

(٥) أيها الشاب المسلم ! يطلب منك الإسلام نفسك و مالك - المجاهد يجاهد في سبيل الله بسيفه و العالم يجاهد بقلمه - ألا تستطيع أن تجاهد بقلمك كما يجاهد الجندي بسيفه ؟

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) তুমি কীভাবে সফরসঙ্গী ছাড়া এবং পাথেয় ছাড়া সফর করো, অথচ রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সফরসঙ্গী ছাড়া এবং পাথেয় ছাড়া সফর করা থেকে নিষেধ করেছেন।

(২) হে আমার ভাই! আমি চাই যে, তুমি আমাকে আমার এ কাজে সাহায্য করবে। ছোট্ট আমেনা সর্বদা তার আম্মাকে রান্নাঘরের কাজে সাহায্য করে। আল্লাহ কিছুতেই কাউকে শিরক্ ক্ষমা করবেন না। পরিশ্রান্ত কৃষক

কিছুক্ষণ বিশ্রাম করার জন্য এক গাছের ছায়ায় বসলো।

(৩) হে মাজেদ, কেন তুমি বিনা কারণে এই সৎ লোকটির সাথে ঝগড়া করছো? মনে হয় এই নির্বোধ লোকটি এই কঠিন সমস্যা থেকে কিছুতেই বের হতে পারবে না। হে মুসলিম নারী, তুমি কি কুফুরের ভূমি থেকে ঈমানের ভূমিতে হিজরত করতে চাও না? অবশ্যই তা চাই।

(৪) হে সাহাসী সৈনিক, তুমি আল্লাহর পথে জিহাদ করার জন্য এবং তোমার স্বদেশের স্বাধীনতা ফিরিয়ে আনার জন্য অস্ত্র ধারণ করো। আমি আজ কারো সাথে কিছুতেই কথা বলবো না। হে ফাতেমা, মনে হয় তুমি এই বিষয়টির হাকীকত কিছুতেই বোঝবে না।

(৫) তুমি এই কঠিন কাজটি কীভাবে শুরু করতে চাও? হে উত্তম মেয়ে, তুমি কি তোমার আম্মাকে রান্নাঘরের কাজে সাহায্য করার জন্য রান্নাঘরে প্রবেশ করছো? আমি আর কখনো এ কাজ কিছুতেই করবো না। আমি বাগদাদ সফর করতে চাচ্ছিলাম, কিন্তু যখন মার্কিন শত্রু বাগদাদে প্রবেশ করলো, তখন আমি এই ইচ্ছা ত্যাগ করেছি।

(ঙ) ৪ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তুমি তোমার বন্ধুকে জিহাদের উৎসাহ দিয়ে একটি চিঠি লেখো।

(ছ) বানান দেখো ঃ ঝগড়া – সন্তুষ্ট – সন্তোষ – পরামর্শ – গৃহস্বামী – গৃহস্বামিনী – সফরসঙ্গী – নিষেধ – ধারণ – ধারণা – উৎসাহ – শ্রান্ত-পরিশ্রান্ত।

তামরীন – ৪৩

(ক) বাংলায় বলো–

(١) لن ينال أحد الجنة بعمله، بل بفضل الله و رحمته - أيها العبد الصالح ! أ تريد أن تنال رضى الله ؟ فأطع الله و رسوله، و أطع أباك و أمك - فإن رضى الله في إطاعة أبيك و أمك - ببركة تلاوة القرآن تطهر قلبه من النفاق .

(٢) توضئي يا أخت بشير! و قومي إلى المصلى - أيها المسلم! لا ينفعك في الآخرة أهلك و مالك، بل ينفعك عملك، فاعمل لآخرتك و لا تعمل لدنياك - منها خلقكم الله و فيها يعيدكم و منها يخرجكم (تارة أخرى) .

(٣) قد أمرتك أن لا تسرف المال - لأن الإسراف يسخط الله - أيها الإنسان ما خلقك الله لتشرك به غيره - بسط الله قدرته على العالم، فلا يخرج شيء عن قدرته - بسط الله الأرض - كيف تريد أن تبسط يدك إلى غني - ابسط لصديقك فراشا نظيفا ·

(٤) أيها الكاتب ! أريد أن تنال بقلمك رضى ربك، فاكتب به دائما كلمة خير و لا تكتب كلمة شر - منعتك أن تقرأ كتاب هذا الكاتب، كي لا يفسد أخلاقك - أيها الرجل ! أخاف أن تهلك بسبب إسرافك ·

(٥) أرسل الله رسوله محمدا صلى الله عليه وسلم و أنزل عليه الكتاب كي لا يهلك الناس - طهر قلبك أيها الإنسان من الرياء و النفاق ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং তৃতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ১ ও 8 এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো-

(১) হে আল্লাহর বান্দা, তুমি কি চাও না যে, আল্লাহ তোমাকে মাফ করবেন, তুমি কি চাও না যে, আল্লাহ তোমার জন্য জান্নাতের দরজা খুলে দেবেন এবং জাহান্নামের দরজা বন্ধ করে দেবেন? আমি আমার ছেলেকে আরবী ভাষা শেখার জন্য মাদরাসায় পাঠাতে চাই।

(২) আল্লাহ তোমাকে আদেশ করেছেন যে, তুমি তোমার কলবকে রিয়া ও নিফাক থেকে পবিত্র করবে। হে ফাতেমা, আমি চাই যে, তুমি তোমার কাপড় নামাজের জন্য পাক করবে। হে লোক, তোমার শরীর ও কাপড় তো নাজাসাত থেকে পাক হয়েছে, কিন্তু তোমার কলব রিয়া থেকে পাক হয়নি।

(৩) আমি চাই যে, তুমি কোন ফাসিককে তার মালের কারণে এবং তার শক্তির কারণে সম্মান করবে না, কেননা ফাসিকের ইকরাম রহমানকে অসন্তুষ্ট করে। হে মানুষ, তুমি তোমার কলবকে রিয়া থেকে পাক করো

যেমন তোমার কাপড়কে নাজাসাত থেকে পাক করো।

(৪) আমি আশংকা করছি যে, এই বখীল তার মাল আল্লাহর রাস্তায় খরচ করবে না। ফাতেমা বললো, আমি আমার বান্ধবীকে আমার সাথে কিছুক্ষণ বসার জন্য এবং আমার সাথে কথা বলার জন্য তলব করেছি।

(৫) হে আল্লাহ, আমি আপনার সন্তুষ্টি লাভ করার জন্য আপনার ইবাদত করি। হে মানুষ, কীভাবে তুমি তোমার প্রতিপালকের সাথে কাউকে শরীক করো। তুমি কি আমাকে আমার প্রতিপালকের সাথে শিরক করার আদেশ করছো! কিছুতেই না, আমি আমার প্রতিপালকের সাথে কিছুতেই শিরক করবো না।

(ঙ) ১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) আল্লাহ সম্পর্কে কিছু বাক্য লেখো (আল্লাহর বান্দা হিসাবে তোমার প্রসঙ্গও আসতে পারে)।

(ছ) বানান দেখো ঃ যুবক – আশঙ্কা – শঙ্কা (ঙ + ক) আশংকা – শংকা – শিরক – শরীক – কিছুক্ষণ – বিচক্ষণ – আদেশ-নিষেধ।

তামরীন – ৪৪

(ক) বাংলায় বলো–

(١) أمرت العامل التعبان أن يستريح ساعة - أمرته بالاستراحة ساعة - أ بالعلم تزين نفسك أم باللباس - انظر إلى حديقتي - انظر إلى جمال الربيع - انظر كيف تزينت الحديقة بالزهر/بألوان الزهر .

(٢) يطلب الإسلام من المرأة المسلمة أن تتزين بزينة الأخلاق - أيها الطالب العزيز! أريد أن تزين نفسك بالعلم، لا باللباس - أطع أباك و أمك ليفتح الله لك باب السعادة - إن بعد هذا الليل المظلم نهارا مشرقا .

(٣) أيها الرجل العاقل ! شاور صديقك خالدا قبل أن تبدأ هذا العمل - دخلت المسجد لصلاة العصر بعد أن توضأت في حوض المسجد - أيها الطالب العزيز ! لماذا تتعلم اللغة العربية ؟ أ

لتكسب ثناء الناس تتعلمها أم لتنال رضى الله ؟ لأنال رضى الله ·

(٤) إن لهذه الأمة الإسلامية تاريخا مشرقا - الشاب المجاهد يكتب تاريخ أمته بدم الصدر، لا بحبر القلم - بعد أن صعد الخطيب على المنبر خطب في القوم خطبة طويلة ·

(٥) نال هذا التلميذ المجتهد درجة عالية في الامتحان، يا زينب ! أطيعي أباك و أمك لتنالي سعادة الدنيا و الآخرة - تزينت المدينة بزينة الألوان و أريد أن أتزين بزينة العلم ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর সংক্ষিপ্ত তারকীব করো এবং শেষ বাক্যটির সংক্ষিপ্ত তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) যখন শিক্ষা নষ্ট হয়ে যায় তখন সমাজ নষ্ট হয়ে যায়। আমার ছোট বাগানটি বসন্তের সাজে সজ্জিত হয়েছে। পোশাকের সাজে সজ্জিত হওয়ার আগে তুমি ইলমের সাজে সজ্জিত হও।

(২) আমি তোমাকে মাদরাসায় পাঠিয়েছি, যেন নিজেকে তুমি ইলমের সজ্জা দ্বারা সজ্জিত করো। প্রত্যেক কাওমকে ধ্বংস করার আগে আল্লাহ তাদের কাছে রাসূল পাঠিয়েছেন। কাওম যখন তাদের রাসূলকে মিথ্যাসাব্যস্ত করেছে তখন তিনি তাদের উপর আযাব পাঠিয়েছেন।

(৩) এক মাস যাবৎ আমি শয্যাশায়ী ছিলাম এবং আমার ব্যাধি ছিলো ভীষণ। আল্লাহর ফজলে এখন আমি সুস্থ হয়ে গেছি। আমি কামরার দরজাটি বন্ধ করে দিলাম, যাতে এই লোকটি কামরা থেকে বের হয়ে না যায়। হে ফাতেমা, তুমি আমার হাত ধরো, যাতে তুমি সিঁড়ি থেকে পড়ে না যাও।

(৪) তুমি কোরআন শেখার আগে ঈমান শেখো। এই লোকটি খুব দরিদ্র ছিলো, তাই আমি প্রতিদিন তাকে কিছু মাল ছদকা করতাম। ফলে সে ধনী হয়ে গেছে। এখন সে দরিদ্র নয়।

(৫) ইসলাম মক্কায় আত্মপ্রকাশ করেছে, তারপর তা মদীনার উদ্দেশ্যে বের হয়েছে, তারপর তা বিশ্বে ছড়িয়ে পড়েছে। ইসলাম আখলাকের দ্বারা প্রচারিত হয়েছে, অস্ত্রের শক্তিতে নয়।

(ঙ) ২ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তোমার বোনের সারাদিনের কাজ সম্পর্কে অন্তত দশ বাক্যের একটি রচনা লেখো (তোমার বোনের গুণ ও পরিচয় দ্বারা রচনাটি শুরু করতে পারো)।

(ছ) বানান দেখো ঃ সজ্জা – শয্যা – শয্যাশায়ী – শয্যাশায়িনী – আত্মপ্রকাশ – ভীষণ – ব্যাধি – অস্ত্র – সশস্ত্র – বস্ত্র – আশ্রয় – শাস্ত্র।

তামরীন – ৪৫

(ক) বাংলায় বলো–

(١) أيها الولد ! اجتهد في سبيل العلم لتطلب به سعادة الدنيا و الآخرة – اللهم إن عبدك الضعيف يسألك أن تدخله جنتك – أمرت تلميذي راشدا أن يجتهد في دراسته – أمرته بالاجتهاد في دراسته .

(٢) يا ساجدة ! هل تسلمين على أبيك و أمك بعد أن تعودي من المدرسة ؟ المرأة المشركة تزين نفسها بالحلى و المرأة المسلمة تزين نفسها بالأخلاق الطيبة (خلق طيب – أخلاق طيبة) .

(٣) يأمر الإسلام بالنظافة كما يأمر بالطهارة – زينت بنت عمران غرفتها بالأزهار الجميلة – أيها العبد الصالح ! افتح بابك لكل فقير و محتاج ليفتح الله لك أبواب الجنة الواسعة .

(٤) مدن البلاد العربية جميلة (بلد عربي – بلاد عربية) غرف بيت راشد واسعة – هذه الأزهار جميلة – أزهار هذه الحديقة جميلة – لبست فاطمة ثيابا نظيفة – ثياب فاطمة نظيفة – طرق المدينة واسعة .

(٥) أبواب الجنة مفتوحة للصائم – يدخل الصائم من أبواب الجنة المفتوحة – صنع الله هذا العالم بقدرته – تصنع لنا أمنا أطعمة لذيذة – أيها الحذاء ! اصنع لنا أحذية جميلة .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব বলো এবং প্রথম বাক্যটির তারকীব লেখো

(গ) ১ ও ৩ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) একবার আমি একটি ছোট নৌকায় আরোহণ করলাম এবং নদীর তীর থেকে অনেক দূরে গেলাম, তখন একটি বিরাট ঢেউ আমাদের ছোট নৌকাটিকে ডুবিয়ে দিলো, এবং আমি নদীতে ডুবে গেলাম, তখন একজন দক্ষ সাঁতারু আমাকে ডোবা থেকে উদ্ধার করলেন, তখন আমার আব্বা তাকে কৃতজ্ঞতা জানালেন।

(২) হে মাজেদ, আমি তোমার মেধাবী ছেলেটিকে আরবী ভাষা শেখাতে চাই, যাতে সে কোরআন ও সুন্নাহ বুঝতে পারে (বোঝে)। যখন তোমার অন্তরে ঈমানের নূর দাখেল হবে তখন তোমার কলব শিরক থেকে পাক হয়ে যাবে।

(৩) আমি এই ব্যবসায়ীর দফতরে কাজ করতাম। এই কামরার দরজাটি খোলা ছিলো। ঐ কামরার দরজাগুলো বন্ধ ছিলো। এই কিতাবটি উপকারী নয়, এই কিতাবগুলো উপকারী নয়। এই বইগুলো ঐ বইগুলো থেকে উত্তম। এই বইগুলো ঐ বইগুলো থেকে উত্তম ছিলো। নিশ্চয় তোমার ভাই মাজেদের কাছে কিছু বই আছে আমি সেগুলো পড়েছি এবং তা দ্বারা অনেক উপকৃত হয়েছি।

(৪) এগুলো দ্বীনী বিষয় – এটি দ্বীনী বিষয়, সুতরাং তুমি ইলম ছাড়া এই বিষয়ে কথা বলো না; বরং কোন আলিমের মজলিসে বসো এবং শোনো, এ বিষয়ে তিনি কী বলেন। রাতের আকাশের দিকে তাকিয়ে দেখো, কীভাবে আল্লাহ দুনিয়ার আসমানকে সজ্জিত করেছেন।

(৫) হে সুআদ, তোমার দাঁতগুলো ময়লা, তুমি তোমার ময়লা দাঁতগুলো পরিষ্কার করো। ছোট নৌকাটি ডুবে গেছে। মনে হয় এই ছোট নৌকাগুলো ডুবে যাবে। হে মুজাহিদ, তুমি মানুষের দেশ জয় করার আগে তাদের হৃদয় জয় করো।

ব্যাখ্যা ঃ 'যাতে সে কোরআন বুঝতে পারে', এর আরবী হতে পারে– ليستطيع أن يفهم القرآن আবার শুধু ليفهم القرآن বলা যায় এবং এটাই উত্তম, কারণ এখানে 'বুঝতে পারে' মানে 'বোঝে' 'পারা' -এর জন্য আলাদা শব্দ ব্যবহার করার প্রয়োজন নেই। এই পার্থক্য তুমি একদিনে বুঝতে পারবে না, অনেক দিনের লাগাতার মশকের পর, তোমার মাঝে আদবের ذوق বা রুচি সৃষ্টি হবে, তখন তুমি বুঝতে পারবে। ইনশাআল্লাহ।

(ঙ) ৩ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তুমি একটি বাগানকে কেন্দ্র করে অন্তত দশটি বাক্য রচনা করো। (جمع غير عاقل এর ব্যবহার যাতে এসে যায়, এবং أن ও لِ এর ব্যবহারও এসে যায়।

(ছ) বানান দেখো ঃ সূর্য ডোবা – নৌকা ডোবা – ডোবে – ডুবেছে – উদ্ধার – (উদ্‌ধার) দাঁত – দাঁতের ডাক্তার – দন্তচিকিৎসক – দন্তবিশেষজ্ঞ।

তামরীন – ৪৬

(ক) বাংলায় বলো–

(١) أيها الرجل ! لم تظلم اليتيم و لم تأكل مال اليتيم ؟ و لم تبسط يدك إلى حقوق اليتيم ؟ أ تريد أن تملأ بطنك بالنار ! أيها المجاهد ! احمل سلاحك لتطرد العدو من أرض الوطن - يحمل هذا الرجل الطيب في صدره قلبا رحيما .

(٢) أشكرك يا معلمي من صميم قلبي، لأنك نفعتني بعلمك - سل/ اسأل ربك حاجتك - أيها الإنسان و لا تسأل غيره - لما سألت المعلمة عائشة قامت لتجيب على سؤالها و أجابت إجابة صحيحة .

(٣) عندما يؤذن المؤذن أترك العمل و أخرج إلى المسجد لأداء الصلاة - سيجمعنا الله في الجنة إن شاء الله - أرسل الله الغراب ليعلم ابن آدم كيف يدفن أخاه (في التراب) أراد الإنسان أن يطير في السماء كما يطير الطير و لكنه ما عرف كيف يطير بلا جناح .

(٤) لا آذن لك أن تخرج من البيت في هذا المطر (بالخروج من البيت) - ما أذنت لك أن تظهر هذا السر أمام أحد - في السنوات الماضية كنت أسافر إلى بلاد بعيدة .

(٥) أيها الإنسان : لن يغفر لك ربك أن تشرك به شيئا . اللهم اغفرلنا ذنوبنا الظاهرة و الباطنة - إن كلمة الإسلام فوق كل كلمة - عند الله مفاتيح الغيب، الله يعلم الغيب و لا يعلمه أحد - هاجر رسول الله صلى الله عليه وسلم إلى المدينة المنورة بعد أن أذن الله له أن يترك مكة .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো−

(১) মাজেদ হাত ধুয়ে খাবার টেবিলে বসেছে। আল্লাহ তোমাকে তাঁর ইবাদত করার এবং গায়রুল্লাহর ইবাদত না করার আদেশ করেছেন। হে মাদরাসাতুল মাদীনাহর ছাত্র, তুমি কি মানুষের সাথে আরবীতে কথা বলতে পারো? হাঁ, আলহামদুলিল্লাহ, আমি তা পারি।

(২) তোমার আম্মা চান যে, তুমি দ্বীন শিক্ষা করো এবং তোমার গ্রামের অধিবাসীকে মূর্খতার অন্ধকার থেকে উদ্ধার করো। হে আম্মা, আমি চাই যে, আপনি আমাকে আপনার ময়লা কাপড়গুলো পরিষ্কার করার অনুমতি দেবেন।

(৩) হে ফাতেমা, তোমার কলমে কালি নেই, তুমি তোমার বান্ধবীর কাছে একটি চিঠি লেখার জন্য কলমে কালি ভরো। আমি রাশেদকে আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য ইলম শিক্ষা করার অনুমতি দিয়েছি, মানুষের প্রশংসা অর্জনের জন্য নয়।

(৪) তুমি তোমার ভাইকে হত্যা করার জন্য তার দিকে হাত বাড়িয়ো না। হে ফাতেমা, তুমি তোমার বিছানাটি বিছানোর জন্য কামরায় প্রবেশ করো।

(৫) হে ভাই, তুমি কি এই বিষয়ে তোমার বন্ধুর সাথে পরামর্শ করার জন্য তার কাছে যাবে? ফাতেমা তার বান্ধবীকে এ কথা বললো, যেন তার সামনে সত্য প্রকাশ পায়। হে মাজেদ অনেক মাল জমা করার পর কীভাবে তুমি গরীব হয়ে গেলে?

ব্যাখ্যা ঃ 'কলমে কালি ভরো' এখানে আরবী তরজমায় যামীর ব্যবহার করতে হবে।

(ঙ) ১ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তুমি এবং তোমার বোন বিকেলে বাগানে বেড়াতে গিয়েছো, এ সম্পর্কে অন্তত দশটি বাক্যের একটি রচনা লেখো (বাগানের অবস্থাও আলোচনায় আসতে পারে)।

(ছ) বানান দেখো– প্রশংসা – গরীব – মূর্খ – পরিষ্কার – পুরস্কার।

তামরীন – ৪৭

(ক) বাংলায় বলো–

(١) أيها المشرك ! إن هذه الأصنام لا تخلق شيئا و لا ترزق أحدا فكيف تعبد هذه الأصنام و كيف تسجد لها ؟ لعل هذه الأحجار ثقيلة جدا - لا يستطيع أن يحملها هذا العامل الضعيف ·

(٢) كيف تظلم هذا الضعيف، ألا تحمل في صدرك قلبا ، أليس في قلبك ذرة رحمة (ذرة من رحمة) ؟ سأملأ هذه الأكياس بالقمح و أحملها إلى السوق لأبيعها من تاجر القمح ·

(٣) أمر الله المسلم أن يترك ظاهر الإثم و باطنه - طهر بدنك من النجاسة الظاهرة و قلبك من النجاسة الباطنة - دخل اللص البيت بعد أن كسر بابه الخشبي - كيف تكسر قلب أخيك المسلم ؟ قلت لك هذا الكلام لأمتحنك و أمتحن حبك لي ·

(٤) هذا عمل خفيف - هذا العمل خفيف على اللسان، ثقيل في الميزان - تستطيع أن تخرج لب اللوز بعد أن تكسر قشره - خادم المدرسة يكنس المدرسة كل يوم و ينظفها - شريعتنا تطلب منا النظافة في كل شيء ·

(٥) أ تريد أن يذكرك الله في مجلس الملائكة، فاذكر الله أنت ليلا و نهارا - في صدر الإسلام كانت المرأة المسلمة تخرج إلى الجهاد مع رسول الله صلى الله عليه وسلم - كيف تعمل هذا العمل القبيح

بعد أن صرت طالب علم .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ৩ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) এই মেয়েটির দাঁতগুলো নষ্ট হয়ে গেছে। কেননা সে প্রতিদিন ঘুমানোর আগে এবং ঘুম থেকে জাগার পর তা পরিষ্কার করে না। আল্লাহ আমাদেরকে কোরআনে গীবত থেকে নিষেধ করেছেন। আল্লাহর রাসূল যেভাবে অযু করেছেন আমি সেভাবে অযু করতে চাই।

(২) হে সুন্দর শিশু, আমি চাই যে, তুমি মৃদু হাসবে যেমন বাগানে গোলাব হাসে। হে আমার প্রিয় বন্ধু, আমি আমার ছোট বড় সকল বিষয়ে তোমার সাথে পরামর্শ করতে চাই।

(৩) আমি তোমার কাছে চাই যে, তুমি এই উত্তম কাজগুলো দ্বারা তোমার আজকের দিনটি শুরু করবে। রোববার ছিলো আমাদের সাপ্তাহিক ছুটির দিন। অল্প কিছুদিন পূর্বে শুক্রবার সাপ্তাহিক ছুটির দিন হয়ে গেছে। কোন দিন থেকে এবং কোন্ ঘণ্টা থেকে তোমাদের আরবী দরসসমূহ শুরু হবে? আগামীকাল সকাল সাতটা থেকে শুরু হবে।

(৪) আমি তোমাকে কীভাবে মাল অপচয় করার অনুমতি দিতে পারি? সম্ভবত গরুটির ওলান দুধে পূর্ণ হয়ে গেছে। আমি চাই যে, তোমার উদর খাবার দ্বারা পূর্ণ হওয়ার আগে তোমার হৃদয় ঈমান দ্বারা পূর্ণ হবে।

(৫) মা তার মেয়েকে বললেন, তুমি কি খাবারের এই বর্তনগুলো খাবারের টেবিলে নিয়ে যেতে পারবে? হে মাসঊদের মা, আপনি কি চাইতেন না যে, আপনার ছেলে অস্ত্রধারণ করবে এবং স্বদেশের ভূমিকে শত্রু থেকে পবিত্র করার জন্য আল্লাহর রাস্তায় জিহাদ করবে।

(ঙ) ১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) ইলম ও আলিমের ফযীলত সম্পর্কে অন্তত দশটি বাক্যের একটি রচনা লেখো।

(ছ) বানান দেখো– দাঁত – নিষেধ – বিষয় – পূর্ণ – অস্ত্রধারণ – স্বদেশভূমি।

তামরীন – ৪৮

(ক) বাংলায় বলো–

(١) يسيل الدم من جرح المجاهد و تسيل الدموع من عين اليتيم –

لعاب الإنسان طاهر و لعاب الكلب نجس، غير طاهر - أنت سائق ماهر، تقود السيارة بمهارة عجيبة - إلى أين تسوقني أيها الرجل؟

(٢) أيها الرجل ! قد ضاع عمرك في عمل لا ينفعك - لما عطش الرجل أخذ كوبا و شرب ماء باردا - طعم الرجل و شرب بعد أن جاع و عطش - كل و اشرب بعد أن تجوع و تعطش ·

(٣) أطلب رجلا يعرف اللغة العربية لأتكلم معه بالعربية - هذه مشكلة لا أعرف لها حلا - أركب سيارة تسير بسرعة لأسافر إلى مدن بعيدة - أصبر على موت أبي لأنال من الله أجرا عظيما - لا أريد أن أضيع أجر الله ·

(٤) استراح الفلاح تحت ظل شجرة بعد أن تعب و سال العرق من جسمه - قد زين لكم الشيطان أعمالكم الباطلة ليسوقكم إلى نار جهنم - جاءنا اليوم ضيف عربي - تعيش هذه الأسرة الفقيرة في كوخ صغير و تعيش تلك الأسرة الغنية في قصر جميل ·

(٥) قصور هذه المدينة عالية و جميلة - عشت فيكم سنة كما يعيش المرء في أهله - هذه خطبة تذوب منها القلوب و تسيل الدموع - قال رسول الله صلى الله عليه وسلم لأبي بكر رضي الله عنه : لا تحزن إن الله معنا - لم جئتني ؟ لم جئت إلي ؟ جئت إليك لأمر شخصي - الحياة كالشمعة تذوب في ليلة واحدة ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির সংক্ষিপ্ত তারকীব লেখো

(গ) ২ ও 8 এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) হে ফাতেমা! এই বিষয়টিতে তুমি ভুল করেছো, যেমন তোমার বান্ধবী ভুল করেছে। আমি চাই না যে, তুমি আরেকবার ভুল করবে। এই লোভী লোকটির মুখ থেকে লালা ঝরছে, কুফুরের জিহবা থেকে লালা ঝরে।

(২) এটা ফসল কাটার মাস। এই গ্রামের কর্মঠ কৃষকটি এখন ফসল কাটছে। ফসল কাটার মৌসুম আনন্দের মৌসুম। এই ছোট শিশুটি কিছুক্ষণ পর ক্ষুধার্ত হবে এবং তার মা তাকে হালকা খাবার খাওয়াবেন। দক্ষ শিকারী একটি সুন্দর হরিণ শিকার করার পর দূরবর্তী বন থেকে ফিরেছেন/ ফিরবেন।

(৩) এই দক্ষ চালক দক্ষতার সাথে গাড়ী চালাচ্ছে। সৎ নেতা তার জাতিকে কল্যাণের দিকে পরিচালিত করেন। হে সাহসী মুসলিম! বাতিলের সামনে মোমের মত গলে যেয়ো না। আমি তোমার কাছে চাই যে, তুমি বাতিলের সামনে গলে যাবে না।

(৪) শিক্ষক আমাদেরকে এমন উপদেশ দিয়েছেন যাতে আমাদের হৃদয় বিগলিত হয়েছে এবং আমাদের চোখ থেকে অশ্রু ঝরেছে।

(৫) মানুষ যখন 'তার উপর নেমে আসা বিপদের উপর ছবর করে তখন আল্লাহ তাকে সাহায্য করেন এবং তাকে বিপদ থেকে উদ্ধার করেন। যায়নাব বললো, হে ফাতেমা, তুমি আমার কাছে আসার পর তোমাকে নিয়ে বাগানে বের হবো।

(ঙ) ৩ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) শহরে তোমার জীবন কেমন কাটছে, তা জানিয়ে তোমার গ্রামের বন্ধুকে একটি চিঠি লেখো।

(ছ) বানান দেখো– ক্ষুধার্ত – পিপাসার্ত – ঝরা – প্রাসাদ – কুড়েঘর – শিকার – স্বীকার – অশ্রু – শ্রোতা – স্রোত।

তামরীন – ৪৯

(ক) বাংলায় বলো–

(١) لن يستطيع الشيطان أن يسوقني إلى معصية الله، لأني أعوذ بالله من الشيطان الرجيم - أ تريد أيها الإنسان أن تنال بالمال راحة البال - أيتها المرأة الصالحة ! ماذا تقولين بعد أن تطعمي رجلا جائعا ؟

(٢) كيف يستطيع الإنسان أن يعيش في سعادة أبدية ؟ أيتها المرأة : يطلب منك زوجك أن تعيشي معه في هذا الكوخ الصغير ليكون سعيدا معك و لتكوني معه سعيدة -

(٣) أيتها المسلمة الصالحة ! اعملي عملا تنال به من الله أجرا و لا تعملي عملا يسخط الله - قرأت كتابا اسمه الطريق إلى المدينة المنورة - يا عائشة ! مرى صديقتك زينب أن تجيئك يوم الأربعاء ·

(٤) لا أستطيع أن أعيش في هذا المجتمع الفاسد - حملت على السرير مجاهدا سال من جرحه الدم - عندي كتاب كاتبه عالم مشهور - يوم القيامة تسير هذه الجبال العالية - يا فاطمة ! لا تأذني لأحد بالدخول إلى غرفتك (أن يدخل غرفتك) ·

(٥) لون هذه الزهرة جميلة - هذه زهرة لونها جميل - لا تقوم القيامة على رجل يقول لا إله إلا الله - لا تجالس رجلا يكذب دائما و يجادل الناس بلا سبب - أذنت لك بالخروج (أن تخرج) ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং চতুর্থ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৪ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) আমি তোমাকে কিছুতেই আমার কামরায় প্রবেশ করার অনুমতি দেবো না। তুমি কিভাবে নামায শুরু করো? আমি আল্লাহু আকবার বলে নামায শুরু করি। শিক্ষক শ্রেণীকক্ষে উপস্থিত হলেন এবং দরস শুরু হলো।

(২) এই কঠিন কাজে তুমি তোমার ভাই খালেদের সাহায্য নাও। রাশেদের ভাই তার লেখায় এমন একটি কঠিন শব্দ ব্যবহার করেছে, যা কেউ বোঝে না, তখন শিক্ষক বললেন, তুমি এই শব্দটির স্থানে একটি সহজ শব্দ ব্যবহার করো, যা সকলে বোঝে।

(৩) আমি আমার বন্ধুর সাথে দেখা করার জন্য তার বাড়ীতে গেলাম, তখন

সে সুন্দর মৃদু হাসি দ্বারা আমাকে স্বাগত জানালো। ঐ লোকটি এমন ব্যবসায়ী যার উদর কখনো তৃপ্ত হয় না।

(৪) আমি এমন দরিদ্র পরিবারকে দান করবো যে ক্ষুধার্ত হয়, কিন্তু কারো কাছে কিছু চায় না। এক ভিক্ষুক এক ধনী লোকের বাড়ীর দরজায় দাঁড়ালো এবং বাড়ীওয়ালার কাছে খাবার প্রার্থনা করলো, তখন সে তাকে ধমক দিয়ে তাড়িয়ে দিলো, তখন আমি তাকে বললাম, কেন তুমি ভিক্ষুককে ধমক দাও, আল্লাহ কি কোরআনুল কারীমে আমাদেরকে তা থেকে নিষেধ করেননি?

(৫) হে মাজেদ, আমি তোমার কাছে খাবার চাওয়ার জন্য তোমার দুয়ারে এসেছি, তুমি কি আল্লাহর কাছে আজর লাভ করার জন্য আমাকে খাবার দান করবে? এ এমন কঠিন কাজ যা কেউ পারবে না।

(ঙ) ২ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) একটি নদীর পাশে অবস্থিত একটি গ্রাম সম্পর্কে অন্তত দশটি বাক্যের একটি রচনা লেখো (তাতে অন্তত একটি নাকেরা শব্দ থাকবে, যার ছিফাত হয়েছে কোন বাক্য)।

(ছ) বানান দেখো– সুখ – সুখী – নিষেধ – স্বাগত।

তামরীন – ৫০

(ক) বাংলায় বলো–

(١) أي مجتمع هذا ؟ كيف يعيش الإنسان في هذا المجتمع الحيواني ؟ دعوت صديقي خالدا إلى بيتي لأتكلم معه في أمر - من أي يوم يبتدأ امتحانكم السنوي ؟ أيها الفاسق الفاجر! لا تدع بفسقك و فجورك عذاب الله ·

(٢) أنا أتلو القرآن كل يوم بعد الفجر - ما تلت عائشة القرآن فجر اليوم لأنها كانت مريضة - قلت لأختي فاطمة : لا تتركي تلاوة القرآن - أرجو أن تتلي القرآن كل يوم - فبتلاوة القرآن تتنور القلوب ·

(٣) ركبت زورقا صغيرا، و لما جاءت موجة عظيمة غرق الزورق و

غرق الناس، و لكني نجوت من الغرق بفضل الله - يا أخت راشد ! ادعي أخاك الصغير ليأكل طعام العشاء .

(٤) أعرف صيادا له مهارة في الصيد - يرجو معلمك أن تجتهد في دراستك - رضيت الأم عن ولدها فقالت قد رضيت عنك يا ولدي - يطلب الإنسان الكثير و لا يرضى بالقليل - قال التاجر الغرور : جمعت ثروة لا أخاف بعدها الفقر، و بعد أيام قليلة هلك ماله و صار فقيرا يجوع يوما بعد يوم .

(٥) العبد الصالح يذكر الموت دائما فيضحك قليلا و يبكي كثيرا - سقيت رجلا عطشان، فدعا لي و قال : اللهم اسق عبدك هذا في الجنة كما سقاني في الدنيا - لا تعص ربك أيها الإنسان، فإن معصيتك تسوقك إلى النار .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ১ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) কীভাবে তুমি এই জালিমের কবল থেকে নাজাত পেলে? হে মানুষ, সর্বদা মৃত্যুকে স্মরণ করো এবং কম হাসো ও বেশী কাঁদো। মা তার ক্ষুধার্ত ছেলেকে দুপুরের খাবার খাওয়ার জন্য ডাকলেন। হে ফাতেমা, তুমি প্রতিদিন ফজরের পর কোরআন তেলাওয়াত করো।

(২) হে সম্মানিত শিক্ষক, আমি আশা করি যে, আপনি আমার ছেলেকে আরবী ভাষা শিক্ষা দেবেন। হে সৎ লোক, তুমি এই পিপাসার্তকে ঠাণ্ডা পানি পান করাও। আমি বাড়ীর বাগানের দিকে হেঁটে গেলাম।

(৩) হে লোক, তোমার বিষয়টি আশ্চর্যজনক, আমি তোমাকে আল্লাহর আনুগত্যের দিকে ডাকছি, অথচ তুমি আমাকে আল্লাহর নাফরমানির দিকে ডাকছো! আমি এক কাপ গরম দুধ পান করেছি এবং আমার বন্ধুকে পান করিয়েছি।

(৪) হে ফাতেমা, কেন তুমি ক্ষুধার্তকে আহার দান করো না এবং পিপাসার্তকে

পান করাও না, তুমি কি চাও না যে, আল্লাহ জান্নাতে তোমাকে আহার দান করবেন এবং পান করাবেন? হে মুসলিম, ছালাত কায়েম করো এবং লোকদেরকে কল্যাণের দিকে আহ্বান করো।

(৫) আল্লাহ তাঁর রাসূলকে বলেছেন, আল্লাহ আপনাকে ক্ষমা করেছেন, কেন আপনি তাদেরকে অনুমতি দিয়েছেন? শিক্ষক তার ছাত্রকে বললেন, এইবার আমি তোমাকে মাফ করলাম, আশা করি যে, তুমি এ নিকৃষ্ট কাজ পুনরায় করবে না।

ব্যাখ্যা ঃ 'তার কবল থেকে' -এর মতলব হলো, তার হাত থেকে।

(ঙ) ১ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) কোন একটি বিষয়ে অন্তত দশটি বাক্য রচনা করো।

(ছ) বানান দেখো– বাস – বসবাস – বাঁশ – বাসী – বেশী – স্মরণ – হাঁটা – আসা – আশা – কাঁদে।

তামরীন – ৫১

(ক) বাংলায় বলো–

(١) امش معي إلى الحديقة يا صديق محمود - لا استطيع أن أمشي معك، لأني مشغول جدا - أما نهيتك يا شاهد الكسلان عن النوم بعد الفجر ؟ أمرنا رسول الله صلى الله عليه وسلم بالسواك و نهانا عن الأكل بالشمال - بقيت في بيت القرية أسبوعا .

(٢) مر الناس بالمعروف و انههم عن المنكر، فإن الأمر بالمعروف و النهي عن المنكر واجب - لا تفنى هذه الصداقة بيننا و بينكم، بل ستبقى إلى الأبد - سعيت لحياة سعيدة و نجحت بحمد الله في سعيي - سعادة المرأ في علمه و عمله لا في ديناره و درهمه .

(٣) ارم عدو الله هذا بسهمك - أيها الشاب المسلم ! اسع في طلب العلم و لا تسع في طلب المال - ادع راشدا - دعوت صديقي خالدا إلى بيتي - ادع الله - ادع الناس إلى الله - أدعو لك دائما، لأنك رجل صالح .

(٤) نسيت أن أرسل الخطاب إلى صديقي - أيها الطالب الجديد ! لا تنس أن تكتب واجبك المنزلي - رميت الكرة إلى خالد اللاعب - لما دعاني الناس إلى الكفر أبيت و قلت : أ بربي الكريم أكفر ؟ لا و الله لن أكفر بالله .

(٥) انظر كيف يسيل العرق من جسم هذا الفلاح التعبان - قبل القيامة لا يبقي من الإسلام شيء - طعم الناس وما بقي على المائدة شيء - يبقي المنافق على نفاقه إلى أن يدخل النار .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৪ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) হে প্রিয় মাজিদ, কেন তুমি আমাকে তোমার বাড়ীতে ডেকেছো, আমি একটি প্রয়োজনে তোমাকে আমার বাড়ীতে ডেকেছি, কী তোমার প্রয়োজন? দুনিয়া বেশী তলব করো না, বরং দুনিয়ার ব্যাপারে অল্পেই তুষ্ট থেকো।

(২) হে হাসান, তোমার কাছে কে এসেছে? হে আমার সম্মানিত শিক্ষক, আপনি কি আমার প্রতি অসন্তুষ্ট হয়েছেন? হে মাহমূদ, আমি তোমাকে এ মন্দ কাজ হতে নিষেধ করেছি, কিন্তু তুমি আমার কথা শুনোনি। নিশ্চয় খালেদের চতুর্থ মেয়েটি মেধাবিনী।

(৩) মানুষ চেষ্টা করে, আল্লাহ তাকে রিযিক দান করেন। আমি শত্রুকে লক্ষ্য করে তীর নিক্ষেপ করলাম, ফলে সে মাটিতে পড়ে গেলো এবং মরে গেলো। রমযানের এক সপ্তাহ বাকি আছে। এক সপ্তাহ পরে ঈদের চাঁদ উদিত হবে এবং মানুষ ঈদের চাঁদ পেয়ে আনন্দিত হবে।

(৪) আমি এখানে এক মাস থাকবো। হে খালেদ তুমি তোমার অবস্থায় থাকো। বিদ্যালয়ের পরিচালক এই ক্লাশের নতুন ছাত্রটিকে তার অফিসে ডাকছেন। দরিদ্র লোকটির স্ত্রী তাকে বললো, আমি এই জীবন নিয়ে সন্তুষ্ট নই, সুতরাং তুমি সুখী জীবনের জন্য চেষ্টা করো।

(৫) কাফের তার প্রতিপালককে ভুলে গেছে, তাই তার প্রতিপালক কেয়ামতের দিন তাকে ভুলে যাবেন। আশা করি যে, আমি তোমাকে ডাকার পূর্বে তুমি আমার কামরায় প্রবেশ করবে না। তোমার আম্মা-আব্বার আনুগত্য করার

মাঝেই তোমার প্রতিপালকের সন্তুষ্টি রয়েছে। আমি ফিরে আসা পর্যন্ত তুমি কামরা থেকে বের হয়ো না।

ব্যাখ্যা ঃ 'কী তোমার প্রয়োজন' এ বাক্যের তরজমায় শুরুতে و যোগ করতে হবে। তা ছাড়া وما حاجتك এর চেয়ে উত্তম হবে و ما هي حاجتك বলা। প্রথম ভাগের শেষ বাক্যটি দেখো, শুধু শব্দগুলো লক্ষ্য করে তরজমা করলে তা ঠিক হবে না, বরং এ ক্ষেত্রে আরবীতে 'কী তারকীব ব্যবহৃত হয় সেটা লক্ষ্য করে তরজমা করতে হবে। 'দুনিয়া'-এর তরজমা হবে من الدنيا 'দুনিয়ার ব্যাপারে'-এর তরজমাও হবে من الدنيا তবে দ্বিতীয় ক্ষেত্রে ইসমের পরিবর্তে যামীর ব্যবহার করা উত্তম হবে।

'অল্পে সন্তুষ্ট হও'-এর তরজমা হবে ارض بالقليل - কারণ এটাই رضي এর ব্যবহাররীতি। পুরো বাক্যটির আরবী হবে-

لا تطلب من الدنيا الكثير و ارض منها بالقليل

এক ভাষা থেকে অন্য ভাষায় তরজমার ক্ষেত্রে এ বিষয়টি লক্ষ্য রাখা অত্যন্ত জরুরী।

(ঙ) **৩ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।**

(চ) উপরের অনুকরণে দশটি বাক্যরচনা করো।

(ছ) বানান দেখো ঃ জীবনের লক্ষ্য - তীর লক্ষ্য ভেদ করেছে - সামনে লক্ষ্য করো - লক্ষ লক্ষ মানুষ - লক্ষণ - লক্ষণীয় বিষয় (লক্ষ্য করার উপযুক্ত বিষয়) সন্তুষ্ট।

তামরীন - ৫২

(ক) বাংলায় বলো-

(١) أرجو أن لا يخلو بيت من بيوت هذه القرية من مجاهد - دعا خليل الله إبراهيم ربه بعد أن بنى الكعبة - أرجو أن لا تعصي أباك و أمك أيها الولد الصالح - قالت بنت شعيب لموسى (عليهما السلام) : إن أبي يدعوك ليجزيك .

(٢) ارفع يدك إلى السماء لتدعو ربك - قال التاجر الغني : أريد أن أبني على هذه الأرض قصرا لولدي، قال العالم : أنت تريد أن تبني لولدك قصرا و أنا أريد أن أبني لولدي/ك مستقبلا طيبا .

(٣) كيف ترجو أن أرضى عنك و أنت لا تسمع نصيحتي - يا فاطمة! خذي هذا الكوب لتسقيني ماء باردا - من يعيش في هذا البيت ؟ (من يسكن هذا البيت ؟) عاشت أسرة خالد الكبيرة في هذا البيت سنة (سكنت هذاالبيت سنة) ·

(٤) أيها التاجر الصالح، أرجو أن تبني لله مسجدا ، كي يبني الله لك بيتا في الجنة - اللهم ! ارض عنا و عن الأمة الإسلامية - كنت أسعى لأمنع هذا الرجل من معصية الله - يا عبد الله ! ابك في الدنيا لتضحك في الآخرة، فلا تضحك في الدنيا لتبكي في الآخرة ·

(٥) يأبى الذوق السليم أن يستعمل الإنسان كلمة فاحشة - يمنع العبد الصالح نفسه من معصية الله لينجو في الآخرة من عذاب الله - ما أذنت لك أن تسعى وراء الدنيا و تضيع عمرك في طلب المال ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) হে মাজেদ! আমি আশা করি যে, তুমি তোমার বিগত দিনগুলোর কথা ভোলবে না। হে ধনী ব্যবসায়ী, আমি তোমার কাছে খাবার চেয়েছি, কিন্তু তুমি আমাকে আহার দান করোনি, এবং তোমার কাছে পানি চেয়েছি কিন্তু তুমি আমাকে পানি পান করাওনি।

(২) আমেরিকা ইসলামী বিশ্বের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে। যখন ফসল কাটার মৌসুম এলো তখন এই কর্মঠ কৃষক কাস্তে হাতে নিলো এবং ফসল কাটার জন্য মাঠে গেলো। এটি চাষউপযোগী জমি। যখন ফসল বোনার মৌসুম আসবে তখন আমি এই জমি চাষ করবো এবং ফসল বোনবো।

(৩) আমি এই বলটি ঐ দক্ষ খেলোয়াড়ের দিকে ছুঁড়ে মারতে চাই। হে খালেদের আম্মা, আপনি কি আপনার এই ছেলেকে এই খারাপ কাজ হতে নিষেধ করবেন না? আমি আশংকা করি যে, এই ধনী ব্যবসায়ীর কাছে সম্পদের কিছু বাকী থাকবে না, কেননা সে অপচয় করে এবং আল্লাহর নাফরমানিতে তার মাল খরচ করে।

(৪) হে মাজেদ, এই মূল্যবান বইগুলো পড়তে ভুলো না। কারণ, এই বইগুলো তোমার জীবনে তোমার অনেক উপকার করবে। আমি এই খাবার তোমার সামনে উপস্থিত করেছি, যেন তুমি তা চেখে দেখো। এই অল্প ক'দিনে আমি জীবনের তিক্ততার স্বাদ গ্রহণ করেছি।

(৫) আশা করি যে, এই উপকারী ঔষধটি তোমাকে রোগ থেকে আরোগ্য দান করবে। ঔষধ তোমাকে আরোগ্য দান করে না, বরং আল্লাহ আরোগ্য দান করেন। আমি আশা করি যে, তুমি একজন লোককে ডাকবে যে এই পথটি ভালোভাবে চেনে।

ব্যাখ্যা ঃ 'তুমি তোমার বিগত দিনগুলোর কথা ভুলে যেয়ো না' – এখানে ভুলে যেয়ো না এবং ভোলো না, একই বিষয়। সুতরাং এর আরবী হবে لا تنس এখানে 'কথা' শব্দটি অতিরিক্ত। মূল বক্তব্য হলো, তোমার বিগত দিনগুলোকে ভোলো না, আরবীতে তরজমা করার সময় বিষয়টি মনে রাখতে হবে।

(ঙ) ১ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তুমি তোমার ছোট ভাইকে উপদেশ দিয়ে একটি চিঠি লেখো (তাতে তোমার নতুন শেখা বাক্যগুলোও যেন এসে যায়)।

(ছ) বানান দেখো ঃ নির্মাণ – ভোলা (ভুলে যাওয়া) – ভোলে (ভুলে যায়) ভোলাবে (ভুলে যাবে) – মূল – মূল্য – মুলো – যুদ্ধ-ঘোষণা – চাষ – চাষী

তামরীন – ৫৩

(ক) বাংলায় বলো–

(১) لأية حاجة دعوتني يا صديقي - يا فاطمة ! أرجو أن لا تنسي أن تغسل ثيابك الوسخة - لن ترضى عنك اليهود - اليهود - يهودي - اقتل هذا اليهودي - مكر يهودي - مدينة يهودية - كاتب يهودي - كاتبة يهودية ·

(٢) اهدنا الصراط المستقيم - هداك الله - أسأل الله لك الهداية إلى أن يهديك الله - أنزل الله القرآن ليهدينا إلى طريق الجنة - لا تنس لذة الآخرة الباقية للذة الدنيا الفانية . (فان - فانية)

(٣) أيها الولد ! أين تريد أن تقضي عطلتك الطويلة - أريد أن اقضيها في بيت القرية - نفسك تدعوك إلى الكسل لتقضي على مستقبلك - العدو اليهودي يريد أن يقضي على الإسلام - (يسعى أن يقضي على الإسلام) (يسعى للقضاء على الإسلام) .

(٤) أيها القاضي ! اقض بيننا بالحق - أبى إبليس الملعون أن يسجد لآدم فقال : خلقتني من نار و خلقته من طين (و كيف تسجد النار للطين؟) خرجت مساء اليوم إلى الحديقة لأمشي قليلا بين أشجارها الجميلة و أزهارها الطيبة .

(٥) يموت الإنسان و يلقي ربه و تظهر له الحقيقة - كلما جاء نبي و دعا قومه إلى الحق كذبه القوم و آمن به قليل منهم - يا فاطمة ! متى تلقين صديقتك في بيتها ؟ سألقاها غدا في الرابعة مساء - لا آذن لك أن تلقاني قبل أن أعرف لأي غرض تريد أن تلقاني .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং প্রথম বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) খালেদ একটি বল নিলো এবং তা জালানার দিকে ছুঁড়ে মারলো আর জানালার কাঁচ ভেঙ্গে ফেললো। রাশেদের সাথে রাস্তায় আমার সাক্ষাৎ হলো তখন আমি তাকে সালাম করলাম। আমি চাই যে, আল্লাহ তোমাকে

হকের দিকে পথ প্রদর্শন করবেন এবং তোমার কলবকে ঈমানের নূর দ্বারা আলোকিত করবেন।

(২) হে রাজধানীর শিক্ষক, যখন আমি রাজধানীতে যাবো তখন আপনার মাদরাসায় আপনার সাথে সাক্ষাৎ করবো। হে মুসলিম, আমি আশা করি যে, তুমি তোমার মূল্যবান জীবন অতিবাহিত করবে যেমন আল্লাহ তোমাকে আদেশ করেছেন।

(৩) হে আল্লাহ! আপনিই শেফা দান করেন, আপনি ছাড়া কেউ শেফা দান করে না। সুতরাং আপনি আমাকে আমার এই রোগ থেকে এবং সকল রোগ থেকে শেফা দান করুন। বিগত যুগে মানুষের হৃদয়গুলো পরিচ্ছন্ন ও পবিত্র ছিলো। মানুষের হৃদয়গুলো অপরিচ্ছন্ন ও অপবিত্র হয়ে গেছে। মানুষের হৃদয়গুলো পরিচ্ছন্ন ও পবিত্র নয়।

(৪) নিশ্চয় জান্নাতে তোমাদের জন্য সৌভাগ্যময় জীবন রয়েছে। তুমি কি আরবী ভাষার মিষ্টতা ভোগ করতে চাও, তাহলে এই মূল্যবান বইটি শুরু থেকে শেষ পর্যন্ত পড়ো।

(৫) আমি আশরা করি যে, তোমাদের কলমগুলো ইসলাম ও ইসলামী উম্মাহর সেবা করবে। হে ফাতেমা, তুমি কি এই মূল্যবান বইগুলো দ্বারা উপকৃত হতে চাও। তুমি সর্বদা চেষ্টা করো যেন আল্লাহ তোমার দ্বারা তোমার কাওমকে হেদায়াত দান করেন।

ব্যাখ্যা ঃ ৫ম ভাগের শেষবাক্যটি ভেবে দেখো, এখানে 'যেন' এর তরজমা لِ এর পরিবর্তে أنْ হবে।
'ভোগ করা'-এর জন্য الذوق মাছদারটি ব্যবহার করা যায়।

(৬) **১ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।**

(চ) তুমি তোমার বন্ধুর সাথে লেখাপড়াসংক্রান্ত একটি কথোপকথন রচনা করো (যাতে নতুন পড়া বাক্যগুলো এসে যায়।)

(ছ) বানান দেখো ঃ (ছোঁড়া – ছোরা – সাক্ষাৎ – সাক্ষাতের জন্য – স্থায়ী – ক্ষণস্থায়ী।

তামরীন – ৫৪

(ক) বাংলায় বলো–

(١) لا أنسى يا صديقي! أنك قد نصرتني في مصيبتي – لا تنس أنك تموت يوما – سمعت أن راشدا مريض، فجئت لعيادته –

ألا تعرف أن عيادة المريض سنة - أمرنا رسولنا صلى الله عليه وسلم بعيادة المريض ·

(٢) أشهد أن محمدا رسول الله - اعلم أيها المسلم ! أن الجهاد بقوة الإيمان لا بقوة السلاح - أ لا تعلم يا رجل ! أن طلب العلم فريضة على كل مسلم ؟ بلى، أعرف - سقى راشد أشجار حديقته، فطالت في أيام قليلة ·

(٣) أيها الرجل ! قد أطلت علي الكلام و أضعت أوقاتي الغالية، فأرجو أن تتركني الآن لأشتغل بعملي - كتاب الله ينير لنا طريق الحياة - أردت أن أقيم مدرسة تنير بالعلم قلوب الناس و عقولهم ·

(٤) رب أسألك أن تميتني على الإيمان - قال العبد الصالح : اسعي إلى الخير يا رب لترضى - أقلامهم الفاجرة تفسد المجتمع و تفسد أخلاق الشباب - يا طالب العلم ! أسأل الله أن يبارك في علمك و عملك - اللهم بارك لنا في رزقنا ·

(٥) أرجو أن يجمعنا الله في الجنة - أرجو الله أن يجمعنا في الجنة - أرجو أن الله سيجمعنا في الجنة - صديقي يسكن في قلبي - أمر الله أدم أن يسكن مع زوجته الجنة - سكن البيت/سكن بالبيت ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৩ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো—

(১) আমি হাউযের ঠাণ্ডা পানি দ্বারা অযু করতাম, তখন আমার আব্বা আমাকে হাম্মামের গরম পানি দ্বারা অযু করার আদেশ করলেন, যাতে আমি অসুস্থ

না হয়ে পড়ি। যখনই আমি কোরআন তিলাওয়াত করেছি (করি) তখনই আমি কোরআনের মিষ্টতা ভোগ করেছি (করি)।

(২) তুমি তোমার পিছনের দিনগুলো ভুলে যাও, এবং জীবনকে নতুনভাবে শুরু করো। তুমি কি আশা করো যে, তোমার ভাই উত্তম অবস্থায় আছে? আমি জানি যে, এই মাছগুলো মিঠা পানিতে বাস করে।

(৩) হে আমার প্রিয় ছাত্র, তুমি প্রতিদিন এক পারা কোরআন তেলাওয়াত করার চেষ্টা করো। রাশেদ আসা পর্যন্ত তুমি এখানে থাকো। ইসলামের দিকে ফিরে আসার মাঝেই ইসলামী উম্মাহর সৌভাগ্য নিহিত রয়েছে। আমাদের মাহমূদ সবসময় তার উত্তম চরিত্র দ্বারা মানুষের হৃদয় জয় করার চেষ্টা করে।

(৪) আমি এমন কিছু বই জমা করেছি যা ভবিষ্যতে আমার অনেক উপকার করবে। আমি কারো কাছে আমার হাত প্রসারিত করি না, যেন মানুষ জানতে পারে যে, আমি স্বাধীন মহান ব্যক্তি।

(৫) আশা করি, তুমি ভোলবে না যে, তোমার শিক্ষক তোমার জন্য সুন্দর ভবিষ্যত তৈরী করার চেষ্টা করছেন। হে ফাতেমা, আমি জানি যে, তুমি কিছুতেই তোমার প্রতিপালকের নাফরমানি করবে না। কেননা তুমি নেক মেয়ে। যখন কেয়ামত কায়েম হবে তখন কিছুই বাকি থাকবে না, বরং সব কিছু ধ্বংস হয়ে যাবে।

(ঙ) ১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) উপরের অনুকরণে অন্তত দশটি বাক্য রচনা করো।

(ছ) বানান দেখো ঃ ঠাণ্ড (ণ + ড = ণ্ড) - স্বাধীন - প্রসারিত করা - ধ্বংস - ধ্বংসাত্মক - বিধ্বংসী -

তামরীন - ৫৫

(ক) বাংলায় বলো-

(١) لم تكذب يا أخا محمود ! ألا تعلم أن الصدق ينجي و الكذب يهلك ؟ القيامة تنسيك أباك و أمك و أهلك و ولدك - اللهم أعطني كتابي بيميني و لا تعطني كتابي بشمالي - أيها العبد الصالح ! أحي هذه الليلة بالذكر و العبادة .

(٢) أطيع أبي و أمي لأن الله أمرنا بإطاعتهما - قضيت شهر

رمضان في صيام و ذكر و عبادة . لم تبكين يا بنت ماجد ؟ ما يبكيك ؟ أنجى الله نوحا و أغرق قومه .

(٣) يا خادمة المطبخ ! ألقي هذا الرماد وراء المطبخ - نسيت أن أذكر لك قصة هذا اليتيم - إنها قصة أبكتني و تبكيك - خالد العاقل - يا خالد العاقل - يا أخا خالد العاقل - يا أخا خالد العاقل .

(٤) لا أريد أن أخفي عنك شيئا - و ماذا يخفي صديق عن صديقه ؟ قال الرجل الفاسق : قد أحييت الليلة الماضية (البارحة) بالرقص و الغناء . فقلت له : ما احييتها يا رجل ! بل قد أمتها بفجورك .

(٥) بفضلك يا رب قد أنجيتني من عذابك - لا تنس أن تدعو ربك أيام الفرح و السرور - يسعى الإنسان أن يرضي الناس و لا يسعى أن يرضي ربه، فلا يرضي عنه الناس و لا يرضى ربه .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং প্রথম বাক্যটির তারকীব লেখো

(গ) 8 ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো—

(১) আমি আমার বন্ধু আব্দুল মজীদকে একটি বই দিয়েছি, যা তার কাজে আসবে। হে আয়েশার ছোট ভাই, তুমি কি তোমার এই মূল্যবান বইটি আমাকে এক দিনের জন্য দিবে? আল্লাহ কেয়ামতের দিন বান্দাকে তার জীবন সম্পর্কে জিজ্ঞাসা করবেন এবং বলবেন, কোন কাজে তুমি তোমার জীবন নিঃশেষ করেছো?

(২) এই মহিলাকে তার পুত্রের মৃত্যু সর্বদা কাঁদাচ্ছে, তাই সে তার জন্য দিন-রাত কাঁদে। হে আম্মা, আমি আশা করি যে, আপনি আমার জন্য এই সুস্বাদু খাবারগুলো থেকে কিছু রেখে দেবেন। আমি মাদরাসা থেকে ফিরে আসার পর তা খাবো।

(৩) এই তরমুজের খোসা তুমি কোথায় ফেলেছো? এই তরমুজের খোসা তুমি কোথায় ফেলতে চাও? হে পাপিষ্ঠা নারী, তুমি তোমার পাপাচার দ্বারা নিজেকে আগুনে নিক্ষেপ করো না। হে খালেদ, এই দীর্ঘ ছুটি তুমি কোথায় কীভাবে কাটিয়েছো?

(৪) আল্লাহ তাকে দীর্ঘ জীবন দান করেছেন, কিন্তু সে তার জীবন মালের পিছনে শেষ করেছে। হে মাজেদ, আমি শুনেছি যে, তুমি তোমার বন্ধু মাজেদকে তার হক দিতে চাও না। হে বুদ্ধিমতী রুমানা, কেন তুমি শিক্ষকের প্রশ্নের উত্তর দিচ্ছো না?

(৫) হে আল্লাহ, আপনিই জীবন দান করেন এবং মৃত্যু দান করেন। আপনি ছাড়া কেউ জীবন-মৃত্যু দান করে না। আমি আজ সকালে কোরআন তিলাওয়াত করিনি। এখন তিলাওয়াত করবো, আল্লাহর রাসূল মক্কাবাসীকে আল্লাহর দিকে ডাকার ইচ্ছা করলেন, তাই তিনি ছাফা পাহাড়ে আরোহণ করলেন।

ব্যাখ্যা ঃ প্রথম ভাগের প্রথম বাক্যটি দেখো। 'তার কাজে আসবে' যদি তুমি এর আরবী তরজমা এভাবে করো يجيء في عمله তাহলে তা হাস্যকর হবে। তোমাকে প্রথমে ভাবতে হবে, কথাটার উদ্দেশ্য কী? উদ্দেশ্য হলো, 'তার উপকার করবে'। সুতরাং এর আরবী তরজমা হবে– ينفعه
'নিঃশেষ করেছো' এর তরজমা হবে أفنيت তবে أنفقت ও বলা যায়।
দ্বিতীয় ভাগে দেখো, 'দিন-রাত' কাঁদে এবং 'রাত-দিন কাঁদে' উভয় ক্ষেত্রেই আরবী তরজমা হবে يبكي ليلا و نهارا। বাংলায় উভয় তারতীব ব্যবহৃত হয়। কিন্তু আরবীতে শুধু ليلا و نهارا এই তারতীব গ্রহণযোগ্য।
তৃতীয় ভাগের শেষ বাক্যটি দেখো, أين و كيف قضيت هذه العطلة এ তরজমা গ্রহণযোগ্য, তবে উত্তম তরজমা হলো–

أين قضيت هذه العطلة و كيف قضيتها

(ঙ) ১ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) (ক) দু'টি বাক্য রচনা করো, প্রতিটিতেই একটি জুমলা একটি নাকিরাহ এর ছিফাত হবে।

(খ) দু'টি বাক্য রচনা করো, যাতে যথাক্রমে أن يبكي ও أن ترضى ব্যবহৃত হবে।

(গ) দু'টি বাক্যরচনা করো, যাতে ليعطي এবং أن ألقي ব্যবহৃত হবে।

(ছ) বানান দেখো ঃ জিজ্ঞাসা – নিঃশেষ – নিঃশ্বাস – নিষ্পাপ – নিষ্প্রাণ – নিষ্কণ্টক – নিষ্কম্প – নিষ্ফল – তবে ব্যতিক্রম হলো, নিশ্চিন্ত

তামরীন – ৫৬

(ক) বাংলায় বলো–

(١) بسط الله الأرض ليعيش عليها الإنسان – أيها الولد الصالح ! رزقك الله علما ينفعك في دنياك و آخرتك – نجاحك في أن تجتهد في دراستك – اجلس على المائدة بعد أن تغسل يدك – لا أقدر على أن أسمع بكاء هذا اليتيم ·

(٢) كنت أعرف أن هذا الولد لا يضيع أوقاته الغالية في عمل لا ينفعه – كانت مدن العراق جميلة، فخربها الجيش الامريكي الظالم – دعوتكم لأعطيكم هذه الكتب الجميلة – سأدعو ربي لينجيني من هذه المصيبة ·

(٣) أيها الرجل ! أريد أن تحيي هذه الليلة بالذكر و العبادة – لعلك تكذبني لتخفي عني حقيقة هذا الأمر – عملت هذا العمل الصالح لأرضي ربي – خذ هذا الولد معك إلى بيت القرية لتنسيه حزنه (لينسي حزنه) ·

(٤) أبكاني موت هذا العالم الصالح كما أبكى أهل القرية، و كنت أحبه لله و رسوله – أحببت راشدا لعلمه و صلاحه – أحب أن أجاهد في سبيل الله – أيتها المرأة الصالحة ! ألا تحبين أن يغفر الله لك ·

(٥) السنة الشمسية – السنة القمرية – عقد عائشة الذهبي غال جدا – يا فاطمة ! أ تريد أن تلبسي بنتك هذا العقد الذهبي – لأعيد إليك كتابك – أراد الله أن ينجي نوحا و يغرق قومه ·

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ১ ও ৪ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) হে আমার প্রিয় বন্ধু! আমি একটি বিষয়ে তোমার সাথে পরামর্শ করার জন্য আগামীকাল বিকাল পাঁচটায় তোমার কাছে আসবো। আমার ছোট বোন সুঁই-সুতা নিলো এবং তার নতুন কাপড়গুলো সেলাই করলো।

(২) আল্লাহর রাসূল কি তলোয়ার দ্বারা ইসলাম প্রচার করেছেন, না তাঁর উত্তম চরিত্র দ্বারা? মুসলান কারো উপর জুলুম করতে পারে না, এবং কারো সাথে মিথ্যা বলতে পারে না। মনে হয় আমি তাকে এই কাজ থেকে বাধা দিতে পারবো না।

(৩) আমি একটি সরকারী অফিসে কাজ করি, আর সে একটি বেসরকারী অফিসে কাজ করে। এই লোভী লোকটির মুখ থেকে লালা ঝরছে। এই মুজাহিদের জখম থেকে অনেক রক্ত ঝরেছে।

(৪) আমি জানি যে, তুমি আমার কাছ থেকে কিছু লুকাচ্ছো। না আমি তোমার কাছ থেকে কিছুই লুকাচ্ছি না। আমি তোমার কাছ থেকে কিছুই লুকাতে পারি না। তুমি ফাতেমাকে এই বইটি দাও যাতে সে তা দ্বারা উপকৃত হয়।

(৫) আল্লাহ আমাদের উপর তাঁর নেয়ামতকে পূর্ণ করেছেন। হে আল্লাহ আমি আপনার কাছে প্রার্থনা করি যে, আপনি আমাকে উপকারী ইলম দান করবেন। হে আল্লাহ আপনি আমাকে নেক আমল দান করুন যেমন আমাকে ইলম দান করেছেন।

(ঙ) ২ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তুমি তোমার বন্ধুর সাথে রাজধানী ঢাকা সফর করার ঘটনা লেখো।

(ছ) বানান দেখো– জীবন্ত – সজীব – সৎ – সততা – সুঁই – সুতা – পূর্ণ – পরামর্শ।

তামরীন – ৫৭

(ক) বাংলায় বলো–

(١) أعددت لك هذه الغرفة لتسكنها أيام عطلتك - سأعد مقالة ثم أرسلها إلى مجلة شهرية - أتم الله علينا نعمته و أكمل لنا دينه - تحب الأم ولدها، لأن الله يلقي في قلبها الحب .

(٢) سأسعى أن أتم عملي هذا قبل العصر - أخذت القرطاس و القلم

لأعد مقالة دينية - أرسل الله رسوله ليبشرنا بنعيم الجنة و ينذر بعذاب النار - جئت لأبشرك بنجاحك في الامتحان السنوي .

(٣) أرجو أن تشاور صديقك خالدا قبل أن تبدأ هذا العمل، سيذلهم الله لكفرهم و يعزكم لدينكم - أمرت صاحبة المنزل خادمتها أن تعد للأسرة الفطور - أ تظن يا راشد أنك ستستطيع أن تتم عملك في ساعة واحدة .

(٤) سيتم هذا العمل قبل العصر - عندما تتعلم بنتك اللغة العربية تفهم كتاب الله و سنة رسوله - لأن اللغة العربية مفتاح الكتاب و السنة - دفنت هذا السر في صدري فلا أظهره على أحد .

(٥) أيها الولد الصالح سلم على كل كبير و صغير - أتعلم أن أخاك سعيدا سقاني عصير عنب لذيذا - هذا الدواء النافع يشفيك من مرضك برحمة الله - أحب أن أقضى شهر رمضان في مكة المكرمة .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং শেষ বাক্যটির তারকীব লেখো

(গ) ৩ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) তুমি কি মনে করো যে, এই কাজটি সহজ? তুমি কি এই কাজটিকে সহজ মনে করো? তুমি কী করে ভাবলে যে, আমি এই কাজটি সম্পূর্ণ করতে পারবো না? হে খালেদ, তোমার ভাই কোন মাদরাসায় অধ্যয়ন করে?

(২) যখন আল্লাহর রাসূল মক্কাবাসীকে আল্লাহর পথে ডাকলেন তখন আবু বকর (রাদিয়াল্লাহু আনহু) তাঁকে সত্যবাদীরূপে গ্রহণ করলেন, আর আবু জাহেল তাঁকে মিথ্যাবাদী বললো। নিঃসন্দেহে এই প্রাচীন শহরের বিরাট ইতিহাস রয়েছে।

(৩) আমি আশা করি যে, রাশেদ তোমাকে একটি উপকারী বই দেবে। হে আমাতুল্লাহ! তুমি কি তোমার এই বান্ধবীটিকে ভালোবাসো না, অবশ্যই আমি তাকে তার নেক আমলের কারণে ভালোবাসি। হে ফাতেমার আম্মা! আপনি কি আমাদের জন্য রাতের খাবার তৈরী করেছেন। হাঁ, ...।

(৪) যখন আমি লেখপড়া শেষ করবো তখন আমি দেশে ফিরে যাবো এবং আমার ইলম দ্বারা দ্বীনের খেদমত করবো এবং স্বদেশের উপকার করবো। কখনো কারো উপর যুলুম করো না, কেননা আল্লাহ যুলুম পছন্দ করেন না, এবং কখনো কাউকে হিংসা করো না, কেননা হিংসা হিংসুককে বরবাদ করে দেয়।

(৫) আমি এখানে তোমার সাথে একটি উত্তম সময় কাটিয়েছি। নমরূদ ধারণা করেছিলো যে, সে জীবন দান করে এবং মৃত্যু দান করে। হে মানুষ, তুমি তেমার প্রতিপালকের সাথে কাউকে শরীক করো না। আল্লাহর রাসূল মদীনায় হিজরত করার জন্য রাতের আঁধারে মক্কা থেকে বের হলেন।

(ঙ) ৩ ও ৪ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) أعطى - أعطيت - يحب - تعدين - أتمت - تتمين প্রতিটি ফেলের সাথে أن যোগ করে একটি করে বাক্যরচনা করো। - أتمَّ - تلقين - ترضى - تعد প্রতিটি ফেয়েলের শুরুতে لِ যোগ করে একটি করে বাক্য রচনা করো।

(ছ) বানান দেখো ঃ ভালো বাসা - ভালোবাসা - কারণ - আঁধার - অন্ধকার - সম্পূর্ণ।

তামরীন - ৫৮

(ক) বাংলায় বলো-

(১) لا يعذب الله قوما قبل أن يرسل إليهم رسولا يدعوهم إلى الحق - أريد أن أحدث بنعمة الله علي، لأن الله أمر عبده أن يحدث بنعمته عليه - سمعت أنك تريد أن تتحدث معي في هذا الأمر

(২) تزينت الحديقة بأزهار الربيع الجميلة - كنت أفكر في هذه الأمور كما كنت تفكر فيها - سيكون هذا الطالب المجتهد عالما كبيرا - لا يصير الجبان شجاعا - أيها الرجل ! لا تكن حريصا على المال .

(٣) أيها الولد ! أرجو أن تكون صادقا مع صديقك - ما كنت أظن أن هذا الرجل الفقير سيصير غنيا كبيرا - كنت لا أحب أن أخيط ثوبي بيدي، و لما علمت أن رسول الله صلى الله عليه وسلم كان يخيط ثوبه بيده أحببت ذلك .

(٤) ما كان سوق هذه القرية كبيرا - يا راشد ! ما كنت في أمس القريب كاتبا مشهورا، فكيف نلت هذه الشهرة الواسعة في هذه الأيام القليلة ؟ نلتها بفضل الله ثم بجهودي الدائمة .

(٥) أيها البخيل ! ما كنت تطعم الفقير و ما كنت تساعد المحتاج و كنت تجمع المال و كنت تظن أن مالك سيبقى معك، و أن مالك سيبني لك مستقبلك، و لكن هلك مالك و ضاع مستقبلك .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ১ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) আমি আল্লাহর কাছে প্রার্থনা করি যেন তিনি আমাকে কালিমায়ে তাইয়েবার উপর মৃত্যু দান করেন। হে শিক্ষক, আমি আমার 'বাড়ীর কাজ' তৈরী করতে/পূর্ণ করতে ভুলে গেছি।

(২) আল্লাহ শয়তানকে তার অহংকার ও কুফরির কারণে জান্নাত থেকে বের করে দিলেন, তখন শয়তান বললো, কেয়ামতের দিন পর্যন্ত আমি ভুলবো না যে, আদমের কারণে আপনি আমাকে জান্নাত থেকে বিতাড়িত করেছেন।

(৩) হে লোক, তুমি সাহসী হও এবং ঘোষণা করো যে, তুমি মুসলিম, যে আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করে না। আমি আশা করি যে, তুমি কোরআনের তেলাওয়াত কখনো ভুলবে না। কারণ কোরআন তোমার জন্য জীবনের পথ আলোকিত করবে।

(৪) আমি কোন অনৈসলামী সমাজে জীবন যাপন করা পছন্দ করি না। তুমি কি বসন্তের সৌন্দয ভালোবাসো না? গ্রামের পাশে। গ্রামের এক পাশে। আমি গ্রামের এক পাশে আমার ছোট পরিবারের জন্য একটি সুন্দর ঘর

তৈরী করেছি। হে ফাতেমা, কেন তুমি তোমার কামরায় কাঁদছো?

(৫) হে মাননীয়া আম্মা, আপনি কি আমাকে ডাকছেন? না, আমি তোমাকে ডাকছি না, বরং তোমার ছোট ভাইকে ডাকছি। আমি এমন ছাত্রকে ভালোবাসি যে, আরবী ভাষা জানে এবং আরবীতে কথা বলে। হে আল্লাহ! আপনি কি আমাদেরকে দুনিয়াতে ইসলাম দ্বারা মর্যাদাবান করার পর আমাদের আমলের কারণে আখেরাতে আমাদের অপদস্থ করবেন!

(ঙ) ১ ও ৫ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) বিভিন্ন বিষয়ে দশটি বাক্য রচনা করো, (অন্তত একটি বাক্যে جمع غير عاقل এর ফেয়েলে নাকিছ-এর ব্যবহার যেন থাকে)

(ছ) বানান দেখো– মর্যাদা – অপদস্থ – পদস্থ – ঘোষণা।

তামরীন – ৫৯

(ক) বাংলায় বলো–

(١) أنا أعرف صيادا له مهارة في الصيد - أريد أن تتصدق على فقير لا يملك شيئا - كيف ملكت هذه الثروة العظيمة ؟ رزت بغداد قبل سنة بعد أن خربها العدو الأمريكي - استقبل ضيفك بابتسامة جميلة حلوة .

(٢) هذا عمل لا أحبه و لا يحبه أحد - قد أتممت دراستي في هذه المدرسة و الآن أريد أن التحق بمدرسة العاصمة للتعليم العالي - لا آذن لك أن تخرج من غرفتي - اسع أن تصلي دائما مع الجماعة .

(٣) قمت على المصلى لأصلي بالناس - ماذا ستهدين يا سلمى إلى صديقتك جميلة ؟ سأهدي إليها بطاقة عيد - هذا اسراف، بل أهدي إليها كتابا ينفعها في دينها و دنياها .

(٤) لما حان وقت الصلاة توضأت وصليت مع الجماعة - إن الصلاة تطهر قلوبكم و تقوي إيمانكم يا عم محمود ! أين تصلي

الفجر و العشاء ؟ أ في البيت تصلي أم في مسجد الحي .

(৫) سميت ابني محمدا و أسأل الله لنا و له بركة هذا الاسم العظيم - اشرب العسل، ففيه شفاء للناس و هو يقوي الجسم - ادخل المسجد لتصلي العصر مع الجماعة - أرجو أن تسمي ولدك أسامة ليكون مجاهدا كأسامة - لا تكسر قلب أخيك - انكسر قلبه .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ২ ও ৫ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) নিশ্চয় আল্লাহ এমন বান্দাকে ভালোবাসেন যে, জামাতের সাথে নামায পড়ে। তুমি রামাযানকে স্বাগত জানাও, কেননা রামাযান হলো রাহমানের পক্ষ হতে (আগত) মেহমান। হে মানুষ! কেন তুমি নিজেকে বরবাদিতে নিক্ষেপ করতে চাও।

(২) আমি যখন আমার বন্ধুকে একটি কলম হাদিয়া দিলাম তখন সে খুশী হলো এবং বললো, আমি তোমার এই কলমটি দ্বারা এমন প্রবন্ধ লিখবো যা উম্মতের উপকার করবে।

(৩) হে যুবক! তুমি ভুলে যেয়ো না যে, আল্লাহ আমাদের উপর জিহাদ ফরয করেছেন এবং জিহাদের মাধ্যমেই ইসলামী উম্মাহ তার বিগত মর্যাদা ফিরিয়ে আনতে পারবে।

(৪) তুমি কি আশা করো যে, এই নষ্ট খাদ্য তোমার শরীরকে শক্তিশালী করবে? হে ওয়াইয! লোকদেরকে হকের দিকে ডাকো, বাতিলের দিকে ডেকো না। আশা করি যে, তুমি তোমার মূল্যবান সময়কে/সময়গুলোকে এমন কাজে ব্যয় করবে যা তোমাকে কল্যাণের দিকে নিয়ে যাবে।

(৫) কিতাবসমূহ অবশ্যই আকলকে খোরাক যোগায়। এগুলো অনৈসলামী নাম, এই নামগুলো দ্বারা তুমি কারো নাম রেখো না। যখনই হাজি তালবিয়া পড়ে তখন তার কলব আনন্দিত হয়। আমি জানতাম না যে, এই খাবারগুলো শরীরকে শক্তিশালী করে।

(ঙ) ১ ও ২ এর বাক্যগুলো আরবীতে লেখো।

(চ) তোমার গ্রামের বাড়ীতে যাওয়া এবং ফিরে আসা সম্পর্কে একটি রচনা

লেখো (তোমার সঙ্গে কে গিয়েছে, গ্রামের দৃশ্য কেমন সেখানে কি কি আছে ইত্যাদি আসতে পারে)।

(ছ) বানান দেখো– নিশ্চয় – খুশি (আনন্দ) – খুশী (আনন্দিত) – মর্যাদা – শরীর।

তামরীন – ৬০

(ক) বাংলায় বলো–

(١) امريكا الخبيثة تشتري العقول المريضة في العالم الإسلامي لتستعملها ضد الإسلام - كيف تستوي محمود المعلم و محمود التاجر ؟ لمن تشترين يا أم سعاد ! هذا القلم الأحمر أشتريه لبنتي سعاد .

(٢) جزى الله هذا الغني الصالح، فقد أعانني عند حاجتي - عندما تطلع الشمس يختفي ظلام الليل - أيها الرجل ! ستظهر الحقيقة في يوم من الأيام، و لا تستطيع أن تخفيها عن ذي عقل .

(٣) عندما تنتهي هذه الحياة الفانية تبتدأ الحياة الباقية و لا تنتهي أبدا - أفطر الصائم فأكل و شرب و شبع و ارتوى، يرتوي شارب الكوثر و لا يعطش أبدا .

(٤) قال الطبيب : المريض في حالة خطر، فأريد أن أنقله إلى المستشفى فورا - الأقلام الصالحة تسعى أن تبنى مجتمعا صالحا و الأقلام الفاسدة تسعى في هدمه .

(٥) لما انتهيت من الصلاة خرجت من المسجد في طلب الرزق الحلال - ذهبت إلى مكتبة في العاصمة لأشتري كتبا عربية جديدة - سمعت أنك تريد أن تلتحق بمدرسة المدينة لتتم دراستك العالية .

(খ) রেখাযুক্ত বাক্যগুলোর তারকীব করো এবং দ্বিতীয় বাক্যটির তারকীব লেখো

(গ) ১ ও ৩ এর বাক্যগুলোর তরজমা লেখো।

(ঘ) আরবীতে বলো–

(১) ইলমের সন্ধানকারী ইলমের সন্ধান থেকে কখনো তৃপ্ত হয় না। দরস শেষ হওয়ার পর আমি বাড়ীতে ফিরে এলাম। তোমার শিক্ষক তোমার জন্য সুন্দর ভবিষ্যত তৈরী করতে চান।

